চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 87 Sunday, 26 February, 2023 ❋ ২৮ বর্ষ, ৮৭ সংখ্যা ❋ ১৩ ফাল্গুন, ১৪২৯, রবিবার, ২৬ ফেব্রুয়ারি, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

প্রশ্নফাঁস নিয়ে কারা 'অন্তর্ঘাতের' পিছনে?

মুখ খুললেন পর্ষদ সভাপতি

দুরন্ত বার্তা, হুগলি, ২৫ ফেব্রুয়ারিঃ সিস্টেমকে কালিমালিপ্ত করতেই মানুষকে বিভ্রান্ত করা হয়েছে। প্রশ্নফাঁস বিতর্কে এবার হুগলিতে এসে মুখ খুললেন মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। প্রশ্ন ফাঁস হয়নি, ঘটনাটি অন্তর্ঘাত এবং যেখান থেকে এই ঘটনা ঘটতে পারে সেটা ইতিমধ্যে চিহ্নিত করা হয়েছে বলে জানালেন তিনি। পর্ষদ সভাপতির কথায়, ''প্রশ্ন ফাঁসের কোনও বিষয় নেই। দুপুর ১টা ৪২ মিনিটে প্রশ্নপত্রের কয়েকটি পাতার ছবি দিয়ে প্ররোচনা দিয়েছে মাত্র।'' নাম না করে বিজেপি নেতাদের কটাক্ষ করে রামানুজ গঙ্গোপাধ্যায় সাফ বলেন, ''যদি কেউ বলে সকাল থেকে প্রশ্নপত্র ঘুরে বেড়াচ্ছে, তার দায় আমার নয়।

সিস্টেমকে কালিমালিপ্ত করতেই এটা করা হয়েছে। যারা এই ধরনের অন্তর্ঘাতের পক্ষে, যারা সিস্টেমকে কালিমালিপ্ত করে মানুষকে বিভ্রান্ত করছে,তাদের জন্য আমার কোনও সহানুভূতি নেই। আমরা সম্ভাবনাময় জায়গাগুলো চিহ্নিত করেছি। আমরা সেগুলো জেলা প্রশাসনকে জানিয়েছি। জেলা প্রশাসন ব্যবস্থা নিচ্ছে।'' এই অন্তর্ঘাতের পিছনে কাদের হাত রয়েছে, সেই বিষয়টি জেলা প্রশাসন নিশ্চিত করলেই প্রকাশ্যে জানানো হবে বলে জানিয়েছেন পর্ষদ সভাপতি। মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব বর্ধমান হয়ে এদিন হুগলিতে মাধ্যমিক পরীক্ষা পরিদর্শনে আসেন মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। হুগলির বলাগড়ের গুপ্তিপাড়া উচ্চ বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার ব্যবস্থাপনা দেখে সন্তোষ প্রকাশ করেন তিনি। বলেন, ''দু'দিনে ৭টি জেলার ১০-১২টি স্কুলে গিয়েছি। পরীক্ষা কেমন হচ্ছে দেখতে যাওয়ার প্রয়োজন ছিল। ঘুরে দেখলাম, ব্যবস্থাপনা পজিটিভ মানসিকতা নিয়ে করা হয়েছে।'' যদিও এবারে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা অনেকটাই কমেছে। এপ্রসঙ্গে কটাক্ষ করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী টুইট করেছেন, মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা কমছে এবং ভোটার সংখ্যা বাড়ছে। যদিও বিষয়টি নিয়ে এখনই কোনও মন্তব্য করতে নারাজ। পর্ষদ সভাপতি বলেন, ''মাধ্যমিক পরীক্ষার্থী কেন কমেছে এ নিয়ে বিশদে আলোচনা হয়েছে। পরীক্ষার সময় আর এ বিষয়ে আমার কোনও বক্তব্য নেই''। তবে পরীক্ষার্থীর সংখ্যা কমলেও বিভিন্ন জেলায় মাধ্যমিক পরীক্ষার ব্যবস্থাপনা নিয়ে সন্তুষ্ট রামানুজ গঙ্গোপাধ্যায়।

কেন্দ্র-রাজ্য সংঘাতের মধ্যেই সমগ্র শিক্ষা অভিযানে ২৭৫০ কোটি পেল রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ একদিকে বিভিন্ন প্রকল্পকে কেন্দ্র করে কেন্দ্র- রাজ্য আর্থিক টানাপড়েন চলছে। ১০০ দিনের গ্রামীণ প্রকল্পের টাকা কেন্দ্র রাজ্যকে দিচ্ছে না বলে অভিযোগ। প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনা টাকাও কেন্দ্র অনুমোদন করলে রিলিজ করেনি বলেও অভিযোগে সরব হয়েছে রাজ্য। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও কেন্দ্রের বিরুদ্ধে আর্থিক বঞ্চনার অভিযোগ তুলে সরব হয়েছেন বিভিন্ন প্রশাসনিক ও রাজনৈতিক সভা থেকে। তার মাঝেই কেন্দ্র থেকে আর্থিক বরাদ্দ পেল রাজ্য। সমগ্র শিক্ষা অভিযান খাতে ২৭৫০ কোটি টাকা কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক দিল রাজ্যকে। মূলত ২০২৩-২৪ অর্থবর্ষের জন্যই এই বিপুল টাকা বরাদ্দ করেছে রাজ্যকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক বলেই নবান্ন সূত্রে খবর। স্কুল শিক্ষা দফতর সূত্রের খবর, সমগ্র শিক্ষা অভিযান খাতে বরাদ্দ টাকার মধ্যে ৬০ শতাংশ দেয় কেন্দ্র, ৪০ শতাংশ টাকা দেয় রাজ্য। শুক্রবারই কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীনস্থ সমগ্র শিক্ষা মিশনের

আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করে রাজ্য। সেই ভার্চুয়াল বৈঠকেই রাজ্যের পক্ষ থেকে বিস্তারিত প্রেজেন্টেশন দেওয়া হয় কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের একাধিক আধিকারিকদের। রাজ্যের পক্ষ থেকে দেওয়া রিপোর্টে সন্তোষ প্রকাশ করে কেন্দ্র। তারপরেই আর্থিক বরাদ্দ দেওয়ার বিষয় অনুমোদন দেওয়া হয় কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের পক্ষ থেকে। সম্প্রতি রাজ্যে মিড ডে মিল কেমন চলছে তা নিয়ে কেন্দ্র-রাজ্য সম্মিলিত যৌথ পরিদর্শন দল আসে রাজ্যে। রাজ্যের একাধিক জেলা তাঁরা পরিদর্শন করেন। পরিদর্শন করার পর তাঁরা দিল্লি ফিরে গেলে তারপরে মিড ডে মিলের টাকা নিয়ে অডিট করার নির্দেশ দেওয়া হয়। তিন বছরের বরাদ্দ টাকার অডিট করার নির্দেশ দেওয়া হয়। তা নিয়েও শুরু হয় রাজনৈতিক বিতর্ক। তার মাঝেই সমগ্র শিক্ষা অভিযান খাতে কেন্দ্রীয় বরাদ্দ রাজ্য পাওয়ায় যথেষ্টই তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। নবান্ন সূত্রে খবর এই বরাদ্দের ৬০ শতাংশ অর্থাৎ প্রায় ১৪০০ কোটি টাকা দেবে কেন্দ্র। বাকি টাকা দেবে রাজ্য। সম্প্রতি ১৯৪৫ সালের আগে তৈরি হওয়া স্কুল গুলির পরিকাঠামো সংস্কারের জন্য কেন্দ্র প্রায় ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্যকে। তারপর ফের শিক্ষা খাতে এই বিপুল অঙ্কের বরাদ্দ অন্তত স্বস্তি দিচ্ছে রাজ্য স্কুল শিক্ষা দফতরকে।

বাড়ির সকলে দাদুর শেষকৃত্যে, কিশোরীকে মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দিলেন ইন্সপেক্টর

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ মাধ্যমিক পরীক্ষার মধ্যেই দাদুর মৃত্যু। বাড়ির সকলে গিয়েছেন অন্ত্যেষ্টিতে। মাধ্যমিক পরীক্ষার্থিনী কিশোরীকে পরীক্ষাকেন্দ্রে নিয়ে যাওয়ার মতো কেউ নেই। রাস্তায় দাঁড়িয়ে হাপুস নয়নে কাঁদছিল ছাত্রী। শেষে তার পাশে দাঁড়ালেন কলকাতা পুলিশের এক ওসি। তাঁর জন্যই নির্দিষ্ট সময়ে পৌঁছে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারল ওই ছাত্রী। কলকাতা পুলিশের ফেসবুক পেজে জানানো হয়েছে সেই ঘটনা সম্বন্ধে। বাহবা জানিয়েছেন নেটিজেনরা। ফেসবুক পেজে জানানো হয়েছে শনিবার সকাল ১১.২০ নাগাদ স্ট্র্যান্ড রোডে রাজা কাটরার কাছে টহল দিচ্ছিলেন হাওড়া ব্রিজ ট্রাফিক গার্ডের ওসি ইনস্পেকটর শৌভিক চক্রবর্তী। কর্তব্যরত অবস্থাতেই দেখতে পান স্কুল ইউনিফর্ম পরা এক কিশোরীকে। সে অঝোরে কাঁদছে। সাহায্য চাইছে এর ওর কাছে। তাকে জিজ্ঞাসা করে শৌভিক জানতে পারেন তার মাধ্যমিক পরীক্ষার আসন পড়েছে শ্যামবাজারের আদর্শ শিক্ষা নিকেতনে। কাঁদতে কাঁদতে কিশোরী জানায় সে নেতাজি

সুভাষ রোডের বাসিন্দা। তার পরিবারে সকলে দাদুর শেষকৃত্য সম্পন্ন করতে গিয়েছেন। বাড়ির এই পরিস্থিতিতে তার বেরতেও দেরি হয়েছে। ফলে সময়মতো পরীক্ষাকেন্দ্রে পৌঁছনো অসম্ভব হয়ে দেখা দেয় কার্যত। তাই সাহায্যের আশায় কাঁদতে কাঁদতে এদিক ওদিক ছুটোছুটি করছিল। পরিস্থিতি বুঝে কালক্ষেপ না করে নিজের গাড়িতে তুলে নেন শৌভিক। ট্রাফিক কন্ট্রোল রুমে খবর দিয়ে তৈরি করান গ্রিন করিডোর। রাস্তায় কোথাও কোথাও এক মুহূর্ত না থেমে বিদ্যুতের বেগে গাড়ি পৌঁছে যায় পরীক্ষাকেন্দ্রে। তখন ঘড়িতে বাজছে সাড়ে এগারোটা। ঘটনার নাটকীয়তায় বিস্ময়ে হতবাক ওই পরীক্ষার্থী। কিশোরীকে পরীক্ষার জন্য শুভেচ্ছা জানিয়ে ফের কাজে ফিরে যান ইনস্পেক্টর শৌভিক চক্রবর্তী। কলকাতা পুলিশের এই পদক্ষেপে অভিভূত নেটিজেনরা। তাঁরা কুর্নিশ জানিয়েছেন মানবিকতার এই মুখকে।

পুলিশ কর্মীর স্ত্রীকে পিষে দিল কলকাতা পুরসভার ডাম্পার, দেহ ছেঁচড়ে নিয়ে গেল ১০০ মিটার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ ডাম্পারে পিষ্ট হয়ে মৃত্যু হল এক মহিলার। শনিবার সকালে মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে কলকাতার ডি এল খান রোডে। ডাম্পারটি ছিল কলকাতা পুরনিগমের। তারই চাকায় পিষ্ট হয়ে যান বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের দাবি, প্রায় ১০০ মিটার পর্যন্ত এই মহিলাকে হিঁচড়ে নিয়ে যায় ডাম্পারটি। ঘটনাস্থলেই মৃত্যু ওই মহিলার। তিনি ডি এল খান রোড সংলগ্ন বিদ্যাসাগর কলোনির বাসিন্দা বলে জানা গিয়েছে। বেপরোয়াভাবে ডাম্পারটি চালানো হচ্ছিল বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে ডি এল খান রোডে। এলাকার বাসিন্দাদের দাবি, গাড়িগুলি সিগনাল মানে না। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। তাকে ঘিরে চরম বিক্ষোভ চলছে এলাকায়। ডি এল খান রোডে অবরোধও করেন বাসিন্দারা। মৃতার নাম মায়া রায়, বয়স ৬১। জানা গিয়েছে, কলকাতা পুরসভার ডাম্পারটি ধনধান্য সেতুর দিক থেকে রেসকোর্সের দিকে যাচ্ছিল। সেই সময় রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলেন ওই

মহিলা। বিদ্যাসাগর কলোনির বাসিন্দা। প্রতি শনিবার করেই রাস্তার শেষ প্রান্তে থাকা একটি মন্দিরে পুজো দিতে যেতেন তিনি। এদিনও সকালবেলা পুজো দিতেই যাচ্ছিলেন। তখনই এই ঘটনা ঘটে। দ্রুতগতিতে আসা গাড়িটির সামনে পড়ে যান ওই মহিলা। ডাম্পারটি বেশ খানিকটা রাস্তা হিঁচড়ে নিয়ে যাওয়ার পর ওই মহিলার মাথার ওপর দিয়ে চলে যায় বলে অভিযোগ। মায়া দেবীর স্বামী কলকাতা পুলিশের অবসরপ্রাপ্ত কর্মচারী বলে জানা গিয়েছে। ডিজি সাউথ আকাশ মাঘারিয়া ঘটনাস্থলে পৌঁছলে তাঁকে ঘিরে চলে বিক্ষোভ। এক বাসিন্দা বলেন, ''দিনের পর দিন ঝুঁকি নিয়ে চলতে হয় আমাদের। এখানে কোনও বাস ঢুকতে দেওয়া হয় না। বড় বড় ডাম্পার যাওয়া-আসা করে। আমাদের কোনও নিরাপত্তা নেই। কোনও নিয়ম নেই। সিগন্যাল মানে না কোনও গাড়ি।''

দু'দিনের সফরে ভারতে এসেছেন জার্মান চ্যান্সেলর ওলাফ শোলজ। শনিবারই ভারতে পা রেখেছেন তিনি। রাষ্ট্রপতি ভবনে সাদরে আমন্ত্রণ জানানো হয়েছে তাঁকে। এই সফরকালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেন তিনি। এই সফরকালে মোদি দিলেন তাঁকে উপহার। সূত্রের খবর, জার্মানির চ্যান্সেলরকে মেঘালয় ও নাগাল্যান্ডের সাংস্কৃতিক ও ঐতিহ্যবাহী হস্তশিল্প উপহার দিয়েছেন নরেন্দ্র মোদি। তিনি স্মৃতি হিসেবে দিয়েছেন মেঘালয় ও নাগাল্যান্ডের শাল। তাঁদের এই দ্বিপাক্ষিক আলোচনায় ভারত-জার্মান বাণিজ্য ও দ্বিপাক্ষিক সম্পর্কের প্রসঙ্গ উঠে এসেছে।

যোগ্য প্রার্থীদের চাকরি দেওয়ার প্রক্রিয়া শুরু এসএসসি-র, মার্চেই কাউন্সেলিং

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ গ্রুপ ডি-তে বাতিল হওয়া শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরু। প্রথম পর্যায়ে ডেকে পাঠানো হল ৪০ জনকে। ওএমআর শিট বিকৃত করার অভিযোগে হওয়া মামলায় স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ ডি পদে ১৯১১ জনের চাকরি বাতিল করা হয়েছে। সেই সব শূন্যপদে অবিলম্বে নিয়োগের নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। সেই মতো প্রক্রিয়া শুরু করল কমিশন। ২৭ তারিখ কাউন্সেলিংয়ের ইন্টিমেশন লেটার ডাউনলোড করতে হবে চাকরি প্রার্থীদের। ২ মার্চ থেকে কাউন্সেলিং-এর জন্য হাজির হতে হবে নির্দিষ্ট দফতরে। মূলত ওয়েটিং লিস্ট বা অপেক্ষমান তালিকা থেকেই নিয়োগ করার কথা বলা হয়েছিল। এর ফলে অনেক বঞ্চিত প্রার্থী চাকরি পাবেন বলে মনে করা হচ্ছে। যাঁদের চাকরি বাতিল হয়েছে, তাঁরা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হলেও চাকরি বাতিলের নির্দেশে কোনও স্থগিতাদেশ দেওয়া হয়নি। শুধুমাত্র বেতন ফেরানোর যে নির্দেশ ছিল সিঙ্গল বেঞ্চের, সেই নির্দেশে স্থগিতাদেশ দেওয়া হয়। ইতিমধ্যেই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন চাকরি খোয়াতে বসা সেই গ্রুপ ডি কর্মীরা। আগামী ৩ মার্চ তাঁদের স্পেশাল লিভ পিটিশনের শুনানি হবে সুপ্রিম কোর্টে। তবে কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার আগেই জানিয়েছিলেন, নতুন নিয়োগের ক্ষেত্রে কমিশন তাড়াহুড়ো করতে চায় না। আবার যাতে কোনও ভুল না হয়ে যায়, সে ব্যাপারেও সতর্ক কমিশন। তাই ধাপে ধাপে এগোবে ১৯১১ টি পদের নিয়োগ প্রক্রিয়া। মূলত ওএআর শিটের নম্বর বিকৃতির অভিযোগেই এই চাকরি বাতিল হয়। হাইকোর্টে স্কুল সার্ভিস কমিশনের তরফে হলফনামা দিয়ে জানানো হয়েছিল, ২৮২৩ নাইসার রেকর্ডে ছিল। ৪ জনকে শনাক্ত করা যায়নি। এদের মধ্যে ১৯১১ জনের নম্বর এসএসসির সার্ভারে বেশি ছিল। এই ১৯১১ জনের সুপারিশ সঠিক ছিল না। সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতেই চাকরি বাতিলের নির্দেশ দেওয়া হয়।

কংগ্রেসের নেতৃত্বেই হতে হবে বিরোধী জোট, বার্তা খাড়্গের

রায়পুর, ২৫ ফেব্রুয়ারিঃ লোকসভা নির্বাচন যত এগিয়ে আসছে ততই বদলে যাচ্ছে রাজনৈতিক সমীকরণগুলি। ২৪-র নির্বাচনের লক্ষ্যে এখন থেকেই কোমর কষছে শাসক ও বিরোধী শিবির উভয়েই। এদিকে কেন্দ্রে বিজেপির পুনরায় ক্ষমতায় আসা রুখে দিতে বিভিন্ন সময়ে বিরোধী দলগুলির জোট প্রসঙ্গ উঠে এসেছে। তবে কংগ্রেস বনাম তৃণমূল মান অভিমানের পালায় বারবার নস্যাৎ হয়েছে সেই জোটের সম্ভাবনা। এবার সব সমমনস্ক দলকে এক ছাতার তলায় আসার বার্তা দেওয়া হল কংগ্রেসেরই তরফে। কংগ্রেসের তরফে জানানো হয়েছে, বিজেপির বিরুদ্ধে দেশকে নেতৃত্ব দিতে পারে কেবলমাত্র কংগ্রেসই। কোনও তৃতীয় ফ্রন্ট কেন্দ্রে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোটকে কেবলমাত্র সুবিধাই পাইয়ে দেবে। ছত্তীসগড়ের রায়পুরে ৮৫ তম প্লেনারি অধিবেশন চলছে। আজ ছিল তার দ্বিতীয় দিন। কেন্দ্র থেকে বিজেপিকে হঠাতে শনিবার কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে এই অধিবেশন থেকে সমমনস্ক দলগুলিকে একত্রিত হওয়ার ডাক দেন। খাড়্গে তাঁর উদ্বোধনী ভাষণে বলেছেন, ''কংগ্রেস দেশের একমাত্র দল যা দেশকে যোগ্য এবং নির্ণায়ক নেতৃত্ব দিতে পারে। ২০০৪ থেকে ২০১৪ সাল পর্যন্ত সমমনস্ক দলগুলোর সঙ্গে আমাদের জোট কার্যকরভাবে দেশের জনগণের পরিষেবা দিয়েছে। আমরা আবারও

জনবিরোধী বা অগণতান্ত্রিক বিজেপি সরকারকে পরাজিত করতে সমমনস্ক দলগুলির সঙ্গে জোটবদ্ধ হয়ে একটি কার্যকর বিকল্প তৈরির অপেক্ষায় রয়েছি।'' তিনি এ দিন বলেছেন, ''ধর্মনিরপেক্ষ ও সমাজতান্ত্রিক শক্তির ঐক্য হবে কংগ্রেসের ভবিষ্যতের প্রতীক। কংগ্রেসের উচিত সমমনস্ক ধর্মনিরপেক্ষ শক্তিগুলিকে চিহ্নিত করা, একত্রিত করা এবং একত্রিত করার জন্য সর্বাত্মক চেষ্টা করা। আমাদের উচিত ধর্মনিরপেক্ষ আঞ্চলিক শক্তিগুলিকে অন্তর্ভুক্ত করা যারা আমাদের মতাদর্শের সঙ্গে একমত। অভিন্ন মতাদর্শগত ভিত্তিতে এনডিএ-কে মোকাবিলা করার জন্য একটি ঐক্যবদ্ধ বিরোধী দলের জরুরি প্রয়োজন রয়েছে। যে কোনও তৃতীয় শক্তির উত্থান বিজেপি ও এনডিএকে সুবিধা দেবে।'' এদিকে এই অধিবেশন থেকে বলেছেন, তিনি বলেন, ''বর্তমান কঠিন পরিস্থিতিতে কংগ্রেসই দেশের একমাত্র দল যারা যোগ্য ও নির্ণায়ক নেতৃত্ব দিতে পারে।'' প্রসঙ্গত, সম্প্রতি আঞ্চলিক দলগুলি লোকসভা নির্বাচনের জন্য কংগ্রেস ছাড়া তৃতীয় ফ্রন্ট তৈরির দাবি তুলছিল। সেই সময়ে এহেন মন্তব্য খাড়্গের। যেমন তেলঙ্গানার মুখ্যমন্ত্রী তথা ভারত রাষ্ট্র সমিতির সভাপতি কে চন্দ্রশেখর রাও একাধিক বিরোধী ধলের সঙ্গে বৈঠক করেছেন। যেমন সম্প্রতি বিজেপি বিরোধী জোট গড়তে মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকর ও এনসিপি নেতা শরদ পাওয়ারের সঙ্গে বৈঠক করেছেন তিনি। তবে শরদ পাওয়ার স্পষ্ট করেছেন কোনও বিকল্প ফ্রন্ট থেকে কংগ্রেসকে বাদ দেওয়া যাবে না।

ওড়িশায় পথ দুর্ঘটনায় মৃত রাজ্যের ৭ শ্রমিক, সমস্ত রকম সহযোগিতার আশ্বাস মুখ্যমন্ত্রীর

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগণা, ২৫ ফেব্রুয়ারিঃ ভয়াবহ দুর্ঘটনার কবলে উত্তর ২৪ পরগনার পোল্ট্রি ব্যবসায়ীরা, ওড়িশায় মৃত ৭। মৃত ব্যক্তিদের মধ্যে তিনজন একই পরিবারের ও বাকিরা একই গ্রামের বাসিন্দা। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা

বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে রাজ্য সরকার ইতিমধ্যেই ওড়িশা সরকার ও সংশ্লিষ্ট পরিবারের সকলের সঙ্গে যোগাযোগ করেছে এবং মৃতদেহগুলি তাঁদের বাড়িতে নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি এই সংক্রান্ত সব রকমের সহযোগিতা করছে রাজ্য সরকার। মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিষয়ে সকল রকম যোগাযোগের জন্য বনদফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতিপ্রিয় মল্লিককে দায়িত্ব দিয়েছেন। ওড়িশার দুর্ঘটনায় রাজ্যের সাতজন শ্রমিকের মৃত্যু। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উদ্বেগ প্রকাশ করে গোটা বিষয়টি নিয়ে জ্যোতিপ্রিয় মল্লিককে দায়িত্ব দেওয়া হয়েছে। বিবৃতি দিয়ে জানিয়েছে নবান্ন। উত্তর ২৪ পরগনার বসিরহাটের মাটিয়া থানার নেহালপুর গ্রাম পঞ্চায়েত সর্দার পাড়া থেকে শনিবার বিকেল তিনটের সময় পোল্ট্রি ব্যবসায়ীরা একটি আইসার গাড়ি নিয়ে ওড়িশার দিকে রওনা হয়েছিল। মুরগির বাচ্চা আনতে। এদিন ভোর চারটে নাগাদ ওড়িশার জাজপুর জেলার ধর্মশালা থানার চন্ডিপুর জাতীয় সড়ক রাস্তার ধারে গাড়ির মধ্যে চালক খালাসি-সহ ৭ জন বিশ্রাম নিচ্ছিলেন। সেই সময় পিছন দিক থেকে একটি ডাম্পার সজোরে ধাক্কা মারে। গাড়িটি পুরো ক্ষতিগ্রস্ত হয়। স্থানীয় বাসিন্দারা দ্রুতই সাত জনকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে ৭ জনকেই মৃত্যু বলে ঘোষণা করে চিকিৎসকেরা। মৃতদের নাম আমজাদ আলি সর্দারের বয়স ২৮, জাহাঙ্গীর সর্দার বয়স ৪০, কারিম সদ্দার ২৫, আমিরুল সর্দার ২৬, আরিপ সরদার ২৬, টিংকু সর্দার ৩০, সুরজ মন্ডল ৪৯। কি কারণে দুর্ঘটনা? ঘন কুয়াশা তারপর পিছন দিক থেকে ডাম্পার সজোরে ধাক্কা গাড়িতে! এই কারণে দুর্ঘটনা না ডাম্পার নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় দাঁড়িয়ে থাকা পোল্ট্রি ব্যবসায়ীদের গাড়িতে সজোরে ধাক্কা! সবটাই তদন্ত শুরু করেছে ধর্মশালা পুলিশের আধিকারিকরা। এই খবর মাটিয়ার নেহালপুরের সরদার পাড়ায় পৌঁছাতে শোকের ছায়া নেমে পড়েছে গ্রামে। প্রত্যেকের বয়স ২০ থেকে ৪৫ বছরের মধ্যে কেউ স্বামী আবার কেউ ছেলে হারিয়ে শেষ সম্বল চলে গেছে আবার কেউ স্বামী আবার নিকট আত্মীয় হারিয়ে কান্নায় ভেঙে পড়েছে গোটা গ্রাম শোকের ছায়া নেমে পড়েছে, পরিবারের বাড়িতে যান, দক্ষিণবঙ্গ পরিবহন সংস্থার সচিব এটিএম আব্দুল্লাহ রনি। মৃতদেহ আনতে রওনা দিয়েছে মৃতের পরিবারের লোকজন।

টানা আট ডার্বি জয় এটিকে মোহনবাগানের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ এমন দিনে ঘরে থাকা যায়! কর্তাদের উপর যতই অসন্তোষ থাক, সমর্থকরা প্রিয় দলের থেকে পুরোপুরি মুখ ফিরিয়ে রাখতে পারলেন না। দু-দলের সমর্থকই হাজির ছিলেন। সংখ্যাটা ক্রমশ বাড়ল। চিরাচরিত রূপেই। প্রিয় দলের জার্সি, ফ্ল্যাগ, ফেস্টুন, ব্যানার। গালে পতাকা। গ্যালারি থেকে প্রিয় দলের জন্য গলা ফাটালেন। মুম্বই সিটি এফসির মতো শক্তিশালী দলকে তাদের ডেরায় হারিয়ে এসেছে ইস্টবেঙ্গল। অন্য দিকে, ঘরের মাঠে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে প্লে-অফ নিশ্চিত করে রেখেছে এটিকে মোহনবাগান। ইস্টবেঙ্গলের প্লে-অফ সম্ভাবনা অনেক আগেই শেষ হয়ে গিয়েছিল। ফলে এই ম্যাচ জিতে সমর্থকদের কাছে টানাই মূল লক্ষ্য ছিল লাল-হলুদ শিবিরের। তবে পয়েন্ট টেবলে বিশেষ পার্থক্য হবে না জেনে কিছুটা হলেও খোলা মনে খেলার সুযোগ ছিল দু-দলের কাছেই। ম্যাচের প্রথম ১৫ মিনিটের মধ্যেই তিনটি ফ্রি-কিক। এর মধ্যে দুটি এটিকে মোহনবাগানের পক্ষে।

যদিও স্কোর লাইনে কোনও প্রভাব পড়েনি। তুলনামূলক ভাবে বেশি সুযোগ তৈরি করেছিল এটিকে মোহনবাগান। যদিও প্রথমার্ধ গোলশূন্যই। গত ম্যাচে মুম্বই সিটি এফসির বিরুদ্ধে ক্লিনশিট রেখেছিল ইস্টবেঙ্গল। এটিকে মোহনবাগানের বিরুদ্ধেও প্রথমার্ধে তাদের ডিফেন্স দারুণ প্রতিরোধ গড়েছে। দ্বিতীয়ার্ধের শুরুতে অবশ্য দারুণ একটি সুযোগ তৈরি করেছিল এটিকে মোহনবাগান। বক্সের মধ্যে আশিক কুরুনিয়ানের থ্রু বল, পেত্রাতোসের জমি ঘেসা শট, পোস্টের তলায় লেগে বাইরে বেরিয়ে যায়। ম্যাচের সেরা সুযোগও বলা যায়। ক্রমশ ইস্টবেঙ্গল ডিফেন্সে চাপ তৈরি করে এটিকে মোহনবাগান। অবশেষে গোল এল ম্যাচের ৬৮ মিনিটে। গ্যালারিতে শব্দব্রহ্ম। গোলের মুভ তৈরি হয় কর্নার থেকে। দিমিত্রি পেত্রাতোস কর্নার নেন। মনবীরের বুদ্ধিদীপ্ত ব্যাকহিল। স্লাভকো দামিয়ানোভিচ হেডে গোল করার করার চেষ্টা করেন। বল পোস্টে লাগে। ফিরতি বল তাঁর পায়েই আসে। পায়ের টোকায় এটিকে মোহনবাগানকে এগিয়ে দেন। সেলিব্রেশনে জার্সি খোলায় হলুদ কার্ড দেখেন স্লাভকো। একটি গোল পেতেই আরও মরিয়া হয়ে ওঠে এটিকে মোহনবাগান। নির্ধারিত সময়ের শেষ মহূর্তে স্কোর লাইন ২-০ করেন দিমিত্রি পেত্রাতোস। কিয়ান নাসিরির শট আটকে দেন ইস্টবেঙ্গল গোলরক্ষক কমলজিৎ সিং। ফিরতি বলে জোরালো শট এবং গোল পেত্রাতোসের। এর পর আর স্কোর লাইনে কোনও বদল হয়নি। টানা আটটি ডার্বি জয় এটিকে মোহনবাগানের। পাশাপাশি তিন পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবলে তৃতীয় স্থানও নিশ্চিত করল এটিকে মোহনবাগান।

মুখ্যমন্ত্রীর অনুষ্ঠানে আর রান্না করা খাবার পরিবেশন করা যাবে না, নির্দেশ মুখ্যসচিবের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারিঃ জেলা স্তরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কোনও প্রশাসনিক বৈঠকে আর রান্না করা খাবার পরিবেশন করা যাবে না বলে স্পষ্ট জানিয়ে দিলেন মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী। শনিবার নবান্ন থেকে সব জেলার জেলা শাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেছেন মুখ্যসচিব। সূত্রের খবর, সেই বৈঠকেই এই নির্দেশের কথা সাফ জানিয়েছেন। কেন এই নির্দেশ? বৈঠকে মুখ্যসচিব বলেছেন, বিভিন্ন জেলায় গিয়ে মুখ্যমন্ত্রী যখন পরিষেবা প্রদান অনুষ্ঠান করছেন, তখন দেখা যাচ্ছে অনেক জেলা শাসক সেখানে ছাত্রছাত্রী বা উপভোক্তাদের জন্য রান্না করা খাবারের ব্যবস্থা করছেন। কিন্তু সেই সব রান্না বা খাবার নিয়ে নবান্নে অভিযোগ আসছে। মুখ্য সচিব বলেন, অত লোকের একসঙ্গে রান্না করতে গেলে অনেক সময়ে গুণমান ঠিক রাখা যাচ্ছে না। তাতে ভাল করতে গিয়ে মন্দ হচ্ছে। তার চেয়ে ভাল হল প্যাকেজড ড্রাই খাবার দেওয়া। তবে দেখে নিতে হবে সেই সব খাবারের এক্সপায়ারি ডেট ইত্যাদি দেখে নিতে হবে।

মন-কি-বাত অনুষ্ঠানের ৯৮-তম পর্ব রবিবার, দেশবাসীর সঙ্গে মনের কথা ভাগ করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার, ২৬ ফেব্রুয়ারি মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের মনের কথা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ৯৮তম পর্ব। রবিবার বেলা ১১-টায় আকাশবাণী ও দূরদর্শনে প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন-কি-বাত অনুষ্ঠানে জনগণের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।এটি হবে মন-কি-বাত অনুষ্ঠানের ৯৮-তম পর্ব। প্রধানমন্ত্রীর মন-কি-বাত অনুষ্ঠান শোনা যাবে আকাশবাণী ও দূরদর্শনের প্রায় সবকটি প্রচার তরঙ্গে বেলা ১১-টা থেকে। এছাড়াও পিএমও, এআইআর, নিউজ, ডিডি নিউজ, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রীর মনের কথা শোনার জন্য দেশবাসীও যথেষ্ট উদগ্রীব থাকেন। এবার প্রধানমন্ত্রী কী বার্তা দেন, তা জানার অপেক্ষায় গোটা দেশ।

প্রয়াগরাজের ঘটনায় শুন্য-সহনশীলতা নিয়ে কাজ করছে সরকারঃযোগী, তীব্র আক্রমণ অখিলেশের

লখনউ, ২৫ ফেব্রুয়ারি ঃ প্রয়াগরাজের ঘটনায় শুন্য-সহনশীলতা নিয়ে কাজ করছে উত্তর প্রদেশ সরকার। শনিবার বিধানসভায় দাঁ।য়ে জানালেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। পাল্টা সরকারের তীব্র সমালোচনা করেছেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। অখিলেশ বলেছেন, পুলিশ সম্পূর্ণ ব্যর্থ এবং বিজেপিই দায়ী। শনিবার মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, প্রয়াগরাজের ঘটনায় শুন্য-সহনশীলতা নিয়ে কাজ করছে সরকার। কিন্তু যে অপরাধী ঘটনার সঙ্গে জড়িত, তাকে কি সমাজবাদী পার্টি লালন-পালন করেনি? সমাজবাদী পার্টি কী তাকে সাংসদ করেনি? আমরা এই মাফিয়াদের রেহাই দেব না। যোগী আরও বলেছেন, যে মাফিয়া এই কাজ করেছে সে এখন রাজ্য থেকে পলাতক, মাফিয়া যেই হোক, আমাদের সরকার রাজ্যে 'মাফিয়া রাজ' থাকতে দেবে না।পাল্টা সরকারের তীব্র সমালোচনা করেছেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব বলেছেন, যেভাবে বোমা বিস্ফোরণ ঘটানো হয়েছে, তাতে এটা স্পষ্ট যে এই সরকার পুরোপুরি ব্যর্থ হয়েছে এবং গ্যাং ওয়ার-এর মতো পরিস্থিতি তৈরি হয়েছে। এটাই কী রামরাজ্য যেখানে প্রকাশ্যে গুলি চালানো হচ্ছে? পুলিশ সম্পূর্ণ ব্যর্থ এবং বিজেপি দাযী।উল্লেখ্য, ২০০৫ সালে উত্তর প্রদেশে বহুজন সমাজ পার্টির (বিএসপি) বিধায়ক রাজু পাল খুন হয়েছিলেন। অভিযোগ উঠেছিল কুখ্যাত দুস্কৃতী তথা প্রাক্তন সাংসদ আতিক আহমেদের বিরুদ্ধে। সেই মামলার সাক্ষী ছিলেন উমেশ পাল। তাঁর জীবনহানি হওয়ার আশঙ্কায় প্রশাসন থেকে দু'জন পুলিশ কর্মীকে দেহরক্ষী হিসেবে নিয়োগ করা হয়েছিল। পুলিশ সূত্রে খবর, শুক্রবার একটি সাদা রঙের এসইউভিতে বাড়ির সামনে এসে দাঁড়ান উমেশ। রাস্তার ভিড়ের মধ্যে মিশে ছিল হামলাকারীরা। উমেশ গাড়ি থেকে নামতেই এক দুস্কৃতী পিছন থেকে এসে গুলি চালায়। গুলিবিদ্ধ অবস্থায় দৌড়ে একটি গলির মধ্যে ঢুকে যান উমেশ। কিন্তু শেষরক্ষা হয়নি। দুই দেহরক্ষীর উপর গুলি চালিয়ে উমেশকে পর পর গুলি করে খুন করা হয়। তার পই বোমা ছুড়তে ছুড়তে এলাকা ছাড়ে দুস্কৃতীরা। উমেশের পাশাপাশি এক পুলিশ কর্মীও প্রাণ হারিয়েছেন।প্রয়াগরাজের সিপি রমিত শর্মা বলেছেন, বেশ কয়েকটি মামলার প্রধান সাক্ষী উমেশ পালকে গুলি করে হত্যা করা হয়েছে এবং শুক্রবার প্রয়াগরাজের সুলেম সারায় এলাকায় শুটআউটে তাঁর দুই পুলিশ বন্দুকধারী গুরুতর আহত হন। উমেশ ও বন্দুকধারীদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ও বোমা নিক্ষেপ করে দুস্কৃতীরা। গুরুতর আহতদের প্রাথমিক চিকিৎসার জন্য এসআরএন হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় উমেশের মৃত্যু হয়। পরে একজন পুলিশ বন্দুক ধারীর মৃত্যু হয়। আমরা এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছি। তদন্ত চলছে। প্রয়াগরাজ পুলিশ জানিয়েছে, উমেশ পাল হত্যা মামলায় অর্ধ ডজনের বেশি সন্দেহভাজনকে আটক করেছে পুলিশ। এর মধ্যে রয়েছে গ্যাংস্টার আতিক আহমেদের দুই ছেলে। উমেশ পালের নিরাপত্তায় নিয়োজিত এক পুলিশ সদস্যও নিহত হয়েছেন এবং একজন আহত অবস্থায় চিকিৎসাধীন।

উদ্ধবের সঙ্গে বৈঠক করতে মাতোশ্রী গেলেন কেজরীওয়াল

মুম্বই, ২৫ ফেব্রুয়ারি ঃ মুখ্যমন্ত্রিত্ব এবং দলের দখলদারী হারিয়ে মহারাষ্ট্রের রাজনীতিতে কোণঠাসা হয়ে পড়েছেন শিবসেনা (বালাসাহেব ঠাকরে) নেতা উদ্ধব ঠাকরে। এ বার জাতীয় রাজনীতিতে বিরোধীদের একত্রিত করতে সক্রিয় হয়েছেন তিনি। শুক্রবার আম আদমি পার্টি (আপ)-র প্রধান অরবিন্দ কেজরীওয়াল এবং দলের অন্যতম নেতা তথা পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মানের সঙ্গে বৈঠক করলেন তিনি।আপ সাংসদ রাঘব চড্ডা এবং সঞ্জয় সিংহ ছিলেন শুক্রবার মুম্বইয়ে উদ্ধবের বাসভবন মাতোশ্রীতে আয়োজিত ওই চা-পান বৈঠকে। উদ্ধবের ছেলে তথা মহারাষ্ট্রের প্রাক্তন মন্ত্রী আদিত্য বৈঠকের কথা জানিয়ে টুইটারে লেখেন, 'অরবিন্দজিকে স্বাগত জানিয়েছি। দেশকে কী ভাবে শক্তিশালী করা যায়, তা নিয়ে আলোচনা করেছি।''উদ্ধবের সঙ্গে বৈঠকের পর কেজরীওয়াল বলেন, 'অতিমারির সময় উদ্ধবজি যখন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রিত্ব সামলাচ্ছিলেন, তখন তাঁর কাছ থেকে আমরা পরিস্থিতি মোকাবিলার অনেক কৌশল শিখেছি। সফল ভাবে দিল্লিতে তা প্রয়োগও করেছি। আজ দেশের পরিস্থিতি চিন্তাজনক। তরুণেরা চাকরি পাচ্ছেন না। তাঁরা পদে পদে সমস্যায় পড়ছেন। লাগাতার মূল্যবৃদ্ধি মানুষের আয়কে গিলে ফেলেছে। তবুও আয় বাড়ছে না। শুধু খরচ বাড়ছে।'' আপ প্রধানের অভিযোগ, নরেন্দ্র মোদী সরকারের জনবিরোধী নীতির জন্যই সমস্যা বাড়ছে দেশে।

ইন্ডিয়া ডায়ালগ সম্মেলনে প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদে আইএফসি দ্বারা পেশ হওয়া মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্ট প্রকাশ করেন ডঃ বিবেক দেবরয়

নয়াদিল্লি,২৫ফেব্রুয়ারিঃপ্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান ডঃ বিবেক দেবরয় মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্ট প্রকাশ করেন। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর কম্পিটিটিভনেস অ্যান্ড ইউএস-ইন্ডিয়া টেকনলজি ম্যানেজমেন্ট সেন্টার আয়োজিত দ্য ইন্ডিয়া ডায়ালগ-এ ২৩ ও ২৪ ফেব্রুয়ারি রিপোর্টটি প্রকাশ করা হবে। মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্টের দ্বিতীয় সংস্করণে আলোকপাত করা হয়েছে যে প্রাথমিক সাক্ষরতা অর্জনের ক্ষেত্রে ভাষা হল একটি মূল প্রাতিষ্ঠানিক দক্ষতা ও গুরুত্বের দিক। রাজ্য এবং কেঃদ্রশাসিত অঞ্চলগুলিতে শিশু-শিক্ষার সুযোগ এবং তার ফলাফল নিয়ে জাতীয় সাফল্য সমীক্ষা (এনএএস) এবং ভিত্তিগত শিক্ষণ সমীক্ষা (এফএলএস), ২০২২ নিয়ে একটি বিশেষ অধ্যায় এই রিপোর্টে অন্তর্ভুক্ত হয়েছে। রাজ্য পরিচিতি এবং সীমান্ত থেকে তাদের দূরত্বের নিরিখে যোগ্যতা নির্ণয় ও মৌলিক শিক্ষার ক্ষেত্রে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির অগ্রগতির নিরিখ এতে জায়গা পেয়েছে। মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্টের দ্বিতীয় সংস্করণে শিক্ষার মাধ্যম হিসেবে ভাষার গুরুত্ব তুলে ধরা হয়েছে। যথাযথ মূল্যায়ন এবং নির্দেশনামার মাধ্যমে শিক্ষার অগ্রগতি ও তার সাফল্যের ওপর আলোকপাত করা হয়েছে। শিশুদের দক্ষ পাঠক হয়ে উঠতে মৌলিক ধারণার দিকগুলি এতে প্রস্ফুটিত হয়েছে এবং বহু ভাষার পরিবেশের মধ্যে যে দূরবর্তী চ্যালেঞ্জের তারা সম্মুখীন হয়, তার ওপর আলোকপাত করা হয়েছে। মূলগতভাবে দেখানো হয়েছে যে শিশুদের পরিচিত ভাষায় শিক্ষাদান অনেক কার্যকরী এবং সফল উপায় হয়ে উঠতে পারে। সংখ্যাগত পরিচিতির ক্ষেত্রেও এন আইপিইউএন-এর উল্লেখিত পথে মৌলিক শিক্ষার লক্ষ্য অর্জনে রাজ্যস্তরে এবং জাতীয় স্তরে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের যৌথ প্রয়াস রূপায়ণের বিভিন্ন উদ্যোগের ফলপ্রসূ দিক এই রিপোর্টের একটি পরিচ্ছদে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে। ২০২৬-২৭-এর মধ্যে সার্বিক মৌলিক শিক্ষা অর্জনের সাফল্যের ক্ষেত্রে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির কাছে এই রিপোর্ট একটি মাপকাঠি হতে পারে। পুষ্টির ভূমিকা, ডিজিটাল প্রযুক্তির সুযোগ এবং ভাষা-কেন্দ্রিক শিক্ষাদান পদ্ধতির বিভিন্ন দিক এই রিপোর্টে উল্লেখ রয়েছে।এই রিপোর্টটি তৈরি করেছেন ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেস-এর কর্ণধার ডঃ অমিত কাপুর, গবেষক শ্রীমতী নাতালিয়া চাকমা এবং ঐ প্রতিষ্ঠানের রিসার্চ ম্যানেজার শিন যুসি।রুম টু রিড-এর সিইও শ্রীমতী গীতা মুরলী তাঁর মূল ভাষণে বলেন, মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি দেশের স্বাস্থ্য ও আর্থিক সমৃদ্ধির সঙ্গে প্রত্যক্ষভাবে জা।তি।ইউএসএআইডি-র ডেপুটি ইন্ডিয়া মিশন অধিকর্তা শ্রী কারেন কিমোস্কি বলেন যে এই কর্মসূচিকে অর্থপূর্ণ করে তোলার ক্ষেত্রে সমাজে দীর্ঘস্থায়ী ভিত্তিতে তা কতখানি সুস্থায়ী প্রভাব বিস্তার করছে তার ওপর আলোকপাত করা দরকার। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের লেকচারার, ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেস-এর চেয়ারম্যান ডঃ অমিত কাপুর বলেন, প্রত্যেক শিশুর ক্ষেত্রে সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি প্রাথমিক শিক্ষার মূল ভিত্তি। তার কারণ, এগুলিই তাকে ভবিষ্যতের নাগরিক হিসেবে গা।ে তোলে।প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান ডঃ বিবেক দেবরয় সমাপ্তি ভাষণে বলেন যে শিক্ষার চক্রব ক্ষেত্রে মৌলিক শিক্ষা একটি অঙ্গস্বরূপ। এই সমীক্ষার জন্য তিনি ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেসকে সাধুবাদ জানান।প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের যুগ্ম সচিব পবন সাঁই, মেন্টর টুগেদার-এর সিইও এবং প্রতিষ্ঠাতা অরুন্ধুতি গুপ্তা এবং মোতওয়ানি জাদেজা ফার্উন্ডেশনের প্রতিষ্ঠাতা আশা জাদেজা অন্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

রাশিয়া কখনও ইউক্রেনকে জয় করতে পারবে নাঃজো বাইডেন

ওয়ারশ, ২৫ ফেব্রুয়ারি ঃ রাশিয়া কখনও ইউক্রেনকে জয় করতে পারবে না। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে হুঁশিয়ারি দিয়ে জানিয়ে দিলেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। পোল্যান্ডের ওয়ারশ-এ বাইডেন বলেছেন, ইউক্রেন কখনই রাশিয়ার বিজয় হবে না, কখনই না। বোমা পড়তে শুরু করার এক বছর পর, রাশিয়ান ট্যাঙ্কগুলি গড়িয়ে পড়তে শুরু করেছে, ইউক্রেন এখনও স্বাধীন এবং মুক্ত।মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আরও বলেছেন, ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের এক বছর পরও, শক্তিশালী, গর্বিত, দৃঢ় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে কিযেভ় মুক্ত হয়ে দাঁড়িয়ে রয়েছে। রাশিয়াকে হুঁশিয়ারি দিয়ে বাইডেন বলেছেন, আমেরিকা এবং ইউরোপের দেশগুলি রাশিয়াকে নিযন্ত্রণ অথবা ধ্বংস করতে চায় না, পশ্চিমী দেশগুলি রাশিয়াকে আক্রমণ করার পরিকল্পনা করেনি, যেমন পুতিন বলেছিলেন। লক্ষ লক্ষ রাশিয়ান নাগরিক যারা নিজেদের প্রতিবেশীদের সঙ্গে শান্তিতে থাকতে চায় তারা শত্রু নয়।

বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় ভারত যে গুরুত্ব প্রদান করে তাই প্রতিফলিত করে জি-টোয়েন্টির থিমঃঅনুরাগ ঠাকুর

বেঙ্গালুরু, ২৫ ফেব্রুয়ারি ঃজি-টোয়েন্টি গোষ্ঠীর অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় ব্যাঙ্কগুলির গর্ভনরদের প্রথম বৈঠকের প্রস্তুতি সংক্রান্ত বৈঠকটি গত বুধবার বেঙ্গালুরুতে অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর এই বৈঠকের উদ্বোধন করবেন। কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর এদিন বলেছেন, বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় সহযোগিতামূলক প্রচেষ্টার ক্ষেত্রে ভারত যে গুরুত্ব প্রদান করে তাই প্রতিফলিত করে জি-টোয়েন্টির থিম।ইউক্রেন-রাশিয়া যুদ্ধ প্রসঙ্গে প্রধানমন্ত্রীর সেই বার্তার তুলে ধরে কেন্দ্রীয়মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যা বলেছিলেন তা আমি পুনর্ব্যক্ত করতে চাই, আজকের যুগ যুদ্ধের নয়। কূটনীতি ও সংলাপই এগিয়ে যাওয়ার পথ। এটিই ইউক্রেন যুদ্ধে ভারতের অবস্থান ব্যাখ্যা করে।

বিধানসভা নির্বাচনের জন্য প্রস্তুত মেঘালয় ও নাগাল্যান্ড

শিলংকোহিমা, ২৫ ফেব্রুয়ারি ঃ পাহাড়ে ঘেরা উত্তর-পূর্বাঞ্চলের দুই রাজ্য মেঘালয় এবং নাগাল্যান্ডে আগামী ২৭ ফেব্রুয়ারি সোমবার নির্বাচন অনুষ্ঠিত হবে। ফলে, শনিবার বিকেল চারটায় সরব প্রচার সমাপ্ত হয়ে যাবে। ৬০ আসন বিশিষ্ট দুই রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রচারের শেষ লগ্নে সমস্ত রাজনৈতিক দলের জোর তৎপরতা চলছে। নির্বাচন কমিশনের প্রদত্ত তথ্য অনুযায়ী মেঘালয়ে ২১ লক্ষ ৬৪ হাজার ৯৭৩ এবং নাগাল্যান্ডে ১৩ লক্ষ ১৭ হাজার ৬৩৪ জন ভোটার রয়েছেন। তাঁদের মধ্যে সার্ভিস ভোটার মেঘালয়ে ৩৮৪৪ জন এবং নাগাল্যান্ডে ৭৯৮৩ জন রয়েছেন। তেমনি, নতুন ভোটার মেঘালয়ে ২৮ হাজার ১১৭ জন এবং নাগাল্যান্ডে ২৪ হাজার ৬৮৯ জন আছেন। এদিকে, দিব্যঙ্গজন মেঘালয়ে ৭৪৭৮ জন এবং নাগাল্যান্ডে ৬৯৭০ জন রয়েছেন। সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হল নাগাল্যান্ডে তৃতীয় লিঙ্গের ভোটার নেই। কিন্তু মেঘালয়ে ২ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন। অন্যদিকে, ৮০ বছরের উর্দ্ধে মেঘালয়ে ২২ হাজার ৬৬৩ জন এবং

ভারতে ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত ১৮০ জন

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ ভারতে করোনাভাইরাসের দৈনিক সংক্রমণ ফের কিছুটা বাড়ল, বিগত ২৪ ঘন্টায় নতুন করে সংক্রমিত হয়েছেন ১৮০ জন। এই সময়ে নতুন করে কারও মৃত্যু হয়নি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১৮০ জন। দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২,০৯০-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। ভারতে মোট করোনায় আক্রান্ত হয়েছেন ৪,৪৬,৮৫,৭৯৯ জন।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫২,৯৪৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০৬ হাজার ৭১২ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৩, ৭৪,৮৪১। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৩ ফেব্রুয়ারি সারা দিনে ভারতে ১,০৬,১২৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

বহু-পার্শ্বিক প্ল্যাটফর্মে ভারত অপরিহার্য অংশীদার হয়ে উঠেছেঃজে পি নাড্ডা

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ বহু-পার্শ্বিক প্ল্যাটফর্মে ভারত অপরিহার্য অংশীদার হয়ে উঠেছে। এই মন্তব্য করলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। বুধবার দিল্লিতে ' Shaping A Global Order in Flux'-শীর্ষক বইপ্রকাশ অনুষ্ঠানে জে পি নাড্ডা বলেছেন, ''বহু-পার্শ্বিক প্ল্যাটফর্মে ভারত অপরিহার্য অংশীদার হয়ে উঠেছে। বিশ্ব যে সঙ্কটের মুখোমুখি হচ্ছে ভবিষ্যতে সেই সংক্রান্ত প্রশ্নের উত্তর দেবে ভারত।জে পি নাড্ডা আরও বলেছেন, ভারত যে কঠোর অবস্থান নিয়েছে বিশ্ব তা প্রশংসা করেছে। ডিজিটাল পেমেন্টে দেশ এগিয়ে গিয়েছে। প্রতিটি দেশেই ইউপিআই গ্রহণ করা হচ্ছে। বিশ্বের ডিজিটাল লেনদেনের ৪০ শতাংশ ভারতে হয। নাড্ডা আরও বলেছেন, আমরা কোউইন-এর সাহায্যে কোভিড-এর ট্র্যাকিংয়ে নেতৃত্ব দিয়েছি। বিশ্ব এই প্রযুক্তি চাইছে। এখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা গুজরাটের জামনগরে চিরাচরিত মেডিসিনের জন্য প্রথম গ্লোবাল সেন্টার চালু করেছে। ভারতের প্রতি বিশ্বের দৃষ্টিভঙ্গি বদলে গিয়েছে।

মাধ্যমিকের ইংরেজি 'প্রশ্নপত্র' ফাঁস, টুইট সুকান্তের

কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজির ' ফাঁস নিয়ে টুইট করেছেন বিজেপি-র রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার। বিষয়টি নিয়ে প্রশ্ন উঠেছে নানা মহলে।গত শুক্রবার ছিল মাধ্যমিক পরীক্ষার দ্বিতীয় দিন। দ্বিতীয় পত্রের পরীক্ষা। এরই মধ্যে চাঞ্চল্যকর প্রশ্ন উৎসকে দেন বঙ্গ বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। একটি ইংরেজি প্রশ্নপত্রের তিনটি পাতা নিজের টুইটার হ্যান্ডেলে শেয়ার করে লিখেছেন, সকাল থেকেই মাধ্যমিক পরীক্ষার ইংরেজি প্রশ্নপত্র বলে সেগুলি ঘুরে বেড়াচ্ছে। কিছু সময়ের মধ্যেই প্রশ্নপত্র ফাঁস হয়েছে কি না, তা স্পষ্ট হয়ে যাবে।' যদিও বিকেল পর্যন্ত এই বিষয়ে মধ্য শিক্ষা পর্ষদের তরফে এখনও পর্যন্ত কিছু জানা যায়নি। তবে বঙ্গ বিজেপি সভাপতির এমন টুইট ঘিরে ইতিমধ্যেই বিতর্ক দানা বাঁধতে শুরু করেছে।উল্লেখ্য, গতকাল সুকান্ত মজুমদার রাজ্যের শিক্ষা ব্যবস্থার বেহাল অবস্থার অভিযোগ তুলে মন্তব্য করেছিলেন, মধ্য শিক্ষা পর্ষদের উপর থেকে অভিভাবকরা আস্থা হারিয়ে ফেলছেন। সেই কারণেই মাধ্যমিকের পরীক্ষার্থীর সংখ্যা কমে গিয়েছে বলে অভিযোগ তুলেছিলেন তিনি। এমনকী সুকান্ত মজুমদার যে নিজের মেয়েকে সরকারি স্কুল থেকে ছাড়িয়ে বেসরকারি স্কুলে নিয়ে গিয়ে ভর্তি করিয়েছেন, সেই কথাও গতকাল নিজেই জানিয়েছিলেন বঙ্গ বিজেপির সভাপতি। এবার ইংরেজির প্রশ্নপত্র নিয়ে জল্পনা উস্কে দিলেন বিজেপি সাংসদ। যদিও এই নিয়ে পর্ষদের তরফে কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া যায়নি।

ভেহিকল লোকেশন ট্র্যাকিং ডিভাইস লাগানোর নির্দেশ

কলকাতা,২৫ফেব্রুয়ারিঃ যাত্রীদের সুরক্ষায় রাজ্য সরকার আগামী মাসের মধ্যে সব বানিজ্যিক গা।িতে যে ভেহিকল লোকেশন ট্র্যাকিং ডিভাইস লাগানোর নির্দেশ দিয়েছে তার সময়সীমা আর কোনভাবেই বাড়ানো হবে না বলে রাজ্য সরকার জানিয়েছে। পরিবহন মন্ত্রী স্নেহাশিষ চক্রবর্তী আজ কলকাতায় সব পরিবহন সংগঠনের প্রতিনিধি ও দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করে এই কথা জানিয়ে দিয়েছেন। বিভিন্ন ইউনিয়নের প্রতিনিধিরা এই সময়সীমা ৩১ ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধির আবেদন জানালেও মন্ত্রী তা খারিজ করে দেন। দুই লাখ গা।ির মধ্যে এখনও পর্যন্ত প্রায় পাঁচশো গা।িতে এই ডিভাইস লাগানো হয়েছে বলে পরিবহন দপ্তর সূত্রে জানা গিয়েছে। ডিভাইস কেনার জন্য পরিবহন দপ্তর যে ১২টি পরীক্ষিত ও স্বীকৃত সংস্থার কথা বলেছে তাদের ডিভাইসের দাম খোলা বাজারের তুলনায় অনেক বেশি বলে প্রতিনিধিরা অভিযোগ করেন।

জার্মান চ্যান্সেলর ওলাফ বক্তব্য

ভারত ও জার্মানির মধ্যে সুসম্পর্ক রয়েছে

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ রাষ্ট্রপতি ভবনে উষ্ণ অভিবাদন জানানো হয়েছে জার্মানির চ্যান্সেলর ওলাফ স্কোলজকে। দু'দিনের সফরে শনিবার সকালে দিল্লিতে এসেছেন জার্মানির চ্যান্সেলর, তাঁকে রাষ্ট্রপতি ভবনে স্বাগত জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। জার্মান চ্যান্সেলর ওলাফ স্কোলজকে রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিক সংবর্ধনা জানানো হয়। জার্মান চ্যান্সেলর এদিন বলেছেন, জার্মানি ও ভারতের মধ্যে এমনিতেই সুসম্পর্ক রয়েছে। আমি আশা করি আমরা এই সম্পর্ককে আরও শক্তিশালী করব। আমি আশা করছি, আমরা আমাদের দেশের উন্নয়ন এবং বিশ্বের শান্তির সঙ্গে সম্পর্কিত সমস্ত বিষয় নিয়ে গভীরভাবে আলোচনা করব।

অমৃতকাল বাজেটে তরুণ প্রজন্ম ও তাঁদের ভবিষ্যকেই সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছেঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ অমৃতকাল বাজেটে তরুণ প্রজন্ম ও তাঁদের ভবিষ্যকেই সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দক্ষতা ও শিক্ষা বিষয়ে বাজেট পরবর্তী ওয়েবিনারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বছরের পর বছর ধরে আমাদের শিক্ষাক্ষেত্র অনমনীয়তার শিকার, আমরা তা পরিবর্তন করার চেষ্টা করেছি। আমরা ভবিষ্যতে তরুণ প্রজন্মের চাহিদা অনুযাযী শিক্ষা ও দক্ষতাকে পুনর্নির্মাণ করেছি।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আমরা শিক্ষকদের কাছ থেকে প্রচুর সমর্থন পেয়েছি। তাঁদের সমর্থনই সরকারকে শিক্ষাক্ষেত্রে সংস্কারে উৎসাহিত করেছে। শিক্ষকদের ভূমিকা শুধু শ্রেণীকক্ষেই সীমাবদ্ধ নয়, এখন প্রযুক্তির কারণে বিশ্ব তাঁদের হাতের মুঠোয়। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, নতুন প্রযুক্তি নতুন যুগের ক্লাসরুম তৈরি করতে সাহায্য করছে। এই বাজেট একটি ব্যবহারিক এবং শিল্প-ভিত্তিক শিক্ষা ব্যবস্থার উপর দৃষ্টি নিবদ্ধ করে এবং ভীত তৈরি করে।

অমৃতকালের বাজেট উত্তর প্রদেশকে স্বনির্ভর হতে সাহায্য করবেঃযোগী আদিত্যনাথ

লখনউ, ২৫ ফেব্রুয়ারি ঃ উত্তর প্রদেশের অর্থমন্ত্রী সুরেশ কুমার খুরানার বাজেটকে 'অমৃতকালের' বাজেট আখ্যা দিয়েছেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তিনি বলেছেন, অমৃতকালের এই বাজেট উত্তর প্রদেশকে স্বনির্ভর হতে সাহায্য করবে। গত বুধবার বাজেট পেশ হওয়ার পর এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, ২০২৩-২৪ অর্থবর্ষের বাজেট আমাদের সামগ্রিক উন্নযন় অর্জনে সহায়তা করবে এবং রাজ্যকে স্বনির্ভর হওয়ার দিকে নিয়ে যাবে। যোগীর কথায়, আজ আমরা 'অমৃত কাল'-এর প্রথম বাজেট পেশ করেছি। এই বাজেট উত্তর প্রদেশকে স্বনির্ভর ভারতের আদলে স্বনির্ভর করতে সাহায্য করবে। এই বাজেট আগামী ৫ বছরে উত্তর প্রদেশের অর্থনীতিকে ১ ট্রিলিয়ন ডলার অর্থনীতিতে পরিণত করার ভিত্তি হিসাবে কাজ করবে।যোগী আরও বলেছেন, আজ আমরা ৬ লক্ষ ৯০ হাজার কোটি টাকার বেশি বাজেট পেশ করেছি। গত ৬ বছরে বাজেট দ্বিগুণ হযেছে। মাথাপিছু আযও় দ্বিগুণ হয়েছে। এটি অর্থনীতি সম্প্রসারণের জন্য ডাবল-ইঞ্জিন সরকারের প্রতিশ্রুতি প্রদর্শন করে। যোগী আরও বলেছেন, উত্তরপ্রদেশের জনগণের উপর অতিরিক্ত কর আরোপ না করে, অন্যান্য রাজ্যের তুলনায় উত্তরপ্রদেশে পেট্রোল এবং ডিজেল সস্তা। আমরা ভ্যাট বাড়াইনি। ২০১৬-১৭ সালে বেকারত্বের হার ছিল ১৭-১৮ শতাংশ, কিন্তু এখন তা ৪ শতাংশে নেমে এসেছে।

প্রয়াত সাংবাদিক সুমিত বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ সাংবাদিক সুমিত বন্দ্যোপাধ্যায় গত শুক্রবার সকালে কলকাতার নীল রতন সরকার হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। বয়স হয়েছিল ৭৫ বছর। তিনি স্ত্রী ও দুই কন্যাকে রেখে গেছেন।কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে সাংবাদিকতায় স্নাতকোত্তর সুমিত বন্দ্যোপাধ্যায়ের সাংবা দিকতার শুরু সত্যযুগ পত্রিকায়। ১৯৭৬ সাল নাগাদ তিনি কলকাতা দূরদর্শনের সংবাদ বিভাগে সংবাদ ও সমসাময়িক বিষয়ের অনুষ্ঠানের প্রযোজক পদে যোগ দেন। দীর্ঘদিন তিনি সংবাদ প্রযোজনার সঙ্গে সমসাময়িক বিষয়ের অনুষ্ঠান প্রযোজনায় বিশেষ পারদর্শীতার পরিচয় দেন।দূরদর্শন কলকাতার বিভিন্ন নির্বাচন বিষয়ক আলোচনার পরিকল্পনায় তিনি দীর্ঘদিন ধরে বিশেষ দক্ষতা দেখিয়েছেন। পরে তিনি আগরতলা দূরদর্শন কেন্দ্রের সহকারী কেন্দ্র অধিকর্তার দায়িত্ব পালন করেন। দূরদর্শনের স্বায়ত্ত শাসনের জন্য সারা ভারত জুড়ে আঃেদালন সংগঠিত করেন ও তার নেতৃত্ব দেন। দেশ জুড়ে বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে এবিষয় যোগাযোগ স্থাপন করে তিনি জনমত গঠন করেন। পরে তিনি পশ্চিম বঙ্গ সরকারের অধীন রূপকলা কেন্দ্রের উপ অধিকর্তা হিসেবে কাজ করেন।তিনি সত্যযুগ সহ বিভিন্ন পত্র পত্রিকায় রাজনৈতিক বিশ্লেষণধর্মী লেখার জন্য পরিচিত ছিলেন। প্রেস ক্লাব, কলকাতার সভাপতি স্নেহাশিস সুর এবং সম্পাদক কিংশুক প্রামাণিক সুমিত বন্দ্যোপাধ্যায়ের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তাঁর পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন।প্রেস ক্লাব কলকাতার সহ সভাপতি শৈবাল বিশ্বাস সামাজিক মাধ্যমে লিখেছেন, যাঁর নিরলস সংগ্রাম ও প্রচেষ্টায় প্রসার ভারতী গঠনের প্রচেষ্টা ফলপ্রসূ হয়েছিল সেই আপসহীন সাংবাদিক সুমিত বন্দ্যোপাধ্যায়ের প্রয়াণ আমার কাছে মহীরুহ পতন। একবার সুমিতদাকে জিজ্ঞেস করেছিলাম, দূরদর্শনে প্রযোজকের অমন লোভনীয় চাকরি ছাড়লেন কেন? সুমিতদা জানিয়েছিলেন, দূরদর্শনের বিভিন্ন অভ্যন্তরীণ বিষয় নিয়ে সর্ব ভারতীয় স্তরে আন্দোলন করতে গিয়ে অনেকে বিপদে পড়ে।সুমিতদা ছিলেন এই আন্দোলনের সর্বপ্রধান নেতা। একবার কেরলের এক ক্যামেরাম্যানকে শ্রীনগর বদলি করে দেওযা় হয়। তিনি নিতান্ত অসুবিধার সম্মুখীন হন। তাঁর স্ত্রী সুমিতদাকে প্রশ্ন করেছিলেন, এবার কী হবে? আমার স্বামীকে তো গুলি খেয়ে মরতে হবে। আঃেদালন করে কী হল? এই প্রশ্নের মুখে তিনি অত্যন্ত বিচলিত হয়েছিলেন। সুমিতদা জানালেন-- সেদিন বিবেকের কাছে অত্যন্ত অসহায় বোধ করে চাকরি ছা।ার সিদ্ধান্ত নিই।আশৈশব মার্ক্সবাদে বিশ্বাসী এই মানুষটি একসময় সিপিআইএমের সদস্য ছিলেন। তিনি যে ব্রাঞ্চে যুক্ত ছিলেন তার নেতা, স্বাধীনতা সংগ্রামী কল্পতরু সেনগুপ্তর রোষে দলের সদস্যপদ হারান। পরে স্বয়ং প্রমোদ দাশগুপ্তর অনুরোধেও সদস্যপদ গ্রহণ করেননি। বুদ্ধদেব ভট্টাচার্য তাঁকে সদস্যপদ নেওয়ার একপ্রকার নির্দেশই দেন। এবারেও অন। ছিলেন। পরে অবশ্য বুদ্ধবাবুর হস্তক্ষেপে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত রূপকলা কেন্দ্রর উপ অধিকর্তা হন। সারাজীবন যা লেখালেখি করেছেন তার সবটাই বামপন্থী মতাদর্শ প্রসূত। এমন একজন আদর্শবাদী দিগদর্শককে হারিয়ে কলকাতার সংবাদ জগ রিক্ত হল।

বিধ্বংসী ভূমিকম্পে মৃত্যু ৫০-হাজারের অধিক, শুধুমাত্র তুরস্কেই নিহত ৪৪-হাজারের বেশি

আঙ্কারা, ২৫ ফেব্রুয়ারি ঃআশঙ্কাই সত্যি হল, তুরস্ক ও সিরিয়ায় বিধ্বংসী ভূমিকম্পে মৃতের সংখ্যা ছাড়াল ৫০ হাজার। গত ৬ ফেব্রুয়ারি তুরস্ক এবং সিরিয়ার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে আঘাত হানে রিখটার স্কেলে ৭.৮ মাত্রার ভূমিকম্প। ভূমিকম্পের অভিঘাতে ভেঙে পড়ে দু'দেশের অসংখ্য ঘরবাড়ি। ধ্বংসস্তূপে চাপা পড়েন বহু মানুষ। তার পর থেকে লাফিয়ে বাড়ছে মৃতের সংখ্যা। সেই সংখ্যা বর্তমানে ৫০ হাজারের গণ্ডি টপকেছে।এর মধ্যে শুধু তুরস্কেই মৃত্যু হয়েছে ৪৪ হাজারের বেশি। সরকারি হিসাব অনুযায়ী, ভূমিকম্পের কবলে



সে দেশে এখনও পর্যন্ত ৪৪ হাজার ২১৮ জনের মৃত্যু হয়েছে। সিরিয়ায় মৃত্যু হয়েছে ৫ হাজার ৯১৪ জনের। তুরস্কের দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষ জানিয়েছেন, ভূমিকম্প আঘাত হানার ১৯ দিন পেরিয়েছে। প্রবল শৈত্যপ্রবাহ, ঠান্ডা এবং তুষারপাতের মধ্যে উদ্ধারের কাজ চালিয়ে যাওয়া কষ্টসাধ্য। তবুও তাঁরা হাল ছাড়তে রাজি নন বলেই জানিয়েছেন।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৬ ফেব্রুয়ারি ঃরবিবার, ১৩ ফাল্গুন মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৬ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৩ ফাল্গুন মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৩ ফাল্গুন মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ ১৩ ফাল্গুন মাস ১৯৪৪, মৈতৈ ঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১.০৪ড্রিগী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০১এড্রিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৫শতকরা এবং ৫৩শতকরা। বৃষ্টি হয়নি শুক্রবার । জোয়ার- সকাল ১০টা ২০ মিনিট এবং রাত-১০টা ২০মিনিট হবে। ভটা-সকাল-১০টা ২০মিনিট। রাত-১০টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টা ০৫ মিনিট এবং সূর্য অস্ত যাবে আজকের দিনেঃ ৫ টা - ৩৬মিনিটের মধ্যে হবে আবহাওয়া পরিবর্তন

রাশিফল

মেষ রাশিঃআপনার রুক্ষ মেজাজ আপনাকে কিছু ঝামেলায় ফেলতে পারে। অর্থনৈতিকভাবে, আজ একটি মিশ্র দিন হতে চলেছে
বৃষ রাশিঃ আজ, আপনার স্বাস্থ্য সুস্থ হবে বলে আশা করা হচ্ছে। আপনার সুস্বাস্থ্যের কারণে আপনি আজ আপনার বন্ধুদের সাথে খেলার পরিকল্পনা করবে
মিথুন রাশিঃহাওয়ায় প্রাসাদ বানিয়ে সময় নষ্ট করবেন না। তার চেয়ে উপযুক্ত কাজ করার জন্য শক্তি সঞ্চয় করুন।শুভদিন
কর্কট রাশিঃ খেলাধূলা এবং বহিরাঙ্গণ কাজকর্মে অংশগ্রহণ আপনাকে শক্তি সঞ্চয়ে সাহায্য
সিংহ রাশিঃদ্ব ন্দ্ব এড়িয়ে চলুন কারণ এটি আপনার অসুস্থতা বাড়িয়ে তুলতে পারে। শুভদিন
কন্যা রাশিঃযদি আপনি একটি দীর্ঘ যাত্রায় যাবার পরিকল্পনা করেন তাহলে আপনার স্বাস্থ্য এবং শক্তি সংরক্ষণের অভ্যাস অত্যন্ত উপকারী প্রমাণিত হবে।
তুলা রাশিঃআপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। ।বিবাহের যোগ হবেই
বৃশ্চিক রাশিঃএমন একটি দিন যেখানে আপনি আরাম করতে সমর্থ হবেন। পরিশ্রমের বিকল্পনেই
ধনু রাশিঃ দুর্দশায় থাকা কারোকে সাহায্য করতে আপনার শক্তি ব্যবহার করুন। সন্তান হতে পারে
মকর রাশিঃআপনার মনের মধ্যে ইতিবাচক চিন্তা আনুন। উপরি টাকা জমিবাড়িতে বিনিয়োগ করা
কুম্ভ রাশিঃঅতিরিক্ত খাওয়া এড়িয়ে চলুন এবং সুস্থ থাকতে নিয়মিতভাবে হেলথ ক্লাবে যান
মীন রাশিঃসাময়িক স্বাস্থ্যভঙ্গ আপনার জন্য কিছু সমস্যার সৃষ্টি করতে পারে। । বিদেশ যাত্রা শুভ । আর্থিক সংকট হতে পারে সন্তান হতে পারে ।কার্য দক্ষতা বাড়াতে নতুন প্রযুক্তি অবলম্বন করুন- আ আপনার

মাধ্যমিক পরীক্ষার্থীদের শুভেচ্ছা বার্তা দিলেন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ২৫ ফেব্রুয়ারি ঃ চলছে মাধ্যমিক পরীক্ষা। শনিবার তৃতীয় দিন। বাংলা ইংরেজির পর আজ ভূগোল পরীক্ষা। নিজের বিধানসভা কেন্দ্রে এসে পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের শুভেচ্ছা বার্তা ও পানীয় জলের বোতল তুলে দিয়ে ভাল করে দুবার প্রশ্ন পত্র পড়ে নিয়ে মাথা ঠান্ডা রেখে উত্তর দেবার কথা বললেন খড়দহ বিধানসভা বিধায়ক তথা রাজ্যের কৃষি দফতরের মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। শনিবার সকাল ১১ টায় লেনিনগড় শিক্ষা নিকেতন উচ্চ বিদ্যালয়ের প্রবেশ করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এর সাথে দেখা করে বাইরে গিয়ে পরীক্ষার্থীদের শুভেচ্ছা বার্তা কার্ড এবং পানীয়.জলের বোতল তুলে দিলেন। মন্ত্রী পড়ুয়াদের ভাল করে প্রশ্ন পত্র দুবার পড়ে উত্তর লেখার কথা বলেন। বলেন তাড়া হুড়ো নয.মাথা ঠান্ডা রেখে উত্তর লিখবে। তাদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন এদিন মন্ত্রী। মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় কে ফুলের তোড়া এবং উত্তরীয় পরিয়ে প্রীতি উপহার তুলে দিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন কুমার রায়। এদিন উপস্থিত ছিলেন বিলকান্দা ২ গ্রাম পঞ্চায়েত প্রধান দীপা পাইক, ব্যারাকপুর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি সুপ্রিয়া ঘোষ, কর্মাধ্যক্ষ প্রবীর রাজবংশী,রমেশ রায়,বিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি বিদ্যুৎ কুমার পাল, সমাজসেবী সজল দাস সহ পঞ্চায়েতের সদস্যরা ।

উলুবেড়িয়ায় রাজ্যের মৎস্য দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হলো সেমিনার

মতিয়ার রহমান, উলুবেড়িয়া,২৫ ফেব্রুয়ারি ঃ শনিবার উলুবেড়িয়া কলেজের হরিপদ মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠিত হলো রাজ্যের মৎস্য বিভাগের শতবর্ষ উপলক্ষে ফিসারি ও এ্যাকুয়াকালচার বিষয় নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়, সেমিনারে মুল আলোচনায় মৎস্য চাষ একটি বিকল্প জীবিকা এই বিষয়ে আলোচনায় উপস্থিত ছিলেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্ত দফতরের মন্ত্রী পুলক রায়, মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত রাস্ট্রমন্ত্রী বিপ্লব রায়চৌধুরী বলেন মৎস্য চাষ একটি বিকল্প জীবিকা, তিনি মৎস্য দপ্তরের প্রশিক্ষণ নিয়ে মৎস্য চাষে এগিয়ে যেতে বলেন,রাজ্যের মৎস্য দপ্তরের পক্ষে দেবাশীষ খাটুয়া, উলুবেড়িয়া পূর্বের বিধায়ক বিদেশ রঞ্জন বসু,উলুবেড়িয়া পৌরসভার পৌরপ্রধান অভয় কুমার দাস, উলুবেড়িয়া কলেজের অধ্যক্ষ ড, দেবাশীষ পাল, জেলা মৎস্য দপ্তরের আধিকারিক ডঃ নারায়ন চন্দ্র বাগ প্রমুখ।

সাঁতরাগাছিতে ছাত্রকে মার, কানধরে ওঠবসের অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ ছাত্রকে মার, কানধরে ওঠবসের অভিযোগ উঠেছে এবার এক শিক্ষকের বিরুদ্ধে। হাওড়ার সাঁতরাগাছির ওই স্কুলের বিরুদ্ধে ক্ষোভে ফুঁসছেন ছাত্রের পরিবার। জানা গেছে, ৬ষ্ঠ শ্রেণির ওই ছাত্রকে মারধরের অভিযোগ উঠেছে জনৈক শিক্ষকের বিরুদ্ধে। এই নিয়ে হাওড়ার স্কুলে হয় বিক্ষোভ দেখায় ছাত্রের পরিবার। কয়েকদিন আগেই মিড ডে মিলের খাবার নিয়েও ওই স্কুলে বিক্ষোভ দেখিয়েছিলেন অভিভাবকেরা। এবার ক্লাস সিক্সের এক ছাত্রকে শাস্তিস্বরূপ স্কুলে মারধর ও একটানা কান ধরে ওঠবস করানোর অভিযোগ উঠল। খবর পেয়ে স্কুলে আসে পুলিশ। ছাত্রের অভিভাবক জানান, সরস্বতী পুজোর পর গত ১৫ তারিখ স্কুলে যেদিন প্রীতিভোজ ছিল সেদিন খাবারের থালা দোতলার একটি জায়গায় ফেলার অপরাধে প্রথমে তাঁর ছেলেকে এক শিক্ষক মুখে ঘুসি মারেন। এতে তার মুখ ফুলে যায়। মুখে কালসিটে দাগ হয়ে যায়। এরপর শুক্রবার ২৪ তারিখ ফের ওই শিক্ষক হিস্ট্রি ক্লাসে এসে তাঁর ছেলেকে একটানা ওঠবস করায়। এতে সে অসুস্থ হয়ে পড়ে। একজন শিক্ষকের এমন আচরণ মোটেও কাম্য নয়। প্রথম ঘটনার পর আমরা ওই শিক্ষককে ক্ষমা করে দিয়েছিলাম। কিন্তু ফের ওই শিক্ষকের এমন অমানবিক কাজের পর আমরা অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করার সিদ্ধান্ত নিয়েছি।

বিনামূল্যে হাম ও রুবেলার টিকা দেওয়ার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ রাজ্য সরকার শহরের বেসরকারি হাসপাতালগুলিকে বিনামূল্যে হাম ও রুবেলার টিকা দেওয়ার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য দপ্তরের জারি করা এক নির্দেশিকায় আগামী ৩১শে মার্চ পর্যন্ত এই কর্মসূচিতে রাজ্য সরকার শুধু প্রয়োজনীয় টীকা সরবরাহ করবে বলে জানানো হয়েছে। অন্যদিকে বেসরকারি হাসপাতালগুলিকে কর্মী ও জায়গা দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য এই কর্মসূচিতে গত একুশে ফেব্রুয়ারি পর্যন্ত নয় মাস থেকে পনেরো বছর বয়সী ২ কোটি ৩১ লক্ষ বাচ্চাকে এই টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হলেও এখনো পর্যন্ত ১৪ লক্ষ বাচ্চাকে টিকা দেওয়া সম্ভব হয়নি বলে সূত্রের খবর। অন্যদিকে এডিনো ভাইরাস সতর্কতায় জ্বর এবং সর্দি কাশি নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া শিশুদের করনার আরটিপিসিআর পরীক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।

হাওড়া পুলিশ কমিশনারেটের উদ্যোগে 'শুদ্ধি' প্রকল্পের শুভ সূচনা

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ মাদকাসক্ত যুব সমাজকে সমাজের মূল স্রোতে ফেরাতে হাওড়া সিটি পুলিশের প্রকল্প 'শুদ্ধি'র শুভ সূচনা হলো। প্রথম দিনই ১০ জনকে পাঠানো হলো নেশা মুক্তির পুনর্বাসন সেন্টারে। হাওড়া সিটি পুলিশের উদ্যোগে শনিবার দুপুরে 'শুদ্ধি' প্রকল্পের সূচনা হয়। এদিন হাওড়া কমিশনারেট অফিসের কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এই প্রকল্পের সূচনা করেন হাওড়ার নগরপাল প্রবীণ কুমার ত্রিপাঠী। এদিন ১০ জন মাদকাসক্তকে নরেন্দ্রপুর থানার অধীন জেনেসিস ফাউন্ডেশন, কমলগাজী নামের পুনর্বাসন কেন্দ্রে পাঠানোর মাধ্যমে 'শুদ্ধি' প্রকল্পের সূচনা হয়। উদ্দেশ্য এদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনা এবং তার সাথে স্বাভাবিক জীবিকা নির্বাহের জন্য সহায়তা করা। উপস্থিত ছিলেন হাওড়া সিটি পুলিশের ডিসি হেড কোয়ার্টার দ্যুতিমান ভট্টাচার্য, ডিসি ট্রাফিক অর্ণব বিশ্বাস, ডিসি সেন্ট্রাল শর্বরী রাজ কুমার, এসপি কালিম্পং অপরাজিতা রাই, এসিপি সেন্ট্রাল মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা। এদিনের কর্মসূচি নিয়ে হাওড়ার নগরপাল প্রবীণ কুমার ত্রিপাঠী বলেন, ২০১৭ সালে কলকাতা পুলিশ এলাকায় বিশেষ করে সাউথ ডিভিসনে শুরু হয়েছিল 'শুদ্ধি' প্রকল্প। তারপর থেকে ১ হাজার মানুষকে এর মাধ্যমে চিকিৎসা করা হয়েছিল। তারমধ্যে বেশিরভাগ মানুষই ভাল আছেন। এছাড়া কালিম্পংয়ে 'শুদ্ধি' প্রকল্প চালু করা হয়েছে। সেখানেও এখনও পর্যন্ত ৩৮ জনের চিকিৎসা চলছে। এদিন হাওড়া সিটি পুলিশ এলাকা থেকে ১০ জনকে চিকিৎসার জন্য পাঠানো হচ্ছে একটি বেসরকারি সংস্থার কাছে। সেখানে তাদের চিকিৎসা করা হবে। এরা যাতে ভাল হয়ে যায় এবং নেশা থেকে মুক্ত হতে পারেন সেই উদ্দেশ্য নিয়েই এই প্রকল্প। লোকাল থানার আধিকারিকরা এলাকায় টহল দিতে গিয়ে অনেক নেশাগ্রস্তদের সঙ্গে পরিচয় হয়। সেখান থেকে এদের বাড়ির লোকেদের সম্মতি নিয়ে ১০ জনকে আজ পাঠানো হচ্ছে। পরে প্রয়োজন হলে আরও পাঠানো হবে। যেসব নেশাগ্রস্তরা নেশা ছেড়ে দিয়েছে তাদের দেখে অন্যান্য নেশাগ্রস্তরাও নেশা ছেড়ে দেওয়ার মোটিভেশন পাবেন। কোনও নেশাগ্রস্ত যদি পরে সুস্থ হয়ে যান এবং তখন যদি নিয়োগ পদ্ধতি থাকে তার যদি শিক্ষাগত যোগ্যতা থাকে তাহলে তাঁরা নিশ্চয়ই সুযোগ পাবে পুলিশের চাকরিতেও। পরিকল্পনা আছে যারা আজ যাচ্ছে ৬ মাস পরে তাঁরা সম্পূর্ণভাবে নেশা ছেড়ে দিয়ে সম্পূর্ণ সুস্থ হয়ে যাবেন। তাহলে তখন তাদের কিছু ভোকেশনাল কোর্সের ট্রেনিং দেওয়া হবে। এখানেও কর্পোরেট সংস্থার সাহায্য নেওয়া হবে। এর মাধ্যমে তাদের কাজ পাইয়ে দেওয়ার চেষ্টা করা হবে।

হাওড়ার ৭ বাঙালি বাংলাদেশের সমুদ্র সৈকত পায়ে হেঁটে অনবদ্য ইতিহাস গড়লেন

অভিজিৎ হাজরা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ হাওড়া থেকে বাংলাদেশে গিয়ে বাংলাদেশের সমুদ্র সৈকতে পায়ে হেঁটে অনবদ্য ইতিহাস গড়লেন ৭ বাঙালি। এই ৭ জন বাঙালি হাওড়া এ্যাডভেঞ্চার স্পোর্টস এ্যাসোসিয়েশনের সদস্য।এই ৭ জন বাঙালি সদস্য সম্প্রতি ৪ দিনে বাংলাদেশের কক্সবাজার জেলার টেনকাফ শাহপরী সমুদ্র সৈকত থেকে নাজিয়ার টেক সমুদ্র পর্যন্ত ১২০ কিলোমিটার পায়ে হেঁটে পরিক্রমা করেছেন। হাওড়া এ্যাডভেঞ্চার স্পোর্টস এ্যাসোসিয়েশন ও বাংলাদেশের বিচ হাইকিং সংস্থার যৌথ উদ্যোগে আয়োজিত ইন্দে বাংলা যৌথ সমুদ্র অভিযান গত ২০ ফেব্রুয়ারি শেষ করে এই ৭ জন বাঙালি হাওড়ার বাড়িতে ফিরেছে। এই অভিযান সম্পর্কে এই দলে থাকা হাওড়া এ্যাডভেঞ্চার স্পোর্টস এ্যাসোসিয়েশনের অন্যতম সদস্য দেবাশীষ চক্রবর্তী বলেন,'পৃথিবীর দীর্ঘতম বাংলাদেশের সমুদ্র সৈকত আমরা পায়ে হেঁটে পরিক্রমা করেছি। আমাদের এই অভিযান সফল হয়েছে কক্সবাজার প্রশাসনের অনুমতি ও সহযোগিতায়। আমরা যেহেতু বিদেশী সেই কারণেই বাংলাদেশের টুরিষ্ট পুলিশ আমাদের উপর সবসময়ই নজর রাখার পাশাপাশি আমাদের সবরকম

নিরাপত্তার ব্যবস্থা করেছিল। তবে শুধুমাত্র পায়ে হেঁটে সমুদ্র সৈকত অভিযানই নয় এর পাশাপাশি বাংলাদেশের সমুদ্র সৈকত এলাকার মানুষের মধ্যে সৈকত দূষণ মুক্ত রাখার জন্য প্রচার, বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে রক্তদান করার ও থ্যালাসেমিয়া রোগ প্রতিরোধে প্রচার চালানো হয়েছে '। দেবাশীষ চক্রবর্তী আর ও বলেন, ' বাংলাদেশের এই সমুদ্র সৈকত ভারতের সমুদ্র সৈকত গুলির থেকে অনেক বেশি পরিস্কার পরিচ্ছন্ন। এখানে আসতে পেরে আমরা গর্বিত। ভবিষতেও এই রকম উদ্যোগ নেওয়া হবে।

হোলি উৎসবে যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে

উত্তর পূর্ব রেলওয়ের হোলি স্পেশাল ট্রেন

গোরখপুর ২৫ ফেব্রুয়ারীঃ রেলওয়ে প্রশাসনের দ্বারা আসন্ন হোলি উৎসবে যাত্রীদের অতিরিক্ত ভিড়ের কথা মাথায় রেখে, ০২৫৪১-০২৫৪২ গোরখপুর-লোকমান্য তিলক টার্মিনাস-গোরখপুর হোলি স্পেশাল ট্রেনটি ০৩ এবং ১০ মার্চ, ২০২৩ এবং গোরখপুর থেকে চলবে এবং ১২ মার্চ, ২০২৩এ, লোকমান্য তিলক টার্মিনাস থেকে ০২টি ভ্রমণের জন্য নিম্নলিখিতগুলি করা হবে। এটিতে ভ্রমণকারী যাত্রীদের কোভিড-১৯ সম্পর্কিত সময়ে সময়ে জারি করা সমস্ত মান অনুসরণ করতে হবে। ফলস্বরূপ, ০২৫৪১ গোরখপুর-লোকমান্য তিলক টার্মিনাস হোলি স্পেশাল ট্রেনটি ০৩ এবং ১০ মার্চ, ২০২৩ তারিখে ২০.৫৫ ঘটিকায় গোরখপুর ছেড়ে যাবে এবং খলিলাবাদ থেকে ২১.৩৩ টায়, বাস্তি ২২.০৩ টায়, গোন্ডা ২০ ০৩ টায়, বাদশা ২০ টায়, ২০২০ টায়। , কানপুর সেন্ট্রাল থেকে ০৪.১৫ এ, সুমেরপুর থেকে ০৬.০৫ এ ভারওয়া, ০৬.০৫ এ রাগৌল, ০৭.৪৫ এ বান্দ্রা, ০৮.৪৭ এ চিত্রকুট, ১২.১৫ এ সাতনা, ১৩.৪৫ এ কাটনি, ১৬.১৫ এ

জবলপুর, ০৬.০৫ এ ভুভালসা, তৃতীয় দিন ভুভাল ০৫ এ ছাড়বে। ০০.১৫ ঘন্টা, নাসিক রোড ০৩.৩৫ ঘন্টা এবং কল্যাণ ০৬.৩০ ঘন্টা এবং লোকমান্য তিলক টার্মিনাস ০৭.২৫ ঘন্টায় পৌঁছান। ফিরতি যাত্রায়, ০২৫৪২ লোকমান্য তিলক টার্মিনাস-গোরখপুর হোলি স্পেশাল ট্রেনটি লোকমান্য তিলক টার্মিনাস থেকে ০৫ ও ১২ মার্চ, ২০২৩ তারিখে ১২.৪৫ ঘটিকায় ছেড়ে যাবে এবং কল্যাণ ১৩.২০ টায়, নাসিক রোড থেকে ১৬.১০ টায়, ১৬.১০ ০৫.০৩, ৫.০৩. ঘন্টা, দ্বিতীয় দিন জবলপুর থেকে ০৪.৪৫ এ, কাটনি থেকে ০৬.৩৫ এ, সাতনা থেকে ০৮.৩৫ এ, চিত্রকূট ধাম থেকে ১২.৪২ এ, বান্দা থেকে ১৪.০৫ এ, রাগৌল থেকে ১৪.৪৫ এ, ভরওয়া সুমেরপুর থেকে ১৫.১০ এ, কানপুর সেন্ট্রাল থেকে ০৬.১০ এ ১৯.২৫, বাদশানগর থেকে এটি গোন্ডা থেকে ১৯.৪৭ টায়, বাস্তি ২৩.১০ টায় এবং খলিলাবাদ ২৩.৩৫ টায় ছেড়ে যাবে এবং তৃতীয় দিনে ০০.৩০ টায় গোরখপুরে পৌঁছাবে।এই ট্রেনে ০২টি জেনারেটর কাম লাগেজ ভ্যান, ১৪টি শীতাতপ নিয়ন্ত্রিত তৃতীয় শ্রেণি, ০৪টি শীতাতপ নিয়ন্ত্রিত দ্বিতীয় শ্রেণির কোচ সহ মোট ২০টি কোচ বসানো হবে।

কোন্নগর কানাইপুর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে দুয়ারে আইনি পরামর্শ কর্মসূচি

বনস্পতি দে, কোন্নগর,২৫ ফেব্রুয়ারি ঃ হুগলির কোন্নগরে কানাইপুর অঞ্চল পঞ্চায়েতের উদ্যোগে দুয়ারে আইনি পরামর্শ কর্মসূচি শনিবার থেকে শুরু হল। দুয়ারে সরকার প্রকল্পের মত সাধারণ মানুষ বিনা পয়সায় আইনি পরামর্শ পাবেন। আগে দুয়ারে সরকার প্রকল্পে যেমন সাধারণ মানুষ সব সুযোগ সুবিধা পেয়েছিলেন এবারও ঠিক তাই যারা গরীব মানুষ পয়সা কড়ি নেই তাদের কথা ভেবে দুয়ারে আইনি পরামর্শ কর্মসূচি নেওয়া হয়েছে। কোন্নগর কানাইপুর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে শনিবার সকাল দশটা থেকে বিকাল পর্যন্ত বিনা পয়সায় আইনি পরামর্শ শিবির চালু করা হলো । প্রায় ১৪-১৫ জন আইনজীবী এই শিবিরে এসেছিলেন শ্রীরামপুর মহকুমা কোর্টের আইনজীবীরা উপস্থিত ছিলেন এছাড়াও হাইকোর্টের আইনজীবীরা ও জেলা আদালতের আইনজীবীরা ছিলেন। প্রচুর সাধারণ মানুষ এই শিবিরে এসে তাদের আইনি সমস্যার কথা বলেন আইনজীবীদের সঙ্গে সঙ্গে তারা সমস্যার সমাধান করেন বা রাস্তা দেখিয়ে দেন। এই শিবিরে সিভিল ফৌজদারি সহ অন্যান্য আইনি পরামর্শ দেওয়া হয় সাধারণ মানুষকে বিনা পয়সায়। শ্রীরামপুর কোর্টের এক আইনজীবী বলেন আমরা এই শিবিরে এসেছি সাধারণ মানুষ যারা গরীব মানুষ নানান রকম পারিবারিক সমস্যা বা অন্য সমস্যায় কোর্টে যেতে পারেন না তাদের জন্যই শিবির তাদেরকে আমরা পরামর্শ দিয়েছি। এই দুয়ারে আইনি পরামর্শ মাসে একদিন করে হবে এই প্রসঙ্গে কোন্নগর কানাইপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আচ্ছা লাল যাদব বলেন আমরা সাধারণ মানুষের কথা ভেবে যাদের পয়সা কড়ি নেই অথচ আইনি সমস্যায় ভুগছেন কোর্টে যেতে পারছেন না তাদের জন্য আমরা আমাদের পঞ্চায়েত অফিসে দুয়ারে আইনি পরামর্শ শিবির খুলেছি এতে সাধারণ মানুষ অনেক উপকার পাবেন তাদের যা যা আইনের সমস্যা আছে অথচ কোর্টে যেতে পারছেন না তারা এই শিবিরে অনেক উপকার পাবেন অনেক আইনজীবীরা এসেছেন তারা পরামর্শ দিয়েছেন। মাসে একদিন করেই শিবির হবে। এলাকার এক বাসিন্দার বক্তব্য দুয়ারে আইনি পরামর্শ হবে খুব ভালো হয়েছে। এটা হবে আমরা ভাবতে পারিনি আমার কিছু আইনি সমস্যা ছিল পয়সার জন্য কোর্টে যেতে পারছিলাম না এখানে এসে উকিলের পরামর্শ পেলাম বিনা পয়সায় আমার খুব উপকার হলো।

রাজ্যের জন্য আড়াই হাজার কোটি টাকার বেশি বরাদ্দ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পে রাজ্যের জন্য আড়াই হাজার কোটি টাকার বেশি বরাদ্দ করেছে। বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নতি ও শিক্ষার উন্নয়নে আগামী অর্থবছরের জন্য এই প্রকল্পে ২ হাজার ৭৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য এই প্রকল্পে মোট খরচের ষাট শতাংশ টাকা দেয় কেন্দ্রীয় সরকার। বাকিটা রাজ্য সরকারকে বহন করতে হয়।

রাজ্যে বিধবা,বয়স্ক ভাতা প্রাপকের সংখ্যা বেড়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ রাজ্যে বিধবা,বয়স্ক ভাতা এবং প্রতিবন্ধীদের জন্য মানবিক ভাতা প্রাপকের সংখ্যা গত ৪ বছরে ৩০গুণ বেড়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে। রাজ্যের নারী, শিশু ও সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী শশী পাঁজা সম্প্রতি বিধানসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে জানিয়েছেন, এই তিন ধরনের ভাতা প্রাপকের সংখ্যা রাজ্যে এখন প্রায় সাড়ে ৩৮ লক্ষ। গত ৪ বছরের মধ্যে ভাতাপ্রাপকের সংখ্যা ৩০ গুণ পর্যন্ত বেড়েছে। রাজ্যে এখন বিধবা ভাতা পাচ্ছেন ১৫ লক্ষ ৫৪৬ জন। বয়স্ক ভাতা প্রাপকের সংখ্যা ১৬ লক্ষ ৮৯ হাজার ৬৫৭ জন। মানবিক ভাতা প্রাপকের সংখ্যা ৬ লক্ষ ৫১ হাজার ৭০৫ জন। ভাতা দেওয়ার ক্ষেত্রে কোনও কোটা নির্ধারণ করা হয়নি। ভাতা দেওয়া হয় চাহিদা অনুযায়ী। আবেদনকারীর তথ্য যাচাই করা হয়। মানবিক ভাতা প্রাপকদের ক্ষেত্রে ৪০ শতাংশের বেশি শারীরিক প্রতিবন্ধকতার মেডিক্যাল সার্টিফিকেট থাকা জরুরি।

৬ই মার্চ শুরু হবে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ আগামী ৬ই মার্চ থেকে শুরু হতে চলা রাজ্য বিধানসভার প্রস্তাবিত বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বে বিভিন্ন দপ্তরের বাজেট বরাদ্দের উপরে যে আলোচনা হবে সেখানে ৩৩ টি দপ্তরকে নিয়ে কোন আলোচনা না করে তা গিলোটিনে পাঠিয়ে দেওয়ার কথা ভাবা হয়েছে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। শিক্ষা, স্বরাষ্ট্র দপ্তরকে আলোচনার বাইরে রাখা হয়েছে। অন্যদিকে কৃষি, পঞ্চায়েত, পুর ও নগর উন্নয়নের মতো ছটি দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে চারদিন আলোচনা হবে বলে ঠিক হয়েছে।

জয়নগরে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন অসুস্থ হয়ে পড়ল ছাত্রী

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ২৫ ফেব্রুয়ারি ঃ মাধ্যমিক পরীক্ষার তৃতীয় দিনে শনিবার পরীক্ষা কেন্দ্রে গিয়ে পরীক্ষা চলাকালীন অসুস্থ হয়ে পড়লো এক মাধ্যমিক পরীক্ষার ছাত্রী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল, শনিবার পরীক্ষা চলাকালীন জয়নগর মজিলপুর পৌরসভার শ্যামসুন্দর বালিকা বিদ্যালয়ে পরীক্ষা দিচ্ছিল জয়নগর ইনস্টিটিউশন ফর গার্লসের রুপা সেখ নামে এক ছাত্রী। বাড়ি জয়নগর থানার উত্তর দূর্গাপুর পঞ্চায়েতের ফতেপুর গ্রামে। পরীক্ষা চলাকালীন প্রচন্ড পেট ব্যাথা করায় ছটফট করতে থাকে সে পরীক্ষা কেন্দ্রে। খবর দেওয়া হয় জয়নগর থানা ও জয়নগর উওরচক্রের স্কুল পরিদর্শককে।আর তার পরেই জয়নগর থানার এস আই রাজু গুপ্তা ও জয়নগর উওর চক্রের অপর বিদ্যালয় পরিদর্শক কৃষেন্দু ঘোষ ঐ ছাত্রীকে তৎক্ষনাৎ নিমপীঠ রামকৃষ্ণ গ্রামীন হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করান। আর সেখানেই প্রাথমিক চিকিৎসার পরে হাসপাতালের বেড বসেই এ দিনের পরীক্ষার বাকি অংশ শেষ করে সে। আর এদিন হাসপাতালে পরীক্ষা দিয়ে সে বলে,আচমকা পরীক্ষা দিতে দিতে আমার খুব পেটের ব্যাথা করছিল। পরীক্ষা দিতে পারছিলাম না। সবার চেষ্টায় আমি হাসপাতালে বসে পরীক্ষাটা দিতে পারলাম।ঐ ছাত্রীর বাবা বলেন,আগে এরকম কোনো দিন এরকম ভাবে যন্ত্রনা করে নি। তাই খুব ভয় পেয়ে গেছিলাম। তবে এখন মেয়ে ভালো আছে জেনে স্বস্তি পেলাম। হাসপাতাল সূত্রে জানা গেল,এদিন পর্যবেক্ষণে রেখে ছাত্রীটিকে রাতের দিকে ছেড়ে দেওয়া হবে।

রাজ্যে অ্যাডিনো ভাইরাসের সংক্রমণ নিয়ে উদ্বেগ বাড়ছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ ফেব্রুয়ারি ঃ রাজ্যে অ্যাডিনো ভাইরাসের সংক্রমণ নিয়ে উদ্বেগ বাড়ছে। কলকাতার পাশাপাশি জেলার হাসপাতালগুলিতে শিশু রোগীদের ভিড় বেড়েই চলেছে। কলকাতার ফুলবাগান এলাকায় বি সি রায় শিশু হাসপাতালে আশেপাশের বিভিন্ন জেলার পাশাপাশি দূরদূরান্ত থেকেও জ্বর, সর্দি, কাশি, শিশুদের নিয়ে আসা হচ্ছে, যার চাপ সামাল দিতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষকে। কলকাতার একটি বড় বেসরকারি শিশু হাসপাতালে গিয়ে দেখা গেল, সেখানেও সর্দি, কাশিতে আক্রান্ত রোগীদের ভিড় লেগেই রয়েছে। ওই হাসপাতালের ডিরেক্টর বিশিষ্ট শিশু রোগ বিশেষজ্ঞ অপূর্ব ঘোষ বর্তমান পরিস্থিতির নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। স্বাস্থ্য ভবন সূত্রে জানা গেছে, অ্যাডিনো ভাইরাসজনিত পরিস্থিতি নিয়ে আজ স্বাস্থ্য কর্তাদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগী। বৈঠকে জেলা থেকে রোগীদের বি সি রায় হাসপাতালে রেফার না করার নির্দেশ দেন তিনি। বি সি রায় শিশু হাসপাতালের সুপার সন্দীপ সামন্ত জানিয়েছেন, এই মুহূর্তে ওই হাসপাতালের ৪০০টি বেডের একটিও খালি নেই। ২০টি শিশুকে ভেন্টিলেটরে রাখা হয়েছে। কলকাতায় যে সব সরকারি বেসরকারি হাসপাতালে শিশুদের জন্য আইসিইউ এর ব্যবস্থা রয়েছে, সেগুলির অধিকাংশই এখন ভর্তি রয়েছে। রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগী জানিয়েছেন, যে ধরনের পরিস্থিতির মোকাবিলায় পুরোপুরি তৈরি রয়েছে স্বাস্থ্য দফতর। এদিকে, নাইসেড সূত্রে জানা গেছে, অ্যাডিনো ভাইরাসের ৪০টি নমুনার জিনোম সিকোয়েন্সিং হয়েছে। তাতে দেখা গিয়েছে বেশিরভাগ নমুনাতেই মিশে রয়েছে ভাইরাসের একাধিক স্ট্রেন।

নিউবারাকপুর থানায় সিসি টিভির কন্ট্রোল রুমের শুভ উদ্বোধন

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ২৫ ফেব্রুয়ারি ঃ সাধারণ মানুষের নিশ্চিদ্র নিরাপত্তায় নিউ বারাকপুর থানায় সিসিটিভি কন্ট্রোল রুমের উদ্বোধনে শুক্রবার রাতে এলেন ব্যারাকপুর পুলিশ কমিশনার অলক রাজোরিয়া। মূলত সমাজ বিরোধীদের দৌরাত্ম কমাতে এবং চুরি ছিনতাই ডাকাতি কমাতে এই উদ্যোগ নেওয়া হয়।এইদিন নিউ ব্যারাকপুর থানা এলাকার বিশেষ বিশেষ জায়গা চিহ্নিত করে মোট ২১ টি সিসি ক্যামেরা ইন্সটল করা হয়,যা আগামী দিনে আরও বারানো হবে হবে বলে জানান ব্যারাকপুর পুলিশ কমিশনার ।এইদিন ব্যারাকপুর পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া ছাড়াও উপস্থিত ছিলেন ঘোলা এসিপি তনয় চট্টোপাধ্যায়, নববারাকপুর থানার ওসি বিজয় কুমার ঘোষ, নিউ বারাকপুর পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস। নিউ বারাকপুর পুরসভা এর আগে ১৩৫ সিসি ক্যামেরা বিভিন্ন জায়গা ইন্সটল করেছে,এবার নব ব্যারাকপুর থানায় কন্ট্রোল রুম তৈরি করে ২১ টি সিসি ক্যামেরা বিলকান্দা ১ও ২নং গ্রামাঞ্চলে গুরুত্বপূর্ণ বর্ডার জায়গায় ইন্সটল করলো,যা ২৪ ঘন্টা মনিটরিং চলবে নিউ ব্যারাকপুর থানা থেকে।অন্যদিকে ব্যারাকপুর শিল্পাঞ্চল জুড়ে এখনো বোমাবাজি,গুলি, বোম উদ্ধার,সমাজ বিরোধীদের দাপাদাপি চলছে,এই বিষয়ে অলোক রাজোরিয়া জানান গত তিনমাস বা একমাসে কতগুলো এমন ঘটনা ঘটেছে সেইভাবে দেখতে,সব শেষ হয়ে গেছে বা অশান্তি একেবারে হচ্ছে না এমনটা নয়, তবে তুলনামূলক অনেকটাই কমেছে।এখনো এমন ঘটনা ঘটছে,তার জন্য পুলিশ প্রশাসন কাজ করছে,যা সবকিছু মিডিয়ার সামনে বলা যাবে না।এই ধরনের ঘটনা কমাতে সিসিটিভি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা,পাশাপাশি এন্টি ক্রাইম কাজ চলছে।

তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে বসন্ত উৎসবের সূচনা

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ হাওড়ায় শিবপুর কেন্দ্র তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে বসন্ত উৎসবের সূচনা। আগামী দোল উৎসবের প্রাক্কালে শনিবার থেকেই আগাম বসন্ত উৎসবে মাতলেন শিবপুরবাসী। এদিন হাওড়ায় শিবপুর কেন্দ্র তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে বসন্ত উৎসবের সূচনা হয়। শিবপুর যুব তৃণমূলের সভাপতি সুপ্রভাত মশাটের উদ্যোগে শনিবার আগাম দোল উৎসবের সূচনা হয়। হাওড়া জেলা সদরের যুব সভাপতি কৈলাশ মিশ্র, শিবপুর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের সভাপতি মহেন্দ্র শর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন এই কর্মসূচিতে। এছাড়াও এই অনুষ্ঠানে হাজির ছিলেন ছাত্র যুব কর্মীরাও।

দক্ষিণ হাওড়ায় দুর্ঘটনায় মৃত্যু মহিলা সিভিক ভলেন্টিয়ারের

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ দক্ষিণ হাওড়ার লক্ষীনারায়ণতলায় দুর্ঘটনা। চারচাকা গাড়ির ধাক্কায় রাস্তা পেরতে গিয়ে মৃত্যু মহিলা সিভিক ভলেন্টিয়ারের। পথ দুর্ঘটনায় মৃত্যু হল হাওড়া সিটি পুলিশের এক মহিলা সিভিক কর্মীর। শুক্রবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে দক্ষিণ হাওড়ার লক্ষীনারায়ণতলা এলাকায়। জানা গেছে ওই সিভিক ভলেন্টিয়ারের নাম পিয়ালী বসাক। বয়স ৩০। তাঁর বাড়ি হাওড়া থানা এলাকার টিকিয়াপাড়ায়। পুলিশ সূত্রে জানা গেছে, ওই সিভিক কর্মী চেক আপের জন্য চিকিৎসকের কাছে যাচ্ছিলেন। সেই সময় রাস্তা পার সময় একটি গাড়ি এসে তাকে ধাক্কা দেয়। আশঙ্কাজনক অবস্থায় তাকে নারায়ণা বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনার পর ঘটনাস্থলে ছুটে আসে বোটানিক্যাল গার্ডেন থানার পুলিশ। ঘাতক গাড়িটি আটক করেছে পুলিশ। গাড়ির চালক জয়ন্ত সামন্তকে পুলিশ গ্রেফতার করেছে।

রায়দীঘির রাধাকান্তপুরে সুস্বাস্থ্য দিবস পালন করা হলো

দুরন্ত বার্তা, রায়দীঘি, ২৫ ফেব্রুয়ারি ঃ রাজ্যের বর্তমান সরকার গ্রামীন স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিশেষ নজর দিয়েছে। ইতিমধ্যে চালু হয়েছে দুয়ারে চিকিৎসক। আর গ্রামীণ এলাকার মা ও শিশুদের স্বাস্থ্য সুরক্ষিত রাখবার লক্ষ্যেসরকারী নির্দেশ মেনে দঃ ২৪ পরগনা জেলার মথুরাপুর ২ পঞ্চায়েত সমিতির অধীন রাধাকান্তপুর গ্রাম পঞ্চায়েতে শনিবার সুস্বাস্থ্য দিবস উদযাপন করা হল। এদিনের কর্মসূচীতে বিষয় বস্তুর নিরিখে আলোচনা সহ একটি পদযাত্রা ও অনুষ্ঠিত হয়। আর এদিনের এই পদযাত্রায় পঞ্চায়েত প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সদস্যসদস্যা, পঞ্চায়েতের বিভিন্ন আধিকারিক বৃন্দের পাশাপাশি সাব সেন্টারের সকল স্বাস্থ্য কর্মী এবং ভি আর পি কর্মীবৃন্দেরা ও অংশগ্রহন করেন।এদিন রাধাকান্তপুর পঞ্চায়েত প্রধান শ্রীমতী চম্পা বৈদ্য এ বিষয়ে বলেন, সুস্বাস্থ্যের অধিকারী হতে হলে মূলত নিয়মিত শরীরচর্চা, সঠিক খাদ্যাভ্যাস ও প্রাথমিক স্বাস্থ্যবিধান গুলির উপর বেশি জোর দিতে হবে।তাই তো এই ধরনের অনুষ্ঠান করা হলো। যাতে সবাই সুস্থ ও ভালো থাকে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ৮৭ সংখ্যা, রবিবার, ১৩ ফাল্গুন ১৪২৯

দুর্নীতিমুক্ত শিক্ষা ব্যবস্থা চায় আদালত

সম্পাদকীয় ১

পশ্চিমবঙ্গে দুর্নীতি মুক্ত শিক্ষা ব্যবস্থা চালু করার পক্ষে মত দিতে শুরু করে দিয়েছেন আদালত। রাজনৈতিক চাপকে অস্বীকার করে প্রশাসনিক চাপকে এড়িয়ে গিয়ে যেভাবে সিবিআই দিয়ে বাংলার শিক্ষা ব্যবস্থার তদন্ত করার ব্যবস্থা করেছিল আদালত তাতে সাধুবাদ পেয়েছে। আদালত প্রমাণ করতে পেরেছে যে সদইচ্ছা থাকলে সৎ কাজও করা যেতে পারে। প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় থেকে শুরু করে শিক্ষা দফতরের উচ্চ পদস্থ কর্মকর্তারা যেভাবে এই দুর্নীতির সঙ্গে জড়িয়ে গিয়েছে তাতে তাদেরকে কারাগার থেকে বের করা একেবারে মুশকিল। আদালত আবার কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদত্যাগ করতে বাধ্য করিয়েছে। আদালত বলেছে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ আইনসম্মত হয়নি। তাঁর নিয়োগ আইনকে মান্য করে হয়নি। তার ফলে তাকে অতি অবশ্যই পদত্যাগ করতে হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে এখন আর কোনও উপাচার্য নেই। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সুনাম জগত জোড়া। সেই সুনামে কালি লেপন করতে শুরু করেছিল রাজনৈতিক ধান্দাবাজেরা। তারা রাজনৈতিক দলের মদতে শিক্ষা জগতে প্রবেশ করে দুর্নীতির কোষাগার তৈরি করে ফেলেছিল। বাংলার ছাত্রদের এই রকম দুর্নীতি হাত থেকে মুক্ত করলো আদালত এটা বড় কম কথা নয়। আজকে এর ফলাফল বুঝতে পারা সম্ভব হচ্ছে না। তবে আগামি দিনে শিক্ষক নিয়োগ করা ক্ষেত্রে দুর্নীতি মাথা চাড়া দিয়ে উঠবে না এটা নিশ্চিত করে বলে দেওয়া যেতে পারে। তবে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেছেন তাঁর জীবনদ্দশায় তিনি আসল অপরাধীকে দেখতে পাবেন কিনা তা নিশ্চিত করে বলতে পারছেন না। এদিকে সিবিআই বলতে শুরু করে দিয়েছে যে শিক্ষা জগতে নাটের গুরুকে খুঁজে বের করে ফেলেছে। কিন্তু তাকে গ্রেফতার করা সম্ভব হচেছ না। তিনি খুবই প্রভাবশালী ব্যক্তি। তার ফলে তাকে গ্রেফতার করতে গেলে আইনের ফাঁক দিয়ে তিনি বের হয়ে যেতে পারেন। তাঁকে গ্রেফতার করতে গেলে বিশেষ প্রক্রিয়া গ্রহণ করতে হবে। সিবিআই এর ঢিলেমির নিঃদা করেছে আদালত। তারা বলেছে সিবিআই যদি আসল অপরাধী কে তা জানতে পারে তাহলে কেন তাকে গ্রেফতার করা হচেছ না। সিবিআই কেন হাতে সময় নেওয়ার চেষ্টা করছে। আদালত বহু বার এই নিয়ে সিবিআইকে ভর্ৎসনা করেছে। কিন্তু সিবিআই প্রভাবশালী দুর্নীতিবাজকে গ্রেফতার করতে একেবারে নারাজ। তার ফলে আদালত বেশ ক্ষুব্ধ সিবিআইয়ের ওপরে। এদিকে আদালত আবার ইডির দিকে নজর দিতে শুরু করেছে। ইডি দিয়ে দুর্নীতির তদন্ত এবং গ্রেফতার করানো সম্ভব হবে কিনা তা নিয়ে আইনী ব্যবস্থা খুলে দেখার চেষ্টা করছে। আদালত চাইছে এই দুর্নীতির মামলা জরুরী ভিত্তিতে শেষ করা হোক। যত তাড়াতাড়ি এর মামলা শুরু হয়ে রায় ঘোষণা করে অপরাধীদের শাস্তি দেওয়া সম্ভব হবে ততই রাজ্যের পক্ষে মঙ্গল।

কিছুতেই থামছে না ইউক্রেন যুদ্ধ

সম্পাদকীয় ২

ইউক্রেন যুদ্ধ থামছে না। বরং বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। এদিকে রাশিয়ার সেনারা কিভ শহরের চারদিকে এসে উপস্থিত হয়েছে। রুশ বাহিনীকে রুখতে ইউক্রেন সেনারা আত্মঘাতী হামলা করতে শুরু করেছে। তার ফলে রাশিয়ার বিশাল ক্ষতিগ্রস্তের মুখে পড়ে গিয়েছে। কিন্তু পিছিয়ে যাওয়ার কোনও সম্ভাবনা নেই রাশিয়ার বাহিনীর। মস্কো থেকে বলে দেওয়া হয়েছে যে কোনও উপায়ে কিভ দখল করতে হবে। কিভ মস্কোর চাই। অস্ত্র নামিয়ে রাখা চলবে না বলে রুশ প্রতিরক্ষা মন্ত্রক আদেশ দিয়েছে। এদিকে রাশিয়া ভারি ক্ষেপনাস্ত্র ব্যবহার করতে শুরু করেছে। কিভ শহরে যেভাবে ইউক্রেন সেনারাপ্রতিরোধ গড়ে তুলেছে। তাকে ভাঙতে গেলে শক্তিশালী ক্ষেপনাস্ত্র প্রয়োজন বলে মনে করছে রুশ সেনারা। সেই কারণে তারা ক্ষেপনাস্ত্র ৪০০ ব্যবহার করতে পিছু পা হচেছ না। ইউক্রেনে প্রেসিডেন্ট জেলেনস্কি বারবার শান্তিপূর্ণ বৈঠকের কথা বলে চলেছেন। কিন্তু প্রেসিডেন্ট পুতিন সেই কথায় কান দিচ্ছেন না। তিনি লড়াই চালিয়ে যাওয়ার আদেশ জারি রেখেছেন। এদিকে কিভ শহর খালি করতে শুরু করে দিয়েছে সেখানকার বাসিন্দারা। বহু বয়স্ক ব্যক্তিরা কিভ ছেড়ে চলে যেতে পারেননি। তারা সেখানে বসবাস করছেন। এদিকে কিভ শহরের ঐতিহ্যপূর্ণ ভবনগুলিকে রক্ষা করার আবেদন করেছেন সেখানকার বাসিন্দারা। তারা বলতে শুরু করে দিয়েছেন কিভের ইতিহাস সমৃদ্ধ ভবনগুলির দিকে তাক করে যেন কোন গোলা বর্ষন না হয়। কিন্তু রুশ বাহিনী তাদের কথায় কান দিচ্ছে না। তারা বহু ইতিহাস প্রসিদ্ধ ভবনকে একেবারে গোলা মেরে মাটির সঙ্গে মিশিয়ে দিয়েছে। শক্তি দম্ভ দেখাতে চাইছে রুশ বাহিনী। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি বলেছেন, কিভ শান্তির বৈঠক শুরু হয়েছে। সেখান থেকে শান্তির সমাধান সূত্র বের করার উদ্যোগ গ্রহণ করতে শুরু করে দিয়েছে দুই রাষ্ট্র। কিন্তু এদিকে জেলেনস্কি বলেছেন, রাশিয়া কোনও শর্ত আরোপ করলে তা মানা হবে না। শেষ রক্তবিন্দু পর্যন্ত ইউক্রেন সেনারা লড়াই করে যাবে। আত্মসমর্পন নয়। আত্মমর্যাদার সঙ্গে লড়াই করবে ইউক্রেন সেনারা। ভারত মধ্যস্থতা করতে চেষ্টা করছে। ভারতের বিদেশে মন্ত্রী বলেছেন তিনি মধ্যস্থতা করতে পারেন। ভারত সরকার ইউক্রেন রাশিয়া যুদ্ধের মীমাংসা করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছিল। কিন্তু এখন রাশিয়া ভারতের .ব্যাপারে কোনও কথা বলতে চাইছে না। তারা চুপ করে বসে রয়েছে। ভারতের প্রধানমন্ত্রী মোদির সঙ্গে দেখা হয়েছে রাশিয়ার প্রেসিডেন্টের।



ঠাকুর রামকৃষ্ণ কথামৃত

ঠাকুর রামকৃষ্ণদেব বললেন,ভগবান সবাইকে যখন পাঠিয়েছেন তখন সবার খাদ্য দিয়েই পাঠিয়েছেন। কাজ দিয়েই পাঠিয়েছেন। কারোর খাবার কেউই নিতে পারে না। সবাই যে যার কাপলে খাদ্য গ্রহণ করে থাকে। বাই যে যার কপালে কাজ গ্রহণ করে থাকে। কেউই কারোর খাদ্য এবং কাজ কেড়ে নিতে পারে না। মা ভবতারিণীর প্রতি বিশ্বাস রাখতে হবে। তাকে পুজো করতে হবে। তার শক্তিকে বিশ্বাস করতে হবে। তবেই সবাই বড় হতে পারবে। মায়ের আর্শিবাদ গ্রহণ করতে পারবে। মা জগতকে ধারন করে থাকেন। জগতের শ্রীবৃদ্ধি করে থাকেন মা ভবতারিণী। তিনি শক্তিদাত্রী। তিনি ভক্তিদাত্রী। তিনি সবার মঙ্গল করেন। তিনি জ্ঞানদায়িনী। তিনি উজ্জ্বলময়ী মা। তিনি ভক্তিমতী মা।

বিশ্বভারতীর সমাবর্তনে ‘বাংলার পুনর্জাগরণ’ চাইলেন প্রতিরক্ষামন্ত্রী

রবীন্দ্র কুমার শীল

কথা ছিল শিক্ষামন্ত্রীর আসার। কিন্তু সেখানে বিশ্বভারতীর সমাবর্তনে এসে উপস্থিত হলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি এসে কোনও রাজনীতির কথা বললেন না। তিনি কোনও বিরোধী দলের নেতাদের বিরুদ্ধে একটি কথাও উচ্চারণ করলেন না। তিনি একেবারে বাংলার নবজাগরণের ইতিহাসকে তুলে ধরে বাংলা পুনর্জাগরণের কথা বলতে শুরু করে দিয়ে সবাইকে একেবারে চমকে দিলেন। এটা কিন্তু উপস্থিত অতিথিরা আশা প্রকাশ করতে পারেননি যে প্রতিরক্ষা মন্ত্রী রাজনীতির কথা না বলে মোদির প্রশংসা না করে একেবারে বাংলার প্রশংসা করতে শুরু করে দেবেন। সবাই অঙ্ক কষতে শুরু করে দিয়েছিলেন যে রাজনাথ যখন বিশ্বভারতীর সমাবর্তনে এসে উপস্থিত হচ্ছেন তখন নিশ্চয় মোদির কথা বলবেন। মোদি কীভাবে দেশের শিক্ষা ব্যবস্থার উন্নতি করার চেষ্টা করছেন তার বন্দনা করবেন। কিন্তু রাজনাথ সিং সেই সব পথ একেবারে পরিত্যাগ করলেন। তিনি দেশের স্বাধীনতা সংগ্রামের কালে রাজনৈতিক নেতা গোখলের বাংলার বন্দনার কথাতে তুলে ধরে বললেন, বাংলা আবার জাগতে হবে। তার শক্তিকে জাগরিত করতে হবে। তার জন্য কেন্দ্রীয় সরকার থেকে শুরু করে রাজ্য প্রশাসন সক্রিয় হতে শুরু করে দিয়েছে। তিনি গোখলের কথাকে স্মরণ করলেন- ‘বাংলা আজকে যা ভাবে আগামি দিনে ভারত তা ভাবে।’ তার ফলে সারা সমাবর্তন ঘিরে বিশাল হাততালি পড়তে শুরু করে দিয়েছিল। রাজনাথ বাংলার প্রশংসা করতে শুরু করে দিয়েছিলেন উপস্থিত সবাই। তিনি বলেন, বিশ্বভারতীয় ছাত্ররা সেই পথ তৈরি করতে বিশাল ভূমিকা পালন করবে। তিনি ছাত্র সমাজ এবং যুব সমাজকে এগিয়ে আসার কথা বললেন। বাংলাকে রক্ষা করতে পারে ছাত্র এবং যুবকেরা। তারই বাংলা তথা ভারতের মানকে মর্যাদায় পরিপূর্ণ করতে পারে। শিক্ষা ক্ষেত্রে নিয়োগ দুর্নীতি এবং অমর্ত্য সেনের জমি বিতর্ক নিয়ে একটি কথা রাজনাথ বললেন না। তিনি এই সব কথাকে সমাবর্তনের মধ্যে টেনে আনলেন না। তিনি রাজনীতির কথা থেকে শত যোজন দুরে অবস্থান করলেন। ছাত্রসমাজও অবাক হয়ে গিয়েছিল যে রাজনাথ সিং এই রকমভাবে বাংলার প্রশংসার কথা বলতে পারেন শুনে। ছাত্র সমাজ থেকে শুরু করে উপস্থিত অতিথিরা অবাক হয়ে গিয়েছিলেন যে রাজনাথ একেবারে রাজনীতির কথাকে পরিত্যাগ করে বাংলার প্রশংসা করতে শুরু করে দিয়েছেন। তারা এতটা আশা করতে পারেননি। এদিকে তৃণমূল কংগ্রেসের মুখাত্র বলেছেন, প্রধানমন্ত্রী কাজের চাপে আসতে পারেননি। তাই বলে সম্মানীয় প্রতিরক্ষা মন্ত্রীকে সমাবর্তনে উপস্থিত করা কথা ভাবতে পারে কেন্দ্রীয় সরকার এটা তারা বুঝতে পারেনি। শিক্ষামন্ত্রী আসলে নিশ্চয় পরিবেশের সঙ্গে খানিকটা মানসই হতো। যাই হোক প্রতিরক্ষা মন্ত্রী এসে কিন্তু তিনি কোনও রকমভাবে দেশের নিরাপত্তা কথা

বলেননি। উপস্থিত ছাত্রদের সামনে বিশ্বভারতীয় সুনাম করেছেন এবং পাশাপাশি বাংলার সুনাম করেছেন। তিনি বলেছেন বাংলায় নবজাগরণ হয়েছিল। বাংলা এক সময়ে সারা ভারতকে পথ দেখিয়ে ছিল। স্বাধীনতা সংগ্রামের কালে বাংলা সারা ভারতকে পথ দেখায়। বাংলা থেকে স্বদেশি আন্দোলনের সূচন হয়েছিল। আবার বাংলাকে জাগাতে হবে। তার জন্য বিশ্বভারতীয় ছাত্রদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। বাংলাতে জন্ম গ্রহণ করেছিলেন রাজা রামমোহন রায়। তিীন সতীদাহ প্রথা বিলোপ করেছিলেন। এই বাংলা থেকে নারী মুক্তি আন্দোলনে সূচনা হয়েছিল। এই বাংলা থেকে সশস্ত্র বিপ্লবের পথ তৈরি হয়েছিল। এই বাংলা থেকে ভারতকে স্বাধীনতা দিতে হবে তার আওয়াজ শুনতে পাওয়া গিয়েছিল। বাংলাকে আবার জাগরিত করতে হবে। তার জন্য সবার সহযোগিতা খুবই প্রয়োজন। বাংলা থেকেই প্রথম নোবেল পুরস্কারা লাভ করেন রবীন্দ্রনাথ । তিনি ছিলেন ভারতের আন্তর্জাতিক প্রতিনিধি। স্বামী বিবেকানন্দ একজন ভারতের আন্তর্জাতিক প্রতিনিধি ছিলেন। তিনি ভারতের ধর্মের কথাকে বিশ্লেষণ করে সারা বিশ্ব ব্যাপী ছড়িয়ে গিয়েছিলেন। আর রবীন্দ্রনাথ বাংলার সংস্কৃতি থেকে শুর করে সাহিত্যকে বিশ্ব ব্যাপী বিস্তার করে দিয়ে গিয়েছিলেন। এই বিশ্বভারতীর শিক্ষা গ্রহণ করতে চিন জাপান এবং বিশ্বের বহু দূরদূরান্ত থেকে ছাত্র পড়তে আসে। তারা বিশ্বভারতীতে আসে কারণ এখানে এখনও আশ্রমিক শিক্ষা ব্যবস্থাকে প্রাধান্য দেওয়া হয়ে থাকে। যারাই বিশ্ব ভারতীয় সঙ্গে যুক্ত ছিলেন তারাই বিশ্বের সুনাম অর্জন করতে সক্ষম হয়েছিলেন। বিশ্ব ভারতীর ছাত্র ছিলেন সত্যজিৎ রায়। তিনি তো আন্তর্জাতিক মানে চলচ্চিত্র পরিচালক ছিলেন। এই বিশ্বভারতীর আচার্য ছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। শিল্পী অবনীন্দ্রনাথ ঠাকুর এই বিশ্বভারতীয় উপাচার্য ছিলেন। তিনি স্বদেশ প্রেমিক শিল্পী। তাঁর আঁকা ভারতমাতা আজকে সারা ভারত জুড়ে প্রাধান্য লাভ করেছে। তাঁর আঁকা ভারত মাতা আজকে পূজিত। ভগিনী নিবেদিতার সঙ্গে শিল্পী অবনীন্দ্রনাথের পরিচয় ছিল। তিনি তো শিল্পী অবন ঠাকুরকে ভারতমাতা অঙ্কিত করতে প্রেরণা দিয়েছিলেন। ভারত গড়তে বিশ্ব ভারতীর ভূমিকা কথা সব ভারতবাসীদের স্মরণ করা উচিত। বিশ্বভারতীর ছাত্র সমাজের ওপরে প্রতিরক্ষামন্ত্রী ভরসা রাখেন বলে জানান দিয়েছেন। প্রধানমন্ত্রী বিশ্বভারতীর আচার্য। কিন্তু তিনি ব্যস্ত থাকায় এই সমাবর্তনে উপস্থিত থাকতে পারেননি। তিনি এখন খুবই ব্যস্ত। যুদ্ধ যেভবে বিশ্বের অবস্থাকে একেবারে কাহিল করে দিতে শুরু করে দিয়েছে তা নিয়ে প্রধানমন্ত্রী খুবই চিন্তিত। সেই কারণে তিনি বিশ্বভারতীর আচার্য হওয়া সত্ত্বেও উপস্থিত থাকতে পারলেন না। রাজধানি দিল্লতে উপস্থিত থাকাটা তাঁর কাছে জরুরী এই মুহূর্তে। তাঁর হয়ে তিনি এসে উপস্থিত হয়েছেন বিশ্বভারতীয় সমাবর্তনে। তিনি বিশ্বভারতীর পরিবেশ দেখে একেবারে আপ্লুত। বিশ্বভারতীকে নিজের হাতে গড়ে গিয়েছেন কবিগুরু। সেই কারণে এই প্রতিষ্ঠান আজও নিষ্ঠার সঙ্গে শিক্ষা দান করে চলেছে। এখানকার প্রতিটি ছাত্র অত্যন্ত মেধাবি। তাঁর ভারতের পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের ইচ্ছা ছিল বিশ্বভারতীর ছাত্রদের সঙ্গে মিলিত হয়ে তাদের সঙ্গে কথা বলার। কিন্তু সময়ের অভাবে এবং দ্রুত দিল্লিতে ফিরে যাওয়ার তাগিতে তাঁকে চলে যেতে হচ্ছে। তিনি আশ্বাস দিয়েছেন হাতে সময় পেলে একদিন বিশ্বভারতীয় প্রাঙ্গনে উপস্থিত থেকে এখনকার ছাত্রদের সঙ্গে মিলিত হবেন। তাদের সঙ্গে আলাপ আলোচনা করবেন। এদিকে সিপিএম দলের নেতা সুজন চক্রবর্তী বলেছেন বিশ্বভারতীকে রাজনীতির আখড়া তৈরি করা চেষ্টা করতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। তারা এমনভাবে একন কথা বলতে শুরু করে দিয়েছে যাতে তাদের কথার মধ্যে কোনও বিরোধ না থাকে। বিরোধী দলের রাজনৈতিক নেতারা যাতে কোনও রকম কথা বলতে না পারে। তাদের উদ্দেশ্য বিশ্বভারতীকে গ্রাস করা। তারই উদ্যোগ গ্রহণ করতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। আসলে এখন আর নিন্দা নয়। প্রশংসা করে বিজেপিকরণ করতে হবে শিক্ষা প্রাঙ্গনকে। এদিকে তৃণমূল কংগ্রেসের সিউড়ির সাংসদ শতাব্দী রায় বলেছেন যে রাজনাথ সিং প্রথমেই বলেছেন তিনি রাজনীতি করতে বিশ্বভারতীতে এসে উপস্থিত হননি। তিনি এসেছেন বিশ্বভারতীয় অতিথি হয়ে। তিনি কবিগুরু বিশ্বভারতীর স্পর্শ লাভ করে ধন্য হয়েছেন। এই সব কথার মধ্যেই তো রাজনীতির ছোঁয়া পাওয়া যাচ্ছে। এখন বিজেপি দল তাদের রণকৌশল পাল্টাতে শুরু করে দিয়েছে। বিরোধ নয় মৈত্রীর মধ্যে দিয়ে রাজনীতিকরণ করতে হবে। গৈরিককরণ করতে হবে। হিন্দুত্বের রাজনীতি করতে হবে। তবেই বাংলাকে জয় করা সম্ভব হবে। সেই পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। এদিকে বিজেপি দলের নেতারা বলতে শুরু করেছেন, বাংলার ইতিহাসকে তুলে ধরেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি কোনও ভুল কাজ করেননি। তিনি সঠিক সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ছাত্র সমাজের কাছে বাংলার উজ্জ্বল দিকটার কথাতে তুলে ধরেছেন। প্রতিরক্ষামন্ত্রীর আসা নিয়ে বিরোধী রাজনৈতিক দলের নেতারা ভ্রু কুচকাতে শুরু করে দিয়েছিল। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আসার খবর পেয়েই আমর্ত্য সেন আমেরিকা চলে গেলেন। তিনি আর শন্তি নিকেতনে থাকলেন না। এবার তাঁকে বিশ্বভারতীর সমাবর্তনে ডাকা হয়নি। তার ফলে তিনি খানিকটা ক্ষুব্ধ। তিনি আশা প্রকাশ করেছিলেন যে এবারে বিশ্বভারতীর সমাবর্তনে তাঁকে ডাকা হবে অতিথি হিসাবে। সেটা হল না দেখে তিনি বোলপুর ত্যাগ করে বিদেশের পথে পাড়ি দিলেন। বিশ্বভারতীকে দলীয় রাজনীতির হাত থেকে উদ্ধার করতে হবে। সুস্থ শিক্ষার পরিবেশ গড়ে তুলতে হবে। সেই পদক্ষেপ গ্রহণ করার কথা বলেছেন রাজনাথ সিং। তিনি বিশ্বভারতী নিয়ে রাজনীতি করতে আসেননি। তিনি বিশ্বভারতীর ছাত্রদের সামনে কোনও রাজনীতির কথা বলেননি। রাজ্যের শিক্ষার দুর্নীতি নিয়ে একটি বাক্যও ব্যয় করেননি। তিনি বাংলার সংস্কৃতির কথা বলেছেন। তিনি বাংলার নবজাগরণের কথা বলেছেন। বাংলার পুনর্জাগরণের কথা উল্লেখ করে ছাত্র সমাজকে এগিয়ে চলার জন্য প্রস্তুত হতে বলেছেন। এটাই কেন্দ্রীয় সরকার সর্বত্র করছে। তারা মহান ভারত গড়তে সবার সহযোগিতা কামনা করেছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

বিজেপির বিকল্প শক্তি

বিশেষ প্রতিনিধি

বিজেপি দলের প্রতিপক্ষ হয়ে উঠে আসতে শুরু করে দিয়েছে আম আদমি দল। আগামী লোকসভার নির্বাচনে আম আদমি দল ভালো ফল করবে বলে আশা প্রকাশ করতে শুরু করে দিয়েছে রাজনৈতিক পর্যবেক্ষকেরা। পাঞ্জাবে আম আদমি দল ভালো কাজ করছে। সাধারণ মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছে পাঞ্জাবের আম আদমি সরকার। তার ফলে সেখানকার ভোটারদের মনকে জয় করতে পেরেছে। দিল্লিতে আম আদমি দল জনপ্রিয়তা অর্জন করতে শুরু করে দিয়েছে। আম আদমি দল বলতে শুরু করে দিয়েছে তারা সাধারণ মানুষের পাশে থাকবে। আম আদমি দলের ওপরে রাগ করতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। তারা আম আদমি দলের নেতাদের ধরে ধরে কালো দাগ গায়ে দিতে শুরু করে দিয়েছে। প্রতিপক্ষ কেজরিওয়ালকে দুর্বল করতে দিল্লি সরকারের স্বাস্থ্য মন্ত্রী সত্যেন্দ্র জৈনকে গ্রেফতার করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। দিল্লিতে আবগারি নীতি নিয়ে দুর্নীতির অভিযোগ তুলে মণীশ সিসৌদিয়ার বাড়ি সহ বিভিন্ন স্থানে তল্লাশি চালানো হয়েছিল। সিবিআই এ ব্যাপারে তল্লাশি করতে শুরু করে দিয়েছে। এদিকে সিসৌদিয়া দাবি করেছেন যে অরবিন্দ কেজরিওয়ালকে দিল্লির মানুষেরা প্রধানমন্ত্রী হিসাবে দেখতে চায়। তারা বলতে শুরু করে দিয়েছে যে দিল্লির মুখ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রী করা উচিত। সিসৌদিয়া বলতে শুরু করে দিয়েছেন যে দুর্নীতি আওয়াজ তুলে আম আদমি দলকে দুর্বল করে দেওয়ার চেষ্টা করছে বিজেপি দল। দিল্লি এবং পাঞ্জাবে আম আদমি দল সরকার গঠন করতে পেরেছে। বিজেপি দল বহু চেষ্টা করে সেখানে সরকার তৈরি করতে পারেনি। সেই কারণে বিজেপি দল এখন প্রতিহিংসা করতে শুরু করে দিয়েছে। আম আদমি দল যাতে শক্তিশালী না হতে পারে তার দিকে লক্ষ্য রেখেই দলের নেতাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। স্বাস্থ্য এবং শিক্ষাকে দুর্বল করতেই বিজেপি সরকার সত্যেন্দ্র জৈনকে কারাগারে ভরেছে। দিল্লি সরকার স্বাস্থ্য এবং শিক্ষা ক্ষেত্রে ভালো কাজ করেছে। সেই কারণে আম আদমি দলের প্রতি ইর্ষা করতে শুরু করে দিয়েছে বিজেপি দলের নেতারা। তারা আম আদমি দলকে একেবারে সহ্য করতে পারছে না। গুজরাতে প্রতি বছর দশ হাজার কোটি টাকার আবগারি ক্ষতি হয়। তা নিয়ে বিজেপি সরকার একেবারে উদাসীন। সেটা নিয়ে কোনও রকম তদন্ত করা হচ্ছে না। আসলে কেজরিওয়ালের সাফল্যেপ্রধানমন্ত্রী মোদি ভয় পেয়ে গিয়েছেন। প্রধানমন্ত্রী মোদি যা বলবেন তা সবাইকে শুনতে হবে এটা কোনও সময়ে একটি গণতান্ত্রিক পদ্ধতি নয়। সবার সঙ্গে সমস্ত বিষয়ে আলোচনা করে তাকে উপস্থাপিত করাই হল গণতান্ত্রিক রীতি। বিজেপি দল সেই গণতান্ত্রিক রীতি নীতি ত্যাগ করতে শুরু করে দিয়েছে। বিজেপি দফতর থেকে যা বলা হচ্ছে তাই প্রধানমন্ত্রী দফতর থেকে সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। কোনও রাজনৈতিক দলের সিদ্ধান্ত সরকারের সিদ্ধান্ত হওয়া উচিত নয়। এদিকে গুজরাত সফর করবেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। সেই কারণে বিজেপি দল ভয় পেতে শুরু করে দিয়েছে। কেজরিওয়ালের সঙ্গে থাকবেন মণীশ সিসৌদিয়া। পাঞ্জাবের আম আদমি সরকার ভালো কাজ করছে। সেখানে বিজেপি এবং কংগ্রেস দল মাথা তুলে দাঁড়াতে পারছে না। পাঞ্জাবের বর্তমান মুখ্যমন্ত্রী দেশের সেবা করতে শুরু করে দিয়েছেন। গরীবদের পাশে দাঁড়িয়েছেন তিনি। মহিলাদের শিক্ষা ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে শুরু করে দিয়েছে পাঞ্জাব সরকার। বিজেপি দল শুধু মুখে বলতে শুরু করে দিয়েছিল। এবারে কাজ করে দেখাতে শুরু করে দিয়েছে আম আদমি দল। সারা ভারত জুড়ে একটি সময়ে আম আদমি দল সরকার গঠন করবে। কেন্দ্রীয় সরকারের আম আদমি দল আসাটা সময়ের অপেক্ষা। একটি সময়ে আম আদমি দল কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠা করবে। সেই পথ ধরে এগোতে শুরু করে দিয়েছে আম আদমি দলের নেতারা। কৃষক এবং শ্রমিকদের পাশে আম আদমি দল থাকছে। আগামি দিনে দিল্লি সরকার সারা ভারতের সবচেয়ে শক্তিশালী সরকারে পরিণত হবে।

ইউক্রেন নিয়ে নেটো

বিশেষ প্রতিনিধি

আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন ইউক্রেন সফর করতেই যুদ্ধে পরিস্থিতি ভয়ঙ্কর হয়ে উঠল। তার ওপরে তিনি আবার পোল্যান্ডে উপস্থিত থেকে নেটো এবং ওয়ারশ নেতাদের সঙ্গে কথা বলেছেন এবং বৈঠক করেছেন। এদিকে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন জাতীয় উদ্দেশ্যে বেতার ভাষণ দিয়েছেন। তিনি বলেছেন ইউক্রেন জয় করবেন। রাশিয়া আক্রমণ করতে গিয়ে নাৎসী নেতা হিটলার এবং নেপোলিয়ানকে পরাজয় স্বীকার করতে হয়েছিল। ইউরোপের কোনও রাষ্ট্র যেন রাশিয়া আক্রমণ করার সাহস না দেখায়। এদিকে নেটোর নেতা স্টোলেনবার্গ বলেছেন, যতটা সম্ভব ইউক্রেনকে আমরা সাহায্য করবো। কিন্তু নেটো সরাসরি ইউক্রেন যুদ্ধে অংশ গ্রহণ করবে না। নেটোর দায়িত্ব হল ইউক্রেনের যুদ্ধ যেন গোটা ইউরোপে ছড়িয়ে না পড়ে তার দিকে লক্ষ্য রাখা। এদিকে নেটো জোট থেকে বলা হয়েছে রাশিয়ার হাত থেকে স্লোভাকিয়া, হাঙ্গেরি, বুলগেরিয়া ও রোমানিয়াকে রক্ষা করতে তারা একটি নেটোর মতো সেনা বাহিনী তৈরি করবে। তাদের কাজ হবে রাশিয়ার হাত থেকে তাদের দেশকে রক্ষা করা। প্রয়োজন হলে নেটোর সহযোগিতা নেওয়া হবে। নেটোর অধীনে থাকবে এই জোট সেনারা। স্টোলেনবার্গ বলেছেন, বর্তমানে যত নেটো সেনা রয়েছে তার দ্বিগুণ সেনা মোতায়েন করা হবে। ইউক্রেনের আশপাশে দেশগুলির নিরাপত্তা ব্যবস্থাকে আরও পোক্ত করে তোলার চেষ্টা করছে নেটো বাহিনী। স্টোলেনবার্গ এদিন পরিস্কার করে বলে দিয়েছেন রাশিয়া যদি পরমানু হানা দিতে শুরু করে তাহলে কিন্তু তখন নেটো চুপ করে বসে থাকবে না। তখন নেটো ভাববে কীভাবে পরমানু হামলাকে রুখে দেওয়া যেতে পারে। নেটোকে একেবারে শক্তিহীন বলা যাবে না। রাশিয়ার সঙ্গে যুদ্ধ করার ইচ্ছা নেটো বাহিনীর নেই। এবং যুদ্ধটা সারা ইউরোপে যাতে ছড়িয়ে না পড়ে তার দিকে লক্ষ্য রেখেই নেটো ইউক্রেন যুদ্ধে অংশ গ্রহণ করেনি। তবে আমেরিকা ইউক্রেনের রাসায়নিক গবেষণাগার রক্ষা করার চেষ্টা নিশ্চয় করবে। তার সেখানে তাদের বিনিয়োগ রয়েছে। এদিকে ক্রেমলিন থেকে বলা হয়েছে যে রাশিয়া যদি তাদের অস্তিত্ব রক্ষা নজর দেয় তাহলে নিশ্চয় পরমানু হামলা করতে পারে। যুদ্ধটা মহাকাশ জুড়ে ছড়িয়ে পড়তে পারে। রাশিয়া খুবই পরিকল্পনা গ্রহণ করেই যুদ্ধের আয়োজন করেছে। রাশিয়া এতদিন ধরে চুপ করে ঘাপটি মেরে বসেছিল। এখন তারা বুঝতে পেরে দিয়েছে ইউক্রেন দখল না করতে পারলে রুশ স্বার্থ ব্যাহত হতে পারে। এদিকে মারিয়ুপোল দখল করতে রাশিয়া শক্তিশালী বোমা ফেলতে শুরু করে দিয়েছে। বহু লোক তাতে হত হচ্ছে। নেটো নেতারা বৈঠক করেছেন। এদিকে চের্নোবিলের পরমানু কেন্দ্রটি একেবারে ধ্বংস হয়ে গিয়েছে। রাশিয়া এখন ইউক্রেন ধ্বংসস্তূপে পরিণত করতে চায়। সেখানে কোনও রকম শহর যাতে গড়ে না উঠতে পারে তার জন্য ধ্বংসলীলা করতে শুরু করে দিয়েছে। ইউক্রেনকে সেনাদের জন্য করিডর তৈরি করতে চাইছে রাশিয়া। এদিকে নেটো বাহিনীর নেতারা বৈঠক করে সিদ্ধান্ত গ্রহণ করেছে রাশিয়া যদি ইউক্রেনকে ধ্বংস করে সেনা নিবাস করতে চায় তাহলে তারা বাধা দেবে। রাশিয়া ইউক্রেনের শক্তিকে বিনাশ করে দিতে চাইছে। এদিকে পোল্যাণ্ড তাদের সেনা শক্তির সংখ্যা বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। প্রতিদিন সেখানকার তরুণদের সেনা বিভাগে নিয়োগ করা হচ্ছে। এবং দ্রুত প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু হয়েছে। কিয়েনস্কির অসংখ্য লোকেরা পোল্যাণ্ড সেনা বাহিনীতে যোগদান করতে শুরু করে দিয়েছে। ইউক্রেন দখল করে নেওয়ার পর রাশিয়া বিশ্বের অন্যতম শক্তিশালী দেশে পরিণত হবে তাতে কোনও সন্দেহ নেই। নেটোর নেতারা সেই দিকটার কথা ভাবতে শুরু করে দিয়েছে। চিন এবং রাশিয়া যদি ঐক্যবদ্ধ থাকে তাহলে সেখানে আমেরিকার মতো শক্তিধর রাষ্ট্র একেবারে ধূলোর মতো উড়ে যাবে। আমেরিকা তখন শক্তিহীন দেশে পরিণত হবে। নেটোর শক্তি খর্ব হতে থাকবে। এদিকে গোটা ইউরোপ পরিস্কার করে বলে দিয়েছে রাশিয়াকে ইউক্রেনের স্থলভাগ ত্যাগ করতে হবে। ইউক্রেনের স্বাধীনতাকে একেবারে খর্ব করা চলবে না। যুদ্ধ হিংসা বন্ধের আর্জি ভারত থেকে করা হয়েছে। ভৌগলিক অখণ্ডতা, সার্বভৌমত্ব এবং শান্তি বজায় রাখার পক্ষে রয়েছে ভারত। ইউক্রেন পরিস্থিতির কারণে ভারত আমেরিকার সম্পর্ক নষ্ট হবে না। কূটনৈতিক মহল থেকে জানতে পারা গিয়েছে যে আমেরিকা সরাসরি রুশ বিরোধিতা করার জন্য ভারতের ওপরে চাপ সৃষ্টি করতে শুরু করেছে। রাষ্ট্রপুঞ্জে রাশিয়ার আনা প্রস্তাবে ভারত নিরব ছিল। নিরাপত্তা পরিষদের মোট বারোটি দেশ ইউক্রেনবাসীর সঙ্কট নিয়ে আনা মস্কোর প্রস্তাবে ভোটদানে সামিল হয়নি। রশিয়ার সঙ্গে থেকেছে বেলারুশ, সিরিয়া এবং উত্তর কোরিয়া। রাশিয়ার প্রস্তাবে বলা হয়েছে ইউক্রেন বসবাসকারী মানুষেরা যাতে নিরাপদে দেশের বাইরে যেতে পারে। মানবিক সাহায্য যেন তারা পায় তার দিকে লক্ষ্য রাখা। এদিকে আমেরিকার পক্ষ থেকে বলা হয়েছে রাশিয়া যদি এই দিকে লক্ষ্য রাখতো তাহলে তারা আগেই যুদ্ধ থামাতো। কিন্তু তা না করে যুদ্ধবিরতির সময়েও তারা গোলাবর্ষন চালিয়ে গিয়েছে। ইউক্রেন পরিস্থিতি ভারতকে উদ্বেগ বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। ভারত মনে করে আলোচনার পথ ধরে ইউক্রেন সমস্যার সমাধান করা সম্ভব। তার জন্য প্রয়োজন দুই পক্ষকে বৈঠকে বসা। নিঃশর্তভাবে যুদ্ধবিরতি গ্রহণ করলে তবেই যুদ্ধ থামানো যেতে পারে বলে বিশ্বাস করে ভারত। কিন্তু কোনও পক্ষ যাদের অস্ত্র প্রয়োগ থামাতে রাজি নয়।

বানারহাটে চায় পে চর্চায় যোগ দিলেন দিলীপ ঘোষ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ শনিবার সাতসকালে জলপাইগুড়ি জেলার বানারহাটে চায় পে চর্চায় যোগ দিলেন দিলীপ ঘোষ। এদিন বিজেপির এমপি, এমএলএ দের বাড়ি ঘেরাও করে নাটক হচ্ছে, এই প্রসঙ্গে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপবাবু জানান, এই ধরনের ঘটনা ঘটতে থাকলে আমাদেরও তো লোকজন আছে। আমরাও মুখ্যমন্ত্রী সহ অন্যান্য নেতা মন্ত্রীদের বাড়ি ঘেরাও করবো। বের হতে দেবো না নেতা-মন্ত্রীদের, এমনটাই হুঁশিয়ারি দিলীপ ঘোষের। টাকা নিয়ে যারা চাকরি দিয়েছে তারাও জেলে যাবে। যারা চাকরি পেয়েছে তাদের চাকরি যাবে বলে তৃণমূল সরকারকে কটাক্ষ করেন দিলীপ ঘোষ। চায় পে চর্চায় এসে সেখানে তিনি মর্নিংওয়াক করেন, দলীয় কর্মী সমর্থকদের সাথে কথা বলেন এবং সাধারণ মানুষের সাথেও কথা বলেন। এরপর সেখান থেকে সোজা চলে যান হলদিবাড়ি চা বাগানে। সেখানে চা শ্রমিকদের সাথে কথা বলার পাশাপাশি পড়ুয়াদের সঙ্গেও সময় কাটান দিলীপ ঘোষ। তাদের সঙ্গে ছবিও তোলেন তিনি। পড়ুয়াদের সঙ্গে খুনসুটি করতে দেখা যায়।

মহিলার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার, খুনের সন্দেহ স্বামী ও শাশুড়ি গ্রেফতার

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ ফেব্রুয়ারি ঃ গৃহবধূকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করার ঘটনা ঘটল আলিপুরদুয়ার পৌরসভার ৪ নং ওয়ার্ডে। গৃহবধূর স্বামী ও শাশুড়িকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল গভীর রাতে পুলিশের কাছে খবর আসে এক গৃহবধূকে ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয়েছে। তদন্তে নেমে পুলিশ আলিপুরদুয়ার পৌরসভার চার নং ওয়ার্ডে রাধামাধব মন্দির সংলগ্ন এলাকায় এক নির্জন বাড়ির উঠোন থেকে এক মহিলার ক্ষত বিক্ষত দেহ পুলিশ উদ্ধার করে আলিপুরদুয়ার হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। ওই মহিলার নাম ফেনালি বিশ্বাস। মৃতদেহ শরীরে বিভিন্ন জায়গায় ধারালো অস্ত্রের কোপ। খুনের সন্দেহ মৃত মহিলার স্বামী ও শাশুড়িকে গ্রেফতার করেছে পুলিশ। মৃতদেহ শনিবার ময়নাতদন্ত করা হয়। ঘটনার তদন্ত করছে পুলিশ।

কালনার নান্দাই পঞ্চায়েত এলাকায় দিদির সুরক্ষা কবজ কর্মসূচি পালিত

দুরন্ত বার্তা, কালনা, ২৫ ফেব্রুয়ারি ঃ দিদির সুরক্ষা কবজ কর্মসূচি পালিত হল কালনা এক নম্বর ব্লকের নান্দাই গ্রাম পঞ্চায়েতের নান্দাই তৃণমূল কংগ্রেস কার্যালয়ে থেকে শুরু হয় দিদির সুরক্ষা কবজ কর্মসূচি, এই কর্মসূচি শুভ সূচনা করেন পূর্বস্থলী দক্ষিণ বিধানসভার বিধায়ক তথা রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী স্বপন দেবনাথ, নান্দাই থেকে এই কর্মসূচি শুরু করে বিধায়ক তথা মন্ত্রী পায়ে হেঁটে রামেশ্বরপুরে মন্দিরে পুজো দেন মন্ত্রী স্বপন দেবনাথ, তিনি বলেন রাজ্যর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশে দল মত নির্বিশেষে প্রতিটা বাড়ি বাড়ি গিয়ে মানুষের কথা শুনতে হবে পাশাপাশি সেই সব মানুষদের সুবিধা অসুবিধা সমস্যার সমাধানও করতে হবে, কোন রং দেখে দল দেখে কোন বাড়িতে যাব না এটা করা যাবে না এমনটাই করা নির্দেশ দিলেন রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী তথা পূর্বস্থলী দক্ষিণ বিধানসভার বিধায়ক স্বপন দেবনাথ। শনিবার দিদির সুরক্ষা কবজ কর্মসূচিতে গিয়ে তিনি হরিনাম সংকীর্তনেও শামিল হলেন।

কালনা হাসপাতালে বসে পরীক্ষা দিল মাধ্যমিক পরীক্ষার্থী

দুরন্ত বার্তা, কালনা, ২৫ ফেব্রুয়ারি ঃ কালনা সুপার স্পেশালিটি হাসপাতালে বসে ভূগোল পরীক্ষা দিল এক মাধ্যমিক পরীক্ষার্থী ধাত্রীগ্রামের বড় স্বরাজপুর এলাকার বাসিন্দা এবং সন্দলপুর বিদ্যাদেবী বিদ্যামন্দিরে মাধ্যমিক পরীক্ষার্থী অসিমা ব্যাপারী। তার নতুনগ্রাম উচ্চ বিদ্যালয় পরীক্ষার সিট পড়েছিল। গতকাল পর্যন্ত ওই স্কুলেই দুটো পরীক্ষা দিয়েছে অসীমা বেপারী। গতকাল পরীক্ষা দিয়ে আসার পর রাতের বেলা থেকেই অসুস্থতা বোধ করে ওই ছাত্রী। জ্বর সঙ্গে পেটে ব্যথা নিয়ে শনিবার সকালে কালনা সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি হয়। সেখানেই হাসপাতালে পরীক্ষার ব্যবস্থা করে মধ্যশিক্ষা পর্ষদ। সেখানে বসেই শনিবার ভূগোল পরীক্ষা দিলেন মাধ্যমিক পরীক্ষার্থী ছাত্রী অসিমা ব্যাপারী।

মহিলাদের স্বনির্ভর করতে বিশেষ উদ্যোগ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ উত্তরবঙ্গের মহিলাদের স্বনির্ভর করতে বিশেষ উদ্যোগ নিল উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনলজি বিভাগ। শুক্রবার শিলিগুড়ি সহ উত্তরবঙ্গের বিভিন্ন জায়গা থেকে আসা মানুষদের সাদা ফুলকে রঙিন করানোর পদ্ধতি নিয়ে কর্মশালা করা হয়। জানা গিয়েছে এদিনের এই কর্মশালাতে সাদা গোলাপ, রজনীগন্ধা এবং চন্দ্রমল্লিকা সহ বিভিন্ন ধরনের ফুলকে কিভাবে কৃত্রিমভাবে রঙিন করা যাবে তা নিয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। এই শিবিরে উত্তরবঙ্গের বিভিন্ন জেলা থেকে মানুষেরা এসেছিলেন। শিবিরে পদ্ধতি নির্দেশ করেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান ডাক্তার রঞ্জির চৌধুরী এছাড়াও উপস্থিত ছিলেন বিভাগের অন্যান্য অধ্যাপক ও কর্মকর্তারা। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আশা এই প্রশিক্ষণ নিয়ে মহিলারা খুব সহজেই বিভিন্ন ধরনের সাদা কিংবা হালকা রঙের ফুলগুলিকে কৃত্রিম উপায় রঙিন করে তা বাজারে বিক্রি করে স্বনির্ভর হতে পারবে।

মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী অবৈধভাবে বিক্রির অভিযোগ দোকানি আটক

দুরন্ত বার্তা, মালদা, ২৫ ফেব্রুয়ারি ঃ গাজলের থানা মোড় এলাকার একটি খাদ্য সামগ্রীর দোকানে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী অবৈধভাবে বিক্রির অভিযোগ উঠেছে। অভিযোগ ওই দোকানি খদ্দেরদের যে ভাজা মুগ ডাল ও বিস্কুটের প্যাকেট বিক্রি করছিল সেগুলি সব মেয়াদ উত্তীর্ণ ছিল। ক্রেতাদের চোখে ওই মেয়াদ উত্তীর্ণ জিনিসপত্র পড়তেই খবর দেয় গাজোল থানার পুলিশকে। পুলিশ এসে ওইসব মেয়াদ উত্তীর্ণ সামগ্রী থানায় নিয়ে যায়। পাশাপাশি দোকানিকে আটক করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই ব্যবসায়ীর নাম সুনীল বসাক। শনিবারে তাকে মালদা জেলা আদালতে তোলা হবে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরেই ওই ব্যবসায়ী দোকানে মেয়াদ উত্তীর্ণ জিনিসপত্র বিক্রি করছিল। এ নিয়ে তাকে ক্রেতারা তাকে আগে সাবধানও করেছিল। কিন্তু তারপরেও সে মেয়াদ উত্তীর্ণ জিনিসপত্র বিক্রি করছিল বলে অভিযোগ।

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথের গাড়িতে হামলা, ঘটনাস্থলে গুলি ও বোমাবাজিতে উত্তপ্ত দিনহাটা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৫ ফেব্রুয়ারি ঃ বুড়িরহাটে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিকের গাড়ির উপর হামলা, গুলি চালানোর অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে খবর, শনিবার দিনহাটার বুড়িরহাট এলাকায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিকের জনসংযোগ কর্মসূচি ছিল। আর তার পালটায় তৃণমূলের তরফে ঠিক হয়, নিশীথ যখন এলাকায় আসবেন, তখন তাঁকে কালো পতাকা দেখানো হবে। তবে পূর্বঘোষণা অনুযায়ী এদিন এলাকায় মন্ত্রীর নিরাপত্তার জন্য মোতায়েন ছিল যথেষ্ট পুলিশ, সিআইএসএফ । তবু সংঘর্ষ এড়ানো গেল না। অভিযোগ, তৃণমূল কর্মীরা নিশীথ প্রামাণিকের কনভয় আটকে কালো পতাকা দেখান, স্লোগান তোলেন। পাথরও ছোঁড়া হয় বলেও অভিযোগ ওঠে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশ তৃণমূল সমর্থকদের সেখান থেকে সরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করে। পালটা কাঁদানে গ্যাসও ছোঁড়ে পুলিশ। বিজেপির অভিযোগ, তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সেখানে বোমাবাজির পাশাপাশি গুলিও চালিয়েছে তৃণমূল কর্মীরা। শুধু তাই নয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিকের গাড়ি লক্ষ্য করে পাথর ছোঁড়া হয়। পাথরের আঘাতে ক্ষতিগ্রস্ত হয় নিশীথের গাড়ি। ঘটনাস্থলে নামানো হয় সাহেবগঞ্জ থানার বিশাল পুলিশ বাহিনী। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কাঁদানে গ্যাসের সেল ফাটাতে বাধ্য হয় পুলিশ। এরপরেই দেখা যায় রাজ্য পুলিশ ও সিআইএসএফের মধ্যে তর্কাতর্কি। বর্তমানে এলাকা যথেষ্টই থমথমে রয়েছে। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে বিরাট পুলিশ বাহিনী। এই প্রসঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক বলেন, এদিনের তাঁর সমস্ত কর্মসূচী পুলিশকে আগে থেকেই জানানো ছিল। তা সত্ত্বেও পুলিশের সামনেই তাঁর গাড়ির ওপর হামলা চলেছে। সবটাই হয়েছে পুলিশের সামনেই। যেখানে একজন কেন্দ্রীয় মন্ত্রীর সুরক্ষা দিতে পারছে না পুলিশ প্রশাসন, সেখানে সাধারণ মানুষের নিরাপত্তা কোথাও। বর্তমানে রাজ্যের এই রাজনৈতিক পরিস্থিতির কারণেই গণতন্ত্র আজ বিপন্ন। মানুষই এর জবাব দেবেন। অবশ্য এই ঘটনায় এখনও তৃণমূলের কোনও প্রতিক্রিয়া মেলেনি।

মহিলাদের মানসিক স্বাস্থ্য নিয়ে রবীন্দ্র ভবনে একটি সেমিনার আয়োজিত

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ মহিলাদের মানসিক স্বাস্থ্য নিয়ে একটি সেমিনারের আয়োজন করা হল জলপাইগুড়িতে। রবীন্দ্র ভবনে আয়োজিত এই সেমিনারে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায়, জলপাইগুড়ির জেলাশাসক মৌমিতা গোদারা বসু, জেলা পুলিশ সুপার বিশ্বজিত মাহাতো সহ বিশিষ্টজনেরা। জেলা সমাজ কল্যাণ দপ্তর ও রাজ্য মহিলা কমিশনে উদ্যোগে আয়োজিত এই সেমিনারের মূল লক্ষ্য মানসিক স্বাস্থ্য নিয়ে মহিলাদের সচেতন করা। এই সেমিনারে আলোচিত বিষয়গুলো পরবর্তীতে জলপাইগুড়ির বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায় বলেন, মহিলা কমিশন হল সমাজের একটি ছাতার মতো। মহিলা ও শিশুদের সুরক্ষিত রাখার জন্যই এই ছাতা। বলেন, পারিবারিক নির্যাতনের বিষয়ই বেশি শুনতে হয় আমাদের। মানসিক স্বাস্থ্য নিয়ে সচেনতামূলক এই সেমিনারে যোগ দিতে এসে বললেন লীনা গঙ্গোপাধ্যায়। শনিবার জলপাইগুড়ি সোশ্যাল ওয়েলফেয়ার বিভাগের ব্যবস্থাপনায় রাজ্য মহিলা কমিশনের পক্ষ থেকে স্থানীয় রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হয় এই বিশেষ সেমিনার। বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিক, পুলিশ বিভাগে কর্মীরাও অংশ নেন সেমিনারে। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকেরা। রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায় বলেন, মহিলা কমিশন হলো একটি ছাতা, এই ছাতার তলায় এসে একজন মহিলা প্রশাসনিক দিক থেকে অনেক সাহায্য পেতে পারেন। বলতে এবং শুনতে খারাপ লাগলেও এই মুহূর্তে সব থেকে বেশি কেস সামনে আসে পারিবারিক নির্যাতনের। আগামী বছরের মধ্যে এমন সচেতনতা মূলক কর্মশালার মাধ্যমে কলেজ এবং বিশ্ব বিদ্যালয়গুলোর অসংখ্য ছাত্র- ছাত্রীদের মধ্যে পৌঁছানোর লক্ষ্য রয়েছে বলেও জানান তিনি।

অগ্নিপথের অধীনে, অগ্নিবীরদের প্রথমে অনলাইনে আধার কম্পিউটার পরীক্ষা দিতে হবে

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ ভারতীয় সেনায় নিয়োগ প্রক্রিয়ায় বড় পরিবর্তন আনা হল । এখন থেকে ভারতীয় সেনায় ভর্তি হতে হলে প্রথমে দিতে হবে কম্পিউটার বেস অনলাইন এক্সাম। অর্থাৎ অন্যান্য যে কোন সরকারি চাকরিতে যোগ দেওয়ার আগে যেমন পরীক্ষা দিতে হয় ঠিক তেমনি এখন থেকে ভারতীয় সেনায় একই নিয়ম লাগু করা হয়েছে । এতদিন পর্যন্ত ভারতীয় সেনার নিয়োগপত্র ছাড়ার পর ভারতীয় সেনায় যোগদানের জন্য যারা আবেদন করতেন তাদেরকে প্রথমে দিতে হত ফিজিক্যাল টেস্ট। তারপর মেডিকেল টেস্ট এবং তারপরে দিতে হত পরীক্ষা । তবে এই প্রক্রিয়ায় ফিজিক্যাল ও মেডিকেল টেস্ট অনেকে পাশ করলেও শেষে লিখিত পরীক্ষায় গিয়ে বাতিল হতে হত । এক্ষেত্রে যে সব পরীক্ষার্থীরা লিখিত পরীক্ষায় গিয়ে বাতিল হত তাদের মেডিকেল ও ফিজিক্যাল টেস্ট নেওয়া বৃথা যেত ভারতীয় সেনার পক্ষ থেকে । তাই এখন থেকে সেনার নিয়োগ প্রক্রিয়ায় আনা হয়েছে বড় পরিবর্তন । আবেদনকারীকে প্রথমে দিতে হবে অনলাইন বেস কম্পিউটার এক্সাম । সেই পরীক্ষায় পাশ করা আবেদনকারীদেরই ডাকা হবে ফিজিক্যাল ও মেডিকেল টেস্টের জন্য। শনিবার উত্তরবঙ্গ শাখার আর্মির রিক্রুটমেন্ট অফিসার কর্নাল সন্দীপবাবু একটি সাংবাদিক বৈঠক করে জানিয়েছেন, চলতি বছর ১৬ ফেব্রুয়ারি থেকে ১৫ মার্চ পর্যন্ত ভারতীয় সেনার অগ্নিপথ স্কিমের অগ্নিবীরে যোগদানের জন্য অনলাইন আবেদন গ্রহণ করা হবে www.joinindianarmy.nic.in এই ওয়েবসাইটের মাধ্যমে। আগামী ১৭ এপ্রিল ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে নেওয়া হবে আবেদনকারীদের কম্পিউটার বেস অনলাইন এক্সাম। উত্তরবঙ্গ শাখার জন্য অনলাইন বেস কম্পিউটার এক্সামের সেন্টার পড়ছে শিলিগুড়িতে। সিকিমের সেন্টার হচ্ছে গ্যাংটকে। এই অনলাইন এক্সাম যারা ক্র্যাক করতে পারবে তাদেরকেই ডাকা হবে ফিজিক্যাল ও মেডিকেল টেস্টের জন্য।

মাটি খুঁড়তেই বেরিয়ে এল বিষ্ণুদেব ও হনুমানজীর মূর্তি

দুরন্ত বার্তা, মালদা, ২৫ ফেব্রুয়ারি ঃ মাটি খুঁড়তে গিয়ে বেরিয়ে এল বিষ্ণুদেব এবং হনুমানজীর মূর্তি । আর যাকে ঘিরে গ্রামবাসীদের মধ্যে শুরু হয়ে যায় পুজো আর্চনা । শনিবার সাত সকালে ঘটনাটি ঘটেছে গাজোল থানার শাহজাদপুর গ্রাম পঞ্চায়েতের ভালো গ্রামে। বিষয়টি জানাজানি হতেই ঘটনাস্থলে উপচে পড়ে অসংখ্য মানুষের ভিড়। আলতা, সিঁদুর এবং ধূপধুনো দিয়ে শুরু হয়ে যায় পুজো । পরে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় গাজোল থানার বিশাল পুলিশ বাহিনী। কিন্তু পুলিশ বিষ্ণুমূর্তি এবং হনুমান মূর্তি উদ্ধার করে নিয়ে যাওয়ার চেষ্টা করলে গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়তে হয়। এমনকি বহু গ্রামবাসীরা কান্নাকাটিও শুরু করে দেন । কোনভাবেই ওই দুটি মূর্তি যাতে গ্রাম থেকে না নিয়ে যাওয়া হয়, তার জন্য পুলিশের কাছেও অনুরোধ জানাতে থাকেন স্থানীয় বাসিন্দারা। যদিও দীর্ঘক্ষণ ধরে পুলিশ ও গ্রামবাসীদের কথাবার্তা চলতে থাকে। অবশেষে দুটি মূর্তি উদ্ধার করে পুলিশ থানায় নিয়ে আসে। পুলিশ জানিয়েছে, আপাতত মূর্তি দুটি সংরক্ষিত করে মালদা মিউজিয়ামে পাঠানোর ব্যবস্থা করা হবে । কিন্তু বিষ্ণু মূর্তি এবং হনুমান দেবের মূর্তির কষ্টিপাথরের কিনা তা এখনই বলা যাচ্ছে না। পাশাপাশি এটা কতদিনের পুরনো সেটাও পরিস্কার নয়। পুরাতত্ত্ব বিভাগের কর্তারা বিষয়টি দেখার পরই পরিস্কারভাবে বলতে পারবে।

লক্ষাধিক টাকার মূল্যবান কাঠ বোঝাই ট্রাকসহ ২ গ্রেফতার

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ ফেব্রুয়ারি ঃ শনিবার অসম বাংলা সীমান্তবর্তী পাকড়িগুড়ি চেকিং পয়েন্টে একটি পাইন কাঠবোঝাই ট্রাক আটক করে বনদপ্তরের হাতে তুলে দিল বারবিশা ফাঁড়ির পুলিশ। জানা গেছে, অসম থেকে এই রাজ্য হয়ে কাঠগুলিকে পাচার করা হচ্ছিল। গোপন সূত্রে খবরের ভিত্তিতে শনিবারে অসম বাংলা সীমান্তবর্তী পাকড়িগুড়ি চেকিং পয়েন্টের ট্রাকটি আটক করে পুলিশ পরবর্তীতে পুলিশের হাতে ওই ট্রাক থেকে তুলে দেয় ভল্কা রেঞ্জের হাতে । ঘটনায় দুইজনকে গ্রেপ্তার করেছে পুলিশ পরবর্তী পুলিশ ওই দুজনকে বনদপ্তর হাতে তুলে দিয়েছে। গোটা ঘটনা তদন্ত শুরু করেছে পুলিশ ও বনদপ্তর। ঘটনায় ফিরোজ আনসারী গাড়ি চালক আজাদ আনসারী খালাসীকে রবিবার আলিপুরদুয়ার আদালতে পেশ করা হবে।

আবার বোমা উদ্ধার বীরভূমে, চাঞ্চল্য ছড়ালো এলাকায়

দুরন্ত বার্তা, বীরভূম, ২৫ ফেব্রুয়ারি ঃ পঞ্চায়েত ভোটের আগে ফের বীরভূমে প্রচুর বোমা উদ্ধার। শাসকদল তৃণমূলের অন্তর্দ্বন্দ্বে দীর্ণ এই জেলায় বহুবার অনেক অস্ত্র ও বোমা উদ্ধার হয়েছে। এছাড়াও বিজেপি ও তৃণমূলের সংঘর্ষ এবং শাসকদলের দুই গোষ্ঠীর লড়াইয়ে প্রায় প্রতিদিনই উত্তপ্ত থাকে এই জেলা। বীরভূমের মাড়গ্রামের দ্বারকা নদীর পাড়ে ঘুটিঙ্গা ঘাটের কাছে বোমা গুলি উদ্ধার হয়। প্রায় ৪০ টি বোমা রয়েছে সেখানে। পুলিশ দিয়ে গোটা এলাকা ব্যারিকেড করে দেওয়া হয়েছে। পাশাপাশি খবর দেওয়া হয়েছে বম্বস্কোয়ার্ডে। প্রসঙ্গত, গত ৪ ফেব্রুয়ারি মাড়গ্রামে দুই তৃণমূল কর্মীকে বোমা মেরে খুন করার অভিযোগ ওঠে। তারপর ওই খুনে অন্যতম অভিযুক্ত সুজাউদ্দিন আহমেদের বাগান বাড়ি থেকে ঝোলাভর্তি বোমা উদ্ধার হয়। এরপর গত ২১ ফেব্রুয়ারি ফের মাড়গ্রাম থেকে উদ্ধার হয় দুটি ব্যারেল ভর্তি বোমা। আবার আজ বিপুল সংখ্যক বোমা উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

উত্তরবঙ্গের একাধিক জেলায় বৃষ্টিপাতের সম্ভাবনা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ শীতকে বিদায় জানিয়ে এবার ধীরে ধীরে বা।বে তাপমাত্রার পারদ। কিন্তু, মাঝেমধ্যেই দেখা যাচ্ছে আকাশের মুখ ভার। দক্ষিণবঙ্গের উপকূলের জেলাগুলির আকাশ আংশিক মেঘলা থাকলেও বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। কিন্তু, উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টিপার পূর্বাভাস দিল আলিপুর আবহাওয়া দফতর। উত্তরবঙ্গের পাঁচ জেলা দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ারে রয়েছে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। একইসঙ্গে দার্জিলিং এবং কালিম্পংয়ে বেশ কিছুদিন বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা বদলেরও বিশেষ সম্ভাবনা নেই। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কিছুদিন তাপমাত্রা থাকবে স্বাভাবিকের ওপরে। দক্ষিণবঙ্গের উপকূল ও সংলগ্ন জেলাগুলিতে আংশিক মেঘলা আকাশ থাকতে পারে। একইসঙ্গে কুয়াশার দাপট দেখা যেতে পারে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া, হুগলিতে। কিন্তু, বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। এদিকে শনিবার নতুন করে প্রবেশ করতে চলেছে পশ্চিমী ঝঞ্ঝা। সিকিমে বজ্রবিদুৎ সহ বৃষ্টি হতে পারে। এদিন পর্যন্ত উত্তর-পূর্ব ভারতের একাধিক রাজ্যে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার পর্যন্ত জম্মু-কাশ্মীর, উত্তরাখণ্ড, লাদাখ ও হিমাচল প্রদেশেও বৃষ্টিপাত হতে পারে।

নকশালবাড়িতে মর্মান্তিক পদ দুর্ঘটনায় জখম হল মোট ১১ জন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ গভীর রাতে নকশালবাড়িতে মর্মান্তিক পথ দুর্ঘটনা। অটো ও মারুতির মুখোমুখি ধাক্কা। ঘটনায় জখম হল মোট ১১ জন। নকশালবাড়ির খালপাড়া মোড় সংলগ্ন এশিয়ান হাইওয়ে -২ জাতীয় সড়কের ওপর এই দুর্ঘটনা ঘটে। জানা গিয়েছে অটো পানিট্যাঙ্কি থেকে শিলিগুড়ির উদ্দেশ্যে যাচ্ছিল ঠিক সেই সময় উল্টোদিক থেকে বিহার উদ্দেশ্যে আসা দ্রুতগতির এক মারুতির সঙ্গে মুখোমুখি ধাক্কায় এই ঘটনা। ঘটনায় অটোটি দুমড়েমুচড়ে যায় এবং মারুতিটি ক্ষতিগ্রস্ত হয়েছে। অটোতে ৭ জন মহিলা ২ জন পুরুষ ছিল এবং মারুতির ২যুবক ছিল। বিকট শব্দ শুনতে পেয়ে স্থানীয়রা ছুটে এসে আহতদের গাড়ি থেকে বের করে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় নকশালবাড়ি পুলিশ ও দমকলকর্মীরা। আহতদের উদ্ধার করে প্রথমে নকশালবাড়ি হাসপাতাল ও পরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠানো হযেছে। সংঘর্ষে অটোয় চাপা পড়ে আটকে থাকে ২ জন। পরে দীর্ঘ চেষ্টার পর তাদের বের করা হয়। ঘটনার জেরে এশিয়ান হাইওয়ে রাস্তার দুধারে যানজটের সৃষ্টি হয়। রাতেই দুর্ঘটনাগ্রস্থ গাড়ি দুটিকে থানায় নিয়ে আসে পুলিশ। ঘটনার তদন্তে নেমেছে নকশালবাড়ি থানার পুলিশ।

বগটুই গ্রামে কেন্দ্রীয় অনুসন্ধান কমিটি

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৫ ফেব্রুয়ারি ঃ বীরভূমের বগটুই গ্রামে পৌঁছাল কেন্দ্রীয় অনুসন্ধান কমিটির ছয় সদস্যের দল। শনিবার বেলা এগারোটা নাগাদ পাটনা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি নরসিমা রেড্ডির নেতৃত্বে ছয় সদস্যের একটি দল প্রথমে বীরভূম কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সিউড়ির প্রধান কার্যালয়ে পৌঁছায়। সেখানে ভুয়ো অ্যাকাউন্ট তৈরি করে কোটি কোটি টাকা লেনদেনের বিষয়গুলি সরেজমিনে খতিয়ে দেখে তাঁরা রওনা দেন রামপুরহাটের বগটুই গ্রামে। বেলা ১ টা নাগাদ ওই প্রতিনিধিরারা বগটুই গ্রামে আসেন। তাঁরা কথা বলেন নিহতদের পরিবারের লোকজনের সঙ্গে। প্রসঙ্গত, ২০২২ সালের ২১ মার্চ রাতে খুন হন স্থানীয় পঞ্চায়েতের উপপ্রধান তৃণমূল নেতা ভাদু শেখ। তারপরই গ্রামে ব্যপক তাণ্ডব চালায় ভাদু শেখের অনুগামীরা। গ্রামের একাধিক বাড়িতে অগ্নিসংযোগ ও ভাঙচুরের অভিযোগ ওঠে। পরের দিন সোনা শেখ নামে একজনের বাড়ি থেকে মহিলা, পুরুষ ও শিশু মিলিয়ে সাত জনের পোড়া দেহ উদ্ধার করে পুলিশ ও দমকল। পরে হাসপাতালে মৃত্যু হয় আরও তিন জনের। সেই ঘটনা নিয়ে রাজ্য জুড়ে ব্যাপক আলোড়ন পড়ে। তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের কারণেই এই ঘটনা বলে মানে শাসকদলও। যদিও ঘটনার পরই তৃণমূলের বীরভূম জেলা সভাপতি অনুব্রত মণ্ডল দাবি করেছিলেন, টিভির কেবল থেকে বিস্ফোরণ হয়েছে। বড় কিছু ঘটনা নয়।

রেলওয়ে কোচ রেস্টুরেন্টের জন্য ই-নিলাম

রেলওয়ে কোচ রেস্টুরেন্টের জন্য ই-নিলাম, বিশদ বিবরণ নিম্নরূপ। **নিলাম ক্যাটালগ নং.:** আরদিআর-কেআই আর-আরজিজে-২৩। **এলইউটি নং. এএ/১, লট নং./ক্যাটাগরি :** এমএসএস-কেআইআর-আরজিজে-আরদিআর-১-২২-১ (মিক্স-ইউটিলিটি-সার্ভিসেস-রেল কোচ রেস্টুরেন্ট), **বিবরণ :** [illegible] রেল কোচ রেস্টুরেন্টের বরাদ্দ। **রেট ইউনিট :** বার্ষিক লাইসেন্স মাসুল, **ট্রিপ/দিন :** ১৮২৭। **শুরুর তারিখ/সময় :** ১০-০৩-২০২৩ তারিখের ১২.০০ ঘন্টা, **বন্ধের তারিখ/সময় :** ১০-০৩-২০২৩ তারিখের ১২.৩০ ঘন্টা। **এলইউটি নং. এএ/২, লট নং./ক্যাটাগরি :** এমএসএস-কেআইআর-কেআইআর-আরদিআর-০-২৩-১ (মিক্স-ইউটিলিটি-সার্ভিসেস-রেল কোচ রেস্টুরেন্ট), **বিবরণ :** [illegible] রেল কোচ রেস্টুরেন্টের ব্যবস্থা। **রেট ইউনিট :** বার্ষিক লাইসেন্স মাসুল, **ট্রিপ/দিন :** ১৮২৭। **শুরুর তারিখ/সময় :** ১০-০৩-২০২৩ তারিখের ১২.০০ ঘন্টা, **বন্ধের তারিখ/সময় :** ১০-০৩-২০২৩ তারিখের ১২.৪০ ঘন্টা। অংশগ্রহণকারী/ বিডারদের আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in -এই ই-নিলাম মডিউল দেখার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ডিআরএম (সি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

Raghunathpur Gram Panchayat
P.O- Baga, Dist- Bankura

The Pradhan, Raghunathpur Gram Panchayatien hereby invites sealed e-Tenders from the resourceful and experienced bidders for the execution of work(s) of the following e NITs, e-NIT No. 14/2022 - 23 , e- NIT No. 15/2022 – 2023, and eNIT-16/22-23 Dated : 24/02/2023. All Informationis available www.wbtenders.gov.in

Sd/-
Pradhan Raghunathpur Gram Panchayat

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
JAGATBALLAVPUR, HOWRAH
E-TENDER NOTICE
wbtenders.gov.in

Sealed tenders are invited from the bonafide/ reliable contractors vide NIT NO- 583 (FOR 2 NOS OF WORK) & 584 (FOR 3 NOS OF WORK), Dated-24.02.23(E-NIT) Fund-RASTASHREE

SD/-Block Development officer
Jagatballavpur, Munshirhat, Howrah

Moshiara Gram Panchayat
Vill: & P.O.- Moshiara P.S.- Hirbandh , Dist.- Bankura
NIT No-13/MoshGP/2022-23
NIT No-14/MoshGP/2022-23

Pradhan, Moshiara Gram Panchayat invites Tenders of a Construction and a supply works in Moshiara GP area details of which are available at www.wbtenders.gov.in website and the Notice Board of Moshiara Gram Panchayat, PO – Moshiara, Dist. – Bankura.

Sd/- Pradhan
Moshiara Gram Panchayat

কাটিহার মণ্ডলে বিভিন্ন ক্যাটারিং সম্পদের জন্য ই-নিলাম

কাটিহার মণ্ডলের নিম্নলিখিত স্টেশনসমূহে স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ) এর মাধ্যমে ক্যাটারিং ইউনিটের ব্যবস্থা করার জন্য ই-নিলাম আহ্বান করা হয়েছে। **অঞ্চল কেটালগ সংখ্যা. সি-এসডিসিএম-ক্যাটারিং। রেট ইউনিটঃ** বার্ষিক অনুজ্ঞাপত্র প্রদানের শুল্ক। **ট্রিপস/দিনঃ** ১৮২৭।

এলইউটি সংখ্যা	এলওটি সংখ্যা/শ্রেণী	বিবরণ
এএ/১	সিএটিজি-কেআইআর-এফবিজি-এসএমইউ-৪৬-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	সিমরাহা প্রান্তে রেলওয়ে সাইডিং লাইনের সমীপে স্থিত প্লাটফর্ম নং. ১ এ ক্যাটারিং ষ্টল নং. ৬ এর আবণ্টন
এএ/২	সিএটিজি-কেআইআর-আরজিজে-এসএমইউ-৫০-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	বাঙ্গালবাড়ি প্রান্তে পিপি শেডের নিচে প্ল্যাটফর্ম নং. ২ এ ক্যাটারিং ষ্টল নং. ৪ র আবণ্টন
এএ/৩	সিএটিজি-কেআইআর-এআরকিউ-এসএমইউ-৩৮-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	প্রতীক্ষা হলের সমীপে স্থিত প্লাটফর্ম নং. ১ এ ক্যাটারিং ষ্টল নং. ৫ এর আবণ্টন
এএ/৪	সিএটিজি-কেআইআর-এআরকিউ-এসএমইউ-৩৪-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	পার্সেল অফিসের সমীপে স্থিত প্ল্যাটফর্ম নং. ১ এ ক্যাটারিং ষ্টল নং. ১ এর আবণ্টন
এএ/৫	সিএটিজি-কেআইআর-এআরকিউ-এসএমইউ-৩৬-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	পিপি শেডের বাইরের আরারিয়া প্রান্তে স্থিত ওয়াটার ভ্যাটের সমীপের প্ল্যাটফর্ম নং. ১ এ ক্যাটারিং ষ্টল নং. ৩ র আবণ্টন
এএ/৬	সিএটিজি-কেআইআর-এফবিজি-এসএমইউ-৪৩-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	সামগ্রি স্টোরের সমীপে স্থিত প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ৩ র আবণ্টন
এএ/৭	সিএটিজি-কেআইআর-আরজিজে-এসএমইউ-৪৭-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	পে এন্ড ইউজ টয়লেট সংলগ্ন প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ১ এর আবণ্টন (বাঙ্গালবাড়ির প্রান্তের বিদ্যমান এলাকায়)
এএ/৮	সিএটিজি-কেআইআর-পিআরএনএ-এসএমইউ-২৮-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	কাসবা প্রান্তে প্ল্যাটফর্ম নং ২ এ ক্যাটারিং স্টল নং ২ এর আবণ্টন
এএ/৯	সিএটিজি-কেআইআর-পিআরএনএ-এসএমইউ-২৯-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	রাণীপাত্র প্রান্তে ওয়াটার ট্যাঙ্কের সমীপের প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ৩ র আবণ্টন
এএ/১০	সিএটিজি-কেআইআর-এআরকিউ-এসএমইউ-৩৫-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	এপেক্স কুশিয়ারগাঁও প্রান্তে সমীপস্থ প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ২র আবণ্টন
এএ/১১	সিএটিজি-কেআইআর-এফবিজি-এসএমইউ-৪১-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	পিপি শেডের বাইরের এফওবি সিমরাহা প্রান্তের সমীপের প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ১ এর আবণ্টন
এএ/১২	সিএটিজি-কেআইআর-আরজিজে-এসএমইউ-৫১-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	বাঙ্গালবাড়ী প্রান্তে র‍্যাম্প এবং ওয়াটার ক্যাটেল মধ্যে প্ল্যাটফর্ম নং ২ এ ক্যাটারিং স্টল নং ৫ এর আবণ্টন
এএ/১৩	সিএটিজি-কেআইআর-পিআরএনএ-এসএমইউ-৩২-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	কাসবা প্রান্তের লিফটের সমীপে প্ল্যাটফর্ম নং ২ এ ক্যাটারিং স্টল নং ৬ এর আবণ্টন
এএ/১৪	সিএটিজি-কেআইআর-এআরকিউ-এসএমইউ-৩৭-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	আরপিএফ অফিসের সমীপের প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং. ৪ র আবণ্টন
এএ/১৫	সিএটিজি-কেআইআর-এফবিজি-এসএমইউ-৪৪-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	ওএফসি কক্ষের সমীপের প্ল্যাটফর্ম নং ১ এ ক্যাটারিং স্টল নং ৪ আবণ্টন
এএ/১৬	সিএটিজি-কেআইআর-পিআরএনএ-এসএমইউ-৩৩-২৩-১ (ক্যাটারিং -স্পেশাল মাইনর ইউনিট (এসএমইউ))	এপেক্স কুশিয়ারগাঁও প্রান্তের সমীপের প্ল্যাটফর্ম ১ এ ক্যাটারিং স্টল নং. ৭ এর আবণ্টন

নিলাম প্রারম্ভ হওয়ার তারিখ এবং সময়ঃ ০৯-০৩-২০২৩ তারিখে ১২.০০ ঘন্টায়। **নিলাম বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ** ০৯-০৩-২০২৩ তারিখে ১৫.০০ ঘন্টায়। প্রারম্ভিক কুলিং অফের সময়সীমা ৩০ মিনিট। ক্রমাগত লটসমূহের সমাপনী ব্যবধান ১০ মিনিট। **টোকাঃ** প্রত্যাশিত ডাককর্তাগণ/অংশগ্রহণকারীগণকে আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in** তে ই-নিলাম লীজিং মডিউল অবলোকন করার জন্য অনুরোধ করা হল।

মাণ্ডলিক রেলওয়ে প্রবন্ধক (সি), কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

রসনা

বাবরশা, এই ঐতিহাসিক পদ খেতে হলে যেতে হবে কামারপুকুর
'আমাদের অনেক দিনের দাবি এই মিষ্টির জিআই তকমার'

বাবরশা! নামটা মোঘলদের যুগের মনে হয়। সুদূর মার্কিন মুলুক থেকে আসা এক সাহেব এই খাবারের কথা প্রথমে শুনেই অবাক হয়েছিলেন। ক্ষীরপাই হালদার দিঘির মোড়ে দোকানের শো কেশে সাজানো বিচিত্র ওই খাবারের ধরণ দেখে দোকানিকে এই প্রশ্নই করেছিলেন তিনি। পাশে দাঁড়িয়ে থাকা ক্ষীরপাইয়ের একটি স্বেচ্ছাসেবী সংস্থার কর্মী সাহেবকে ভাঙা ইংরেজিতে বুঝিয়েছিলেন, এটা একধরনের মিস্টি।

সেই বাবরশার জিআই (জিওগ্রাফিক্যাল ইনডিকেশন) তকমা পেতে জেলা ও রাজ্য প্রশাসনের কাছে আবেদন করল ক্ষীরপাই পুরসভা কর্তৃপক্ষ ও ক্ষীরপাই পুরসভার ব্যবসায়ীরা।

ক্ষীরপাই পুর শহর বিখ্যাত তার বাবরশা মিষ্টির জন্য। ক্ষীরপাই পুরসভা কর্তৃপক্ষের দাবি, এমন ধরনের মিষ্টি ভূভারতে নেই। তাহলে তার জিআই তকমা পাবে না কেন? বলাই বাহুল্য, বাবরশা মিষ্টির জিআই তকমার দাবি করে আসছে কয়েক বছরের।

ক্ষীরপাই পুর শহর প্রায় দেড়শো বছরের প্রাচীন। তার আগে থেকেও প্রাচীন জনপদ হিসাবে খ্যাত ক্ষীরপাই। এখানে আর্মেনিয়ানরা কুঠি বানিয়েছিল ইংরেজ আমলে। ময়দা ও ঘিয়ের ময়াম দিয়ে মেখে ঘিয়ে ভাজা শত ছিদ্র এই মিষ্টির জন্ম নিয়ে নানা কথা প্রচলিত।

ক্ষীরপাই পুরসভা সূত্রে জানা গিয়েছে, ১৭৪০ থেকে ১৭৬০ সালে বর্গির আক্রমণ ঠেকাতে এডওয়ার্ড বাবর নামে এক ব্রিটিশ প্রশাসক এসেছিলেন ক্ষীরপাইয়ে। তখন সেই জনপদের অলিতেগলিতে তৈরি হত এই মিষ্টি।

কোনও নাম ছিল না। কথিত আছে, এডওয়ার্ডের দাপটে বর্গি হানা থেমে গিয়েছিল। খুশি হয়ে এক মিষ্টি ব্যবসায়ী নাকি তাঁকে ঘিয়ের কড়া পাকে ভেজে এই মিষ্টি খাইয়ে ছিলেন। তাতেই এডওয়ার্ডের দিল খুশ হয়ে যায়। তাঁর নামেই নাকি সেই মিষ্টির নাম হয়ে যায় বাবরশা। যদিও এই নামকরন নিয়ে বিতর্ক রয়েছে। অনেকেই এই নাম নিয়ে চলতি ইতিহাস মানতে চান না। লোকে নানা বক্তব্য পেশ করে। কিন্তু তাও এই মিস্টি এ নামেই এখানে বেশি বিক্রি করা হয়। কিন্তু নামে কি এসে যায়! বললেন ক্ষীরপাই পুরসভার টানা ৩০ বছরের চেয়ারম্যান দুর্গাশংকর পান। তিনি বলেন, এই ধরণের মিষ্টি ভূভারতে নেই। তাই আমাদের অনেক দিনের দাবি এই মিষ্টির জিআই তকমার। গত কয়েক বছর ধরে আমরা চেষ্টা করে চলেছি। এখানকার ব্যবসায়ীরাও অনেক দিন থেকে দাবি করে আসছেন।

তৈরি হবে চকোলেট কেক! কী ভাবে? জেনে নিন

কেকের নাম শুনলে প্রত্যেকেরই জিভে জল আসে! বিশেষ করে তা যদি হয় চকোলেটের, তাহলে তো কথাই নেই! রাতবিরেতে হঠাৎ চকোলেট কেক খাওয়ার ইচ্ছে হতেই পারে। কিন্তু ইচ্ছে হলেই যে হাতের কাছে পাওয়া যাবে, তা নয়। তবে মন খারাপের কিছু নেই! বাড়িতে মাত্র ৩ মিনিটেই তৈরি হয়ে যাবে আপনার পছন্দের কেক। তাও আবার সামান্য কয়েকটা উপকরণ দিয়েই। দেখুন কী ভাবে বানাবেন-চকোলেট মগ কেক তৈরির উপকরণ

২ টেবিল চামচ কোকো পাউডার,১ টেবিল চামচ চকোলেট চিপস,১৪ কাপ ময়দা,স্বাদ অনুযায়ী চিনির গুঁড়ো,আধ চা চামচ বেকিং পাউডার,১৪ কাপ দুধ,মাখন পরিমাণমতো,১৪ চা চামচ ভ্যানিলা এক্সট্র্যাক্ট,

চকোলেট মগ কেক তৈরির পদ্ধতি-১) একটা বড় ওভেন প্রুফ কফি মগ নিয়ে তার গায়ে ভালো করে মাখন লাগিয়ে রাখুন।

২) বাটিতে কোকো পাউডার, ময়দা, চিনির গুঁড়ো, বেকিং পাউডার, দুধ, ভ্যানিলা এক্সট্র্যাক্ট ভালো করে মিশিয়ে নিন। এমন ভাবে মেশাবেন যেন দলা পাকিয়ে না থাকে। ৩) তারপর এই মিশ্রণটি কফি মগে ঢেলে দিন। কিন্তু পুরো ভর্তি করবেন না। ওপর থেকে চকোলেট চিপস ছড়িয়ে দেবেন। ৪) বেক করতে দেওয়ার আগে মাইক্রোওয়েভ ওভেন ৫ মিনিট প্রিহিট করে নেবেন। ৫) এবার ৯০ সেকেন্ড কাপটি মাইক্রোওয়েভ ওভেন রাখুন। ৬) বেক হয়ে গেলে খুব সাবধানে কফি মগটি বের করুন মাইক্রোওয়েভ থেকে। ৭) একটু ঠান্ডা হলে উপর থেকে চকোলেট সস এবং চকোলেট চিপ্স ছড়িয়ে পরিবেশন করতে পারেন।

পমফ্রেটের অন্য কিছু খেতে চান? বানিয়ে ফেলুন আচারি পমফ্রেট

গলায় কাঁটা ফোটার ভয়ে অনেকেই মাছ খান না, তাঁদের জন্য মাছ হল পমফ্রেট। তাছাড়া এই মাছ খেতেও অত্যন্ত ভালো। পুরি বা দিঘার সমুদ্রে গেলে এ মাছ খেতেই হবে। যে কারণে বাচ্চা থেকে বুড়ো সকলেরই অত্যন্ত পছন্দের মাছ এটি। গরম ভাতের সঙ্গে পমফ্রেট মাছের ঝাল কিংবা কারি খেলে মন জুড়িয়ে যায়। কিন্তু কখনও তো স্বাদ বদল করতে ইচ্ছে করতেই পারে। তাই এবার পমফ্রেট মাছের ঝোলঝালের পরিবর্তে বানাতে পারেন আচারি পমফ্রেট। কি ভাবে দেখে নিন-

আচারি পমফ্রেট তৈরির উপকরণ-৩টি মাঝারি সাইজের পমফ্রেট মাছ,১ চা চামচ হলুদ গুঁড়ো,১ চা চামচ তেঁতুলের ক্বাথ,১ চা চামচ গোলমরিচ,পরিমাণমতো লঙ্কা গুঁড়ো,১ চা চামচ জিরে গুঁড়ো,পরিমাণমতো লেবুর রস,৫০ গ্রাম অ্যারারুট,স্বাদ মতো নুন,পরিমাণমতো সাদা তেল,স্বাদ অনুযায়ী চাট মশলা,

আচারি পমফ্রেট তৈরির প্রণালী-১) প্রথমে পমফ্রেট মাছগুলি ভালো করে ধুয়ে নিন। মাছের গায়ে ছুরি দিয়ে কয়েকটা চিরে নিন। ২) এবার মাছে নুন ও লেবু মাখিয়ে ম্যারিনেট করে রাখুন আধ ঘণ্টা। ৩) আধ ঘণ্টা ম্যারিনেশনের পর আবার জল দিয়ে ধুয়ে নিন মাছগুলো। ৪) এ বার মাছে হলুদ, নুন ও লঙ্কা গুঁড়ো, গোলমরিচ গুঁড়ো, তেঁতুলের ক্বাথ, জিরে গুঁড়ো ও তেল দিয়ে মাখিয়ে রাখুন আরও কিছু ক্ষণ। ৫) মাছের গায়ে যাতে সব মশলা ভালো করে ঢুকে যায় তার জন্য এক ঘণ্টা ফ্রিজে রেখে দিতে পারেন। ৬) কড়াইতে তেল গরম করুন। এই মশলা মাখানো মাছে অ্যারারুট ভালো করে মাখিয়ে তেলে ভেজে নিন। ৭) মাছগুলো ভালো করে ভাজা হলে তুলে নিন। ৮) মাছের উপর থেকে চাট মশলা ও লেবুর রস ছড়িয়ে দিন। প্লেটে স্যালাড দিয়ে সাজিয়ে পরিবেশন করতে পারেন আচারি পমফ্রেট। দেখবেন সকলেরই বালো লাগবে।

ত্রিপুরায় শান্তি শৃঙ্খলা বজায় রাখুন, আবেদন তৃণমূল রাজ্য সভাপতির

আগরতলা, ২৫ ফেব্রুয়ারি ঃ গত ৩০ বছরে সিপিএম ও বিজেপির রাজত্বে ত্রিপুরায় বহু মানুষের রক্ত ঝড়েছে। আগামী ২ মার্চ নির্বাচনের ফল প্রকাশের পর রাজনৈতিক সন্ত্রাসের পুনরাবৃত্তি না ঘটে তার জন্য সকলের কাছে আবেদন শান্তি শৃঙ্খলা বজায় রাখুন। আজ শনিবার সাংবাদিক সম্মেলনে সমস্ত রাজনৈতিক দলের কাছে এই আবেদন করেছেন তৃণমূল কংগ্রেসের প্রদেশ সভাপতি বরিষ্ঠ আইনজীবী পীযুষ কান্তি বিশ্বাস। তাঁর মতে, এবারের নির্বাচনে কোনো ধরণের সন্ত্রাস ভোটারদের বাড়িতে আটকে রাখতে পারেনি। তাতেই বোঝা গেছে, ত্রিপুরার মানুষ গণতন্ত্রপ্রিয় এবং শান্তি ও উন্নতি চাইছেন। এদিন তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, ত্রিপুরায় নির্বাচনোত্তর পরিস্থিতি অনভিপ্রেত এবং অত্যন্ত দুর্ভাগ্যজনক। রাজ্যের বিভিন্ন স্থানে সন্ত্রাসের বিক্ষিপ্ত ঘটনা লক্ষ্য করা গেছে। সাধারণ মানুষকে ভয় ভীতি প্রদর্শন, শারীরিক নির্যাতন, অগ্নিসংযোগ, ভাঙ্গচুর, হত্যার ঘটনায় ত্রিপুরার নাম সারা দেশে কলঙ্কিত হচ্ছে। তাঁর দাবি, রাজনৈতিক দলগুলি নিজেদের দায়িত্ব পালনে অতি সক্রিয় না হলে সন্ত্রাস থামানো অসম্ভব হবে। তাঁর আবেদন, ভোটের ফলাফল ঘোষণার পর নির্বাচিত রাজনৈতিক দলের কর্মী সমর্থকদের আনন্দ নিরানন্দে পরিণত না হয়.

নিরামিষ খেতে বানাতে হবে পনির কালিয়া

কালিয়া বলতে সাধারণত আমরা মাছের কালিয়াই বুঝি। এখন শোনা যাচ্ছে পনির কালিয়া। পনিরের কত রকম পদই না হয়! আজ আপনাদের জন্য নিরামিষ পনির কালিয়া কি ভাবে বানানো যয়া তা নিয়ে কিছু কথা। তবে পনিরের কালিয়াও কিন্তু দারুণ সুস্বাদু। স্বাস্থ্যের পক্ষেও বেশ উপকারী পনির। এর মধ্যে রয়েছে প্রচুর পরিমাণে প্রোটিন ও ক্যালসিয়াম, যা শরীরে জন্য জরুরি। চলুন তবে শিখে নেওয়া যাক পনির কালিয়া বানানোর কৌশল।

পনির কালিয়া তৈরির উপকরণ-৫০০ গ্রাম পনির,৫টা টোম্যাটো,আদা বাটা হলুদ গুঁড়ো,লাল লঙ্কা গুঁড়ো,জিরে গুঁড়ো,ধনে গুঁড়ো,গরম মশলা গুঁড়ো,পরিমাণমতো ঘি ও তেল,গোটা গরম মশলা,২টো তেজপাতা,স্বাদ অনুযায়ী লবণ,

পনির কালিয়া তৈরির পদ্ধতি-১) পনির ছোটো ছোটো টুকরো করে কেটে নিন। কড়াইতে তেল গরম করে পনিরের টুকরোগুলো ভেজে নিন। সবকটা টোম্যাটো বেটে নিন। ২) ফ্রাইং প্যানে তেল গরম করে দারুচিনি, ছোটো এলাচ, লবঙ্গ, তেজ পাতা ফোড়ন দিন। ফোড়ন থেকে সুন্দর গন্ধ বেরোলে টোম্যাটো বাটা দিয়ে কষাতে থাকুন কিছুক্ষণ। ৩) এ বার আদা বাটা, হলুদ গুঁড়ো, লঙ্কা গুঁড়ো, জিরে গুঁড়ো, ধনে গুঁড়ো ও লবণ দিয়ে নাড়তে থাকুন। অল্প অল্প করে জল দিয়ে মশলা কষান। ৪) মশলা থেকে তেল ছেড়ে এলে এক দেড় কাপ জল দিয়ে দিন। তারপর পনিরের টুকরোগুলো দিয়ে ঢেকে দিন। আরও কিছুক্ষণ রান্না করুন। নামানোর আগে গরম মশলা ও ঘি ছড়িয়ে দিন। ৫) পোলাও, সাদা ভাত, রুটি, লুচি, পরোটা ¯ যে কোনও কিছুর সঙ্গেই খেতে পারেন এই পনির কালিয়া।

এমসিডির স্থায়ী কমিটির নির্বাচনের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিল দিল্লি হাইকোর্ট

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ আগামী ২৭ ফেব্রুয়ারি দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনের স্থায়ী কমিটির নির্বাচনের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিল দিল্লি হাইকোর্ট । বিচারপতি গৌরাঙ্গ কান্তের একটি বেঞ্চ লেফটেন্যান্ট গভর্নর এবং দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেয়র শেলি ওবেরয়ের অফিসে নোটিশ জারি করেছে। ব্যালট পেপার ও সিসিটিভি ফুটেজ সংরক্ষণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আদালত বলেন, আগের নির্বাচনের ফল ঘোষণা না করেই নতুন নির্বাচনের তারিখ ঘোষণা করে পৌর কর্পোরেশনের মেয়র বিধি লঙ্ঘন করেছেন। বিজেপির কর্পোরেটর শিখা রায় এবং কমলজিৎ সেহরাওয়াত স্থায়ী কমিটির নির্বাচনে মেয়র শেলি ওবেরয়ের একটি ভোটকে অবৈধ ঘোষণাকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে আবেদন করেছেন। শুনানির সময় আইনজীবী রাহুল মেহরাকে আদালত জিজ্ঞাসা করেন যে নিয়ম অনুসারে মেয়রের পুনরায় নির্বাচনের আদেশ দেওয়ার ক্ষমতা আছে কি না। প্রবীন অ্যাডভোকেট মহেশ জেঠমালানি বিজেপি কর্পোরেটরদের পক্ষে উপস্থিত হয়ে পরামর্শ দিয়েছেন যে ফুটেজ এবং ব্যালট পেপার দেখে আদালত সিদ্ধান্ত নিতে পারে। তিনি বলেন, মেয়র ভোট গণনা ঠেকাতে পারবেন না। কিছু ভোট গণনা করা হলেও এখন তারা পুনঃভোট চায়।

দিল্লির বাতাসের গুণগত মান 'খারাপ'

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারি ঃ আজ শনিবার রাজধানী দিল্লিতে সর্বনিম্ন ১০.৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম। ভারতের আবহাওয়া দফতরের এক কর্তা এ খবর জানিয়েছেন। আধিকারিকদের মতে, আজ রাজধানীতে সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি হতে পারে। দিনের বেলা আকাশ পরিষ্কার থাকলেও সকাল ৯টার দিকে বাতাসের গুণমান সূচক 'দরিদ্র' ক্যাটাগরিতে ২১১ রেকর্ড করা হয়েছে। আবহাওয়াবিদদের মতে, পশ্চিমী ঝঞ্জার কারণে ২৭ ফেব্রুয়ারি জম্মু ও কাশ্মীর, উত্তরাখণ্ড এবং হিমাচল প্রদেশের কিছু অংশে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

হিমাচলে স্টাফ সিলেকশন কমিশনের প্রাক্তন সচিবের বিরুদ্ধে মামলা

সিমলা, ২৫ ফেব্রুয়ারি ঃ হিমাচল প্রদেশ স্টাফ সিলেকশন কমিশনের প্রাক্তন সচিব এইচএএস অফিসার ডঃ জিতেন্দ্র কানওয়ারের বিরুদ্ধে মামলা প্রস্তুতি নিচ্ছে ভিজিল্যান্স। রাজ্য সরকারও তাঁর বিরুদ্ধে মামলার অনুমতি দিয়েছে। এমন পরিস্থিতিতে শিগগিরই ডক্টর কানওয়ারকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠাবে ভিজিল্যান্স। ভিজিল্যান্স হামিরপুরের বিশেষ পুলিশ সুপার রেনু শর্মা বলেন, ভিজিল্যান্স পেপার ফাঁস মামলায়. ৬২৬ পৃষ্ঠার চার্জশিটে প্রাক্তন সচিব জিতেন্দ্র কানওয়ারের নাম অন্তর্ভুক্ত করেছে। এছাড়া প্রথম চার্জশিটে প্রধান অভিযুক্ত উমা আজাদ ও তার দুই ছেলেসহ আট অভিযুক্তের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মধ্যে চার অভিযুক্ত বিচার বিভাগীয় হেফাজতে এবং চারজন আদালত থেকে জামিন পেয়েছেন। হিমাচল প্রদেশে নিয়োগ পরীক্ষা ২০২২ সালের ২৫ ডিসেম্বরে স্টাফ সিলেকশন কমিশন এই পরীক্ষা প্রস্তুত করেছিল। এর আগেও ২৩ ডিসেম্বর পেপার ফাঁসের ঘটনায় সিলেকশন কমিশনের সিনিয়র সহকারী উমা আজাদকে গ্রেফতার করে হামিরপুর ভিজিল্যান্স টিম। পেপার ফাঁস হওয়ার পর রাজ্য সরকার সিলেকশন কমিশনের কাজকর্ম স্থগিত করেছে।

গণতন্ত্র টিকে থাকলেই রাজনীতি হবেঃলালু যাদব

পটনা, ২৫ ফেব্রুয়ারি ঃ আমাদের একসঙ্গে গণতন্ত্র বাঁচাতে হবে। গণতন্ত্র যখন টিকে থাকবে তখনই রাজনীতি থাকবে বলে মনে করেন আরজেডি সুপ্রিমো লালু যাদব। ভিডিও কনফারেন্সের মাধ্যমে শনিবার পূর্ণিয়ার রংভূমি ময়দানে মহা জোটের সভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, বিজেপি কোনো দল নয়। এটা আরএসএসের মুখোশ। আরএসএস যা চায়, নরেন্দ্র মোদী তাই করছে। ভারতকে বাঁচাতে প্রয়োজন সংহতি। তিনি আরও বলেন, আমরা এবং নীতীশ এক হয়ে গেছি। দেশ ও সংবিধানকে বাঁচাতে হবে।

মোদীজিকে প্রধানমন্ত্রী করাই বিহারে 'জঙ্গলরাজ' থেকে পরিত্রাণের একমাত্র উপায়ঃ অমিত শাহ

পশ্চিম চম্পারণ, ২৫ ফেব্রুয়ারি ঃ মোদীজিকে প্রধানমন্ত্রী করাই বিহারে 'জঙ্গলরাজ' থেকে পরিত্রাণের একমাত্র উপায়। বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ। শনিবার বিহারের পশ্চিম চম্পারণ জেলার একটি জনসভা থেকে অমিত শাহ বলেছেন, বিহারে 'জঙ্গলরাজ' থেকে পরিত্রাণের একমাত্র উপায় হল নরেন্দ্র মোদীদিকে আবারও দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় প্রধানমন্ত্রী করা। প্রতিদিনই আমরা ধর্ষণ ও হত্যার খবর শুনি। আমি চাই বিহারের মানুষ নীতীশ কুমার ও তাঁর সরকারকে উচিত শিক্ষা দিক।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, বিহারের অবস্থা অত্যন্ত খারাপ, আইনশৃঙ্খলা নেই। সরকারের বিরুদ্ধে কথা বললেই সাংবাদিকদের হত্যা করা হচ্ছে। নীতীশ কুমার সবসময় নীরব

ছিলেন, কিন্তু পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পপুলার ফ্রন্ট অফ ইন্ডিয়াকে নিষিদ্ধ করেছেন মোদীজি। অমিত শাহ বলেছেন, নকল মদ বিক্রি বন্ধ করতে হবে। প্রধানমন্ত্রী মোদী বিহারকে ১৫,০০০ কোটি টাকার ৩টি প্রকল্প দিয়েছেন। লালু যাদব এবং নীতীশ কুমার যখন ইউপিএ সরকারের অধীনে কেন্দ্রীয় মন্ত্রিত্বে ছিলেন তখন তারা বিহারকে কত টাকা দিয়েছিলেন? মোদীজি ১,০৯,০০০ কোটি টাকা দিয়েছেন।

উৎসবের সময় ভিড় হ্রাস করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে আরও কয়েক জোড়া হোলি স্পেশাল ট্রেন চালাবে

মালিগাঁও, ২৫ ফেব্রুয়ারি ঃ যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে আরও কয়েক জোড়া হোলি স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দুটি ট্রিপের জন্য ডিব্রুগড়-গোরখপুর-ডিব্রুগড় ও নিউ জলপাইগুড়িগোরখপুরনিউ জলপাইগুড়ির মধ্যে চলবে। একটি ট্রিপের জন্য নাহরলাগুনওখানাহরলাগুন ও নিউ জলপাইগুড়ি-শিয়ালদহ-নিউ জলপাইগুড়ির মধ্যে হোলি স্পেশাল ট্রেন চলবে। ০৫৯৭৮ নং. (ডিব্রুগড়-গোরখপুর) হোলি স্পেশাল ট্রেনটি ডিব্রুগড় থেকে ০২ ও ০৯ মার্চ, ২০২৩ তারিখের ১৯.২৫ ঘণ্টায় রওনা দিবে এবং যথাক্রমে ০৪ ও ১১ মার্চ, ২০২৩ তারিখের ০৭.৩০ ঘণ্টায় গোরখপুর পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৫৯৭৭ নং.(গোরখপুরডিব্রুগড়)হোলি স্পেশাল ট্রেনটি গোরখপুর থেকে ০৭ ও ১৪ মার্চ, ২০২৩ তারিখের ০৭.৫০ ঘণ্টায় রওনা দিবে এবং পরের দিন ২১.১৫ ঘণ্টায় ডিব্রুগড় পৌঁছবে। ০৫৭৭৭ নং. (গোরখপুর-নিউ জলপাইগুড়ি) হোলি স্পেশাল ট্রেনটি গোরখপুর থেকে ০৪ ও ১১ মার্চ, ২০২৩ তারিখের ১৭.০০ ঘণ্টায় রওনা দিবে এবং পরের দিন ১১.০০ ঘণ্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৫৭৭৮ নং. (নিউ জলপাইগুড়ি-গোরখপুর) হোলি স্পেশাল ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে ০৬ ও ১৩ মার্চ, ২০২৩ তারিখের ১৫.০০ ঘণ্টায় রওনা দিবে এবং পরের দিন ০৬.৩০ ঘণ্টায় গোরখপুর পৌঁছবে। ট্রেনগুলিতে এসি ৩টিয়ার, স্লিপার ক্লাস ও জেনারেল সিটিং কোচ সহ মোট ২২টি কামরা থাকবে। ০৯৫২৫ নং. (ওখানাহরলাগুন)অন্য আরেকটি হোলি স্পেশাল ট্রেন ০৭ মার্চ, ২০২৩ তারিখের ২২.০০ ঘণ্টায় ওখা থেকে রওনা দিবে এবং ১০ মার্চ, ২০২৩ তারিখের ১৬.০০ নাহরলাগুন পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৯৫২৬ নং. (নাহরলাগুনওখা) হোলি স্পেশাল ট্রেনটি ১১ মার্চ, ২০২৩ তারিখের ১০.০০ ঘণ্টায় নাহরলাগুন থেকে রওনা দিবে এবং ১৪ মার্চ, ২০২৩ তারিখের ০৩.৩৫ ঘণ্টায় ওখা পৌঁছবে। ট্রেনটিতে এসি ৩টিয়ার, এসি ২টিয়ার, স্লিপার ক্লাস ও জেনারেল সিটিং কোচ সহ মোট ২৪টি কামরা থাকবে। ০৩১০৩ নং. (শিয়ালদহ-নিউ জলপাইগুড়ি) হোলি স্পেশাল ট্রেনটি শিয়ালদহ থেকে ০৩ মার্চ, ২০২৩ তারিখের ২৩.৪০ ঘণ্টায় রওনা দিবে এবং পরের দিন ১০.৪৫ ঘণ্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৩১০৪ নং. (নিউ জলপাইগুড়ি-শিয়ালদহ) হোলি স্পেশাল ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে ০৪ মার্চ, ২০২৩ তারিখের ১২.১৫ ঘণ্টায় রওনা দিবে এবং একই দিনে ২৩.৫০ ঘণ্টায় শিয়ালদহ পৌঁছবে। এই স্পেশাল ট্রেনটিতে ১৬টি এসি ৩টিয়ার কামরা থাকবে। ০৩১০৫ নং. (শিয়ালদহ-নিউ জলপাইগুড়ি) হোলি স্পেশাল ট্রেনটি শিয়ালদহ থেকে ০৪ মার্চ, ২০২৩ তারিখের ২৩.৪০ ঘণ্টায় রওনা দিবে এবং পরের দিন ১০.৪৫ ঘণ্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৩১০৬ নং. (নিউ জলপাইগুড়ি-শিয়ালদহ) হোলি স্পেশাল ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে ০৫ মার্চ, ২০২৩ তারিখের ১২.১৫ ঘণ্টায় রওনা দিবে এবং একই দিনে ২৩.৫০ ঘণ্টায় শিয়ালদহ পৌঁছবে। এই স্পেশাল ট্রেনটিতে এসি ৩টিয়ার, এসি ২টিয়ার ও এসি ফার্স্ট ক্লাস কোচ সহ মোট ১৯টি কামরা থাকবে। এই রুটে অন্যান্য ট্রেনের ওয়েটিং লিস্টের যাত্রীরা এই সুযোগ গ্রহণ করতে পারবেন। এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন খবরের কাগজ ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

রায়পুরে রাজকীয় স্বাগত প্রিয়াঙ্কাকে, বিছিয়ে দেওয়া হয়েছে ২০ টন গোলাপ

রায়পুর, ২৫ ফেব্রুয়ারি ঃ কংগ্রেসের জাতীয় অধিবেশনে যোগ দিতে রায়পুরে পৌঁছেছেন প্রিয়াঙ্কা গান্ধী। বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল সহ শীর্ষ নেতারা। তাঁকে স্বাগত জানাতে সড়কে গোলাপ ফুলও বিছিয়ে দেওয়া হয়েছে। রাহুল গান্ধী এবং সোনিয়া গান্ধী শুক্রবার নিজেই পৌঁছেছিলেন, তবে পিয়াঙ্কা গান্ধী আজ সকালে পৌঁছেছেন। বিমানবন্দরে হাইড্রোলিক সিস্টেম থেকে রঙিন পাপড়ি উড়িয়ে দেওয়া হয়। প্রিয়ঙ্কা গান্ধী জিন্দাবাদের স্লোগান ওঠে। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। তিনি বের হওয়ার সাথে সাথে শ্রমিকরা তার গায়ে ফুল বর্ষণ করেন। কংগ্রেস নেতা মোহন মারকাম প্রিয়াঙ্কা গান্ধী ভাডরাকে ফুল দিয়ে স্বাগত জানান। শনিবার দেশের বড় তিনটি ইস্যুতে সম্মেলনের সঙ্গে যুক্ত বড় নেতারা কথা বলবেন। এই বিষয়গুলো হলো রাজনৈতিক পরিস্থিতি, অর্থনীতি এবং আন্তর্জাতিক বিষয়। দেশের কেন্দ্রীয় সংস্থাগুলির রাজনৈতিক ব্যবহার, কংগ্রেস কীভাবে দেশের অর্থনীতি এবং বৈদেশিক নীতিগুলি পরিচালনা করতে পারে বা উন্নত করতে পারে তা নিয়ে আলোচনা করা হবে।

ত্রিপুরায় বিধানসভা নির্বাচনে শান্তিপূর্ণভাবে গণনা সম্পন্নে সর্বদলীয় বৈঠক মুখ্য নির্বাচনী আধিকারিকের

আগরতলা, ২৫ ফেব্রুয়ারি ঃ আগামী ২ মার্চ ত্রিপুরা বিধানসভা নির্বাচনের ভোট গণনা প্রক্রিয়া সম্পন্ন হবে। এই উপলক্ষে আজ শনিবার পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের মিলনায়তনে ত্রিপুরার মুখ্য নির্বাচনী আধিকারিক কিরণ গিত্যে এক সর্বদলীয় সভা আয়োজন করেছিলেন। এদিন সভার শুরুতে তিনি বলেন, শান্তিপূর্ণভাবে ভোট গণনা সম্পন্ন করার জন্য ত্রিপুরার মুখ্য সচিব, পুলিশ মহা নির্দেশক, অতিরিক্ত পুলিশ মহা নির্দেশক সহ তিনি রাজ্যের ৮ জেলা সফর এবং বিভিন্ন জেলার উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে বৈঠক করেছেন। তিনি জানান, ভোট গণনা পরবর্তীতে যাতে শান্তি বজায় থাকে সেই ব্যবস্থা গ্রহণ করা হবে। এই কাজে তিনি সকল রাজনৈতিক দলের সহযোগিতা কামনা করেছেন। ২ মার্চ ভোট গণনার দিন নির্বাচন কমিশন ত্রিপুরায় ড্রাই ডে ঘোষণা করেছে। এদিন তিনি ২০২৩ ত্রিপুরা বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠ এবং শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করতে বিভিন্ন রাজনৈতিক দলের ভূমিকায় সন্তোষ প্রকাশ করেন। মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রী গিত্যে বলেন, ২১টি স্থানে ত্রিপুরার ৬০ টি বিধানসভা কেন্দ্রের গণনা একযোগে অনুষ্ঠিত হবে। প্রতিটি বিধানসভা কেন্দ্রের জন্য একটি করে কন্ট্রোলরুম খোলা থাকবে। সেখানে ফোন করে প্রত্যেক রাজনৈতিক দল এবং প্রার্থীরা তাদের সমস্যা সমাধানের সুবিধা পাবেন। তিনি জানান, ৪ থেকে সর্বোচ্চ ৮ রাউন্ড গণনা হবে। সকাল ৮ টায় প্রথমে ব্যালট গণনার মধ্য দিয়ে গণনার কাজ শুরু হবে। সুষ্ঠ গণনা প্রক্রিয়া সম্পাদনের লক্ষ্যে প্রতিটি কাউন্টিং হলে ১ জন করে কাউন্টিং অবজারভার থাকবেন এবং প্রতিটি কাউন্টিং টেবিলে ১ জন করে মাইক্রো অবজারভার থাকবেন। কাউন্টিং এজেন্ট দের নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে কাউন্টিং হলে প্রবেশ করতে হবে, বলেন তিনি। তিনি সমস্ত রাজনৈতিক দলকে রিটার্নিং অফিসারের কাছে আগামী সোমবার বিকেল ৫টার মধ্যে সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের কাউন্টিং এজেন্ট দের নামের তালিকা জমা দেওয়ার জন্যপরামর্শ দিয়েছেন। ভোট গণনার সময় ইলেকট্রনিক ভোটিং মেশিনে কোনরকম সমস্যা তৈরি হলে বিব্রত না হওয়ার জন্য তিনি সকল রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়েছেন। সাথে তিনি যোগ করেন, প্রতি বিধানসভা কেন্দ্রে বাধ্যতামূলকভাবে পাঁচটি করে ভিভিপ্যাড গণনা করা হবে। সেই সঙ্গে গণনা প্রক্রিয়া সম্পর্কে সকল প্রার্থীর কাউন্টিং এজেন্টদের বিভিন্ন নিয়মাবলী সম্পর্কে সচেতন করতেও অনুরোধ করেন। ভোট গণনার পরবর্তী সময়ে রাজ্যে শান্তি বজায় রাখতে সকলের প্রতি আবেদন জানান তিনি।

Name Change

I,VIJAY KUMAR(old name) S/o LAL BABU RAY residing at Mohispota, Natagarh Ghola, PS Barrackpore, Pin- 700113 WEST BENGAL, INDIA. I have Changed my name (Shall Hence forth be known as) VIJAY RAY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. VIJAY KUMARandVIJAY RAY-all are same and one identical person.

Name Change

I,ANISUR RAHAMAN(old name) S/o ABDUR RAHMAN RAHMAN(Old Name) residing at Z-3/519/B. MISTRY GHAT ROAD, BADARTALA, PS-NADIAL, KOLKATA-700044 WEST BENGAL, INDIA. I have Changed my & my father's name (Shall Hence forth be known as) S M ANISUR RAHAMAN S/O S M ABDUR RAHAMAN, vide an affidavit sworn before the Ld. 1st Class Judicial Magistrate, alipore on 21/02/2023 .ANISUR RAHAMAN S/o ABDUR RAHMAN RAHMAN and S M ANISUR RAHAMAN S/O S M ABDUR RAHAMAN all are same and one identical persons.

Name Change

I, RIFAT ANJUM residing at Abdul Latif Road, G.C. Road, near Kallu Kath Gola, Math para, PO-Titagarh, PS-Khardah, Dist-North 24 Parganas, Kolkata-700119 WEST BENGAL, INDIA do hereby solemnly affirm & declaring my father's actual name MD. ISHAQUE instead of MOHAMMOD ISHAQUE, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 22/02/2023. MD. ISHAQUE and MOHAMMED ISHAQUE both are same and one identical person.

Name Change

I, MINTU BHOWMICK (Old Name), S/o LATE HIRENDRA BHOWMICK residing at 11/2 CHRISTOPHER ROAD ENTALLY, KOLKATA-700046, WB, India, I have changed my name to DIPANSHU BHOWMICK (new name) vide an affidavit sworn before the Notary Public at Kolkata 25/02/2023. MINTU BHOWMICK and DIPANSHU BHOWMICK both are same and one identical person.

Name Change

I,SANTI RANJAN PAUL (old name) S/o NRIPENDRA CH PAUL residing at 98/5 SHREE GANESH APT, NIRMAL SEN GUPTA SARANI, NABAPALLY WATER TANK,DUM DUM ,NORTH 24 PGS-700079, WEST BENGAL, INDIA. I have Changed myname (Shall Hence forth be known as) SHANTI PAUL (New Name), vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. SANTI RANJAN PAULand SHANTI PAUL all are same and one identical person.

Name Change

I,MD ABDUL SATTAR MONDAL (old name) S/o GOLAM SOREYA residing at KOALIPOTA PURBA PARA, ASHOK NAGAR,NORTH 24 PARGANAS-743272WEST BENGAL, INDIA.I have Changed myname (Shall Hence forth be known as) AB SATTAR MONDAL (New Name), vide an affidavit sworn before the Notary Public at Kolkata On 25/02/2023. MD ABDUL SATTAR MONDAL and AB SATTAR MONDAL all are same and one identical person.

Name Change

I,ANCHHURA BIBI (old name) W/o MD SIRAJ UDDIN residing at 2ND SARANI NADI BHAG MOLLAPARA,BADU, BARASAT, NORTH 24 PARGANAS-700128 WEST BENGAL, INDIA.I have Changed myname (Shall Hence forth be known as) MST ANCHHURA BIBI (New Name), vide an affidavit sworn before the Notary Public at Kolkata On25/02/2023. ANCHHURA BIBI and MST ANCHHURA BIBI all are same and one identical person.

Name Change

I,PUSHPA SARKAR(old name) D/o JIBAN SARKAR residing at Khidirpur Purbapara, Bethuadahari, Nadia-741126 WEST BENGAL, INDIA. I have Changed my name (Shall Hence forth be known as) PUSPA SARKAR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. PUSHPA SARKAR and PUSPA SARKAR all are same and one identical person.

Name Change

I,PRADEEP BARMAN(old name) S/o BRIJLAL MAWATWAL residing at 240, Jai Hanuman Residence, DebaiPukur Road, PO-Hindmotor, PS-Uttarpara, Dist-Chandannagar, Hooghly-712233 WEST BENGAL, INDIA. I have Changed my name (Shall Hence forth be known as) PRADIP KUMAR MAWATWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. PRADEEP BARMANandPRADIP KUMAR MAWATWALall are same and one identical person.

Name Change

I,KISHAN BARMA(old name) S/o PRADIP KUMAR MAWATWAL residing at 240, Jai Hanuman Residence, Debai Pukur Road, PO-Hindmotor, PS-Uttarpara, Dist-Chandannagar, Hooghly-712233 WEST BENGAL, INDIA.I have Changed myname (Shall Hence forth be known as) KRISHAN MAWATWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023.KISHAN BARMAand KRISHAN MAWATWALall are same and one identical person.

Name Change

I,ANU BARMA(old name) W/o PRADIP KUMAR MAWATWAL residing at 240, Jai Hanuman Residence, Debai Pukur Road, PO-Hindmotor, PS-Uttarpara, Dist-Chandannagar, Hooghly-712233 WEST BENGAL, INDIA.I have Changed myname (Shall Hence forth be known as) ANUPAMA MAWATWAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023.ANU BARMA and ANUPAMA MAWATWAL all are same and one identical person.

Name Change

I,JAWED IQUBAL (old name) S/o Ekbal Ahmed Quraisl residing at 13B, MOULANA MD. ALI ROAD, WARD NO. 77, EKBALPUR, KOLKATA-700023 WEST BENGAL, INDIA. I have Changed myname (Shall Hence forth be known as) JAWED EKBAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. JAWED IQUBAL and JAWED EKBAL all are same and one identical person.

Name Change

I,AHMED HOHAMMAD IQUBAL (old name) S/o Hafiz Mohammad residing at 13B, MOULANA MD. ALI ROAD, WARD NO. 77, EKBALPUR, KOLKATA-700023 WEST BENGAL, INDIA. I have Changed my name (Shall Hence forth be known as) EKBAL AHMED QURAISI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023. AHMED HOHAMMAD IQUBALandEKBAL AHMED QURAISI all are same and one identical person.

Name Change

I,SUBHRA DAS (old name) S/o LATE SATYA RANJAN DAS residing at 24, M B ROAD,INDRAPRASTHA APPT. BL 4, KALABAGAN, PS- AIRPORT, Bidhannagar, 700051 WEST BENGAL, INDIA. I have Changed my name (Shall Hence forth be known as) SUBHRO DAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 25/02/2023.SUBHRA DAS and SUBHRO DAS all are same and one identical person.

চিরশান্তির দেশে বাঁকুড়ার লোকসঙ্গীত শিল্পী সুভাষ চক্রবর্তী, শোকজ্ঞাপন মুখ্যমন্ত্রীর

অনিরুদ্ধ সরকার, বাঁকুড়া, ২৫ ফেব্রুয়ারি ঃ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে শনিবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেন লোকসঙ্গীত শিল্পী সুভাষ চক্রবর্তী। বাঁকুড়া হারাল এক মহান শিল্পীকে। বাংলা হারাল এক খ্যাতিমান লোকশিল্পীকে। তিনি একাধিক গান রচনা করেছেন ও সুর দিয়েছেন বহু গানে। শিল্পীর মৃত্যু সংবাদ আসার পর থেকেই বাকরুদ্ধ বাঁকুড়া। শোকে মুহ্যমান জেলার সংস্কৃতি প্রেমের মানুষ। সুভাষ চক্রবর্তী ছিলেন বাঁকুড়ার ভূমিপুত্র। তিনি বাঁকুড়া জেলার বেলিয়াতোড়ে জন্মগ্রহণ করেন। স্থানীয় স্কুলে বিদ্যালয়ের পর সোনামুখী কলেজে স্নাতক পাশ করেন। প্রথিতযশা এই শিল্পীর মৃত্যু সংবাদ আসার পর থেকেই তাই বাকরুদ্ধ বাঁকুড়া। শোকে মুহ্যমান জেলার সংস্কৃতি প্রেমী মানুষ। গত কয়েক দিন ধরেই কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভেন্টিলেশনে ছিলেন তিনি। এদিন দুপুরে তাঁর মেয়ে সঙ্গীত শিল্পী অর্পিতা চক্রবর্তী ফেসবুকে বাবার মৃত্যু সংবাদ ঘোষণা সামনে আনেন। তিনি শুধু লেখেন, 'শেষ'। আর ওই একটি শব্দেই কেঁদে ওঠে বাঁকুড়া। যাঁর গান সকলের মুখে ফেরে এখনও, সেই শিল্পী আর নেই, এটা ভাবতেই পারছেন না বাঁকুড়াবাসী থেকে শুরু করে শিল্পীমনের সমস্ত মানুষ। বাড়িতেই ছিল সঙ্গীতের পরিবেশ। সেই পরিমন্ডলে তিনি শুরু করেন সঙ্গীত সাধনা। সত্তরের দশকে তার গাওয়া বিশিষ্ট কবি অরুন চক্রবর্তী র রাঙামাটি র দেশে য্যা-লালপাহাড়ীর দেশে য্যা-গানটি সাফল্য লাভ করে। তার পর থেকে একের পর এক তিনি লোক ও ঝুমুরের আঙ্গিকে বহু গান গেয়েছেন-যা তাকে জনপ্রিয় করে তোলে। তার গাওয়া বাঁকুড়ার মাটিকে পেন্নাম করি দিনে দুপুরে গানটি অসামান্য জনপ্রিয়তা লাভ করার পর বিশিষ্ট শিল্পী উষা উথুপ এই গানটি ফের রেকর্ড করেন ভাদু, টুসু ও ঝুমুর গান গেয়ে একের পর এক জনপ্রিয়তা অর্জন করেছিলেন সুভাষ চক্রবর্তী। মৃত্যুকালে সুভাষবাবু স্ত্রী, এক পুত্র ও এক কন্যা রেখে গেছেন। তার পুত্র অর্নব ও কন্যা অর্পিতা দুজনেই পিতার পদাঙ্ক অনুসরন করে লোক শিল্পকেই বেছে নিয়েছেন। সম্প্রতি একটি বেসরকারি চ্যানেলে এ পিতা ও পুত্রী এক সঙ্গে লোক ও ঝুমুর সঙ্গীত পরিবেশন করেন যা বেশ সমাদৃত হয়। তাঁর মৃত্যুর খবরে শোকস্তব্ধ শিল্পী মহল। সুভাষ চক্রবর্তীর ভাই সুব্রত চক্রবর্তী জানিয়েছেন, বেশ কিছুদিন ধরে রোগে ভুগছিলেন শিল্পী। হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তাঁর মেয়ে বিশিষ্ট লোকশিল্পী। সারেগামাপা খ্যাত শিল্পী অর্পিতা চক্রবর্তী শুক্রবার সোশ্যাল মিডিয়ায় জানান, বাবা ভালো নেই, শারীরিকভাবে অসুস্থ। সবাই তাঁর জন্য প্রার্থনা করুন। এরপর শনিবার অর্পিতা পোস্ট করে জানিয়ে দেন, বেলা ১২টা নাগাদ সুভাষ চক্রবর্তী শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। শিল্পীর মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়ে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। তিনি বাঁকুড়ার বেলিয়াতোড়ের বাসিন্দা ছিলেন। সেখানে লোকগান শেখাতেন। নিজের মেয়েকেও একজন বড় মাপের লোকশিল্পী করে তুলেছেন। বেশ কয়েক বছর ধরে তিনি কলকাতায় থাকছিলেন। লাল পাহাড়ির দেশে যা রাঙা মাটির দেশে যা এই গানে সকলের মাঝে চির অমর হয়ে থাকবেন সুভাষ চক্রবর্তী। বিশিষ্ট এই লোকসঙ্গীত শিল্পীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গভীর শোক প্রকাশ করেন। শোকবার্তায় তিনি বলেন, বিশিষ্ট লোকসংগীতশিল্পী, গীতিকার ও সুরকার সুভাষ চক্রবর্তীর প্রয়াণে আমি শোকাহত। সুভাষবাবু ঐতিহ্যময় লোকসঙ্গীত বাংলার ঘরে ঘরে পৌঁছে দিয়েছেন। তাঁর সৃষ্টি কিছু অবিস্মরণীয় লোকগান আজও মানুষের মুখে মুখে ফেরে। তাঁর প্রয়াণে সঙ্গীত জগতের অপূরণীয় ক্ষতি হল। আমি সুভাষ চক্রবর্তীর পরিবার-পরিজন ও অনুরাগীদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

পুলিশের উদ্যোগে সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি বর্ধমানে

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৫ ফেব্রুয়ারি ঃ পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে এবং বর্ধমান থানার সহযোগিতায় বর্ধমান শহরের টাউন হল প্রেক্ষাগৃহে শনিবার সেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি এবং বিনামূল্যে চক্ষু ও স্বাস্থ্য শিবির এবং সাংবাদিকদের হেলমেট বিতরণ করা হল। পশ্চিমবঙ্গ সরকারের 'সেফ ড্রাইভ সেভ লাইফ' সঙ্গীত ও নৃত্যের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। পাশাপাশি মানুষকে সচেতন করতে বর্ধমান থানার উদ্যোগে একটি সচেতনতামূলক নাটক পরিবেশন করা হয়। এছাড়াও বর্ধমান থানার সহযোগিতায় এদিন টাউন হলে টোটো চালক এবং গাড়ির ড্রাইভারদের জন্য বিনামূল্যে চক্ষু এবং স্বাস্থ্য পরীক্ষা শিবির আয়োজন করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিএসপি ট্রাফিক অতনু ব্যানার্জি, ডিএসপি ট্রাফিক টু রাকেশ চৌধুরী, বর্ধমান থানার আইসি সুখময় চক্রবর্তী, বর্ধমান থানার মেজ বাবু পুস্পেন্দু জানা, বিশিষ্ট সমাজসেবী মহেন্দ্র সিং সালুজা, বিশিষ্ট চক্ষু বিশেষজ্ঞ ডাঃ কৌশিক শর্মা, শ্রেয়া বর্মন ও শৈল বর্মন সহ বিশিষ্ট গুণী ব্যক্তিরা। বর্ধমান থানার মেজ বাবু পুস্পেন্দু জানা এদিনের অনুষ্ঠানে আগত অতিথিদের সংবর্ধনা জানান। জেলা পুলিশের ডিএসপি ট্রাফিক অতনু চক্রবর্তী এদিনে আগত বয়েজ স্কুলের ছাত্রদের উদ্দেশ্যে বলেন, তারা যেন তাদের অভিভাবকদের জানায় তাদের স্কুলে দিতে আসার সময় বাইক গুলি সঠিকভাবে সাজিয়ে রাখে যাতে জি.টি রোডে যানজট এ্যানো যায়, এছাড়া, টোটো চালকদের উদ্দেশ্যে অতনুবাবু আরো বলেন, যেখানে সেখানে টোটো নিয়ে না দাঁড়িয়ে পড়ে। তারা যেন নির্দিষ্ট জায়গায় এবং রাস্তার বাঁপাশে দাঁড়িয়ে যাত্রী তোলে। ডি.এস.পি ট্রাফিক-২ রাকেশ চৌধুরী বলেন, অনেকেই ট্রাফিক আইন মেনে চলেন না। সামনে গরম কাল আসছে, অনেকেই বিভিন্ন অজুহাত দিয়ে হেলমেট পরেন না। কর্তব্যরত ট্রাফিক পুলিশ তাদের আটকালে পুলিশের সাথে তর্ক জুড়ে দেন। হয়ত পুলিশকে মনে মনে গালাগাল দেন। কিন্তু তাদের বোঝা উচিত ট্রাফিক আইন মেনে রাস্তায় চললে তারাই বিপদমুক্ত হবে। পথচারীরা নির্ভয়ে যাতায়াত করতে পারবে। রাস্তায় ট্রাফিক নিয়ম মেনে চলতে হবে এবং বাইক চালানোর ক্ষেত্রে হেলমেট অবশ্যই পরতে হবে। বর্ধমান থানার আইসি সুখময় চক্রবর্তী এদিন সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। তিনি টোটো চালক এবং সাংবাদিকদের বীমার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তিনি বলেন, এখন ব্যস্ততার যুগে প্রত্যেকেই কিছু না কিছু কাজে সর্বদা রাস্তাঘাটে চলাচল করছেন। মানুষ এখন ঘরের থেকে রাস্তায় বেশী সময় কাটান। তাই প্রত্যেকে ট্রাফিক আইন মেনে চললে সবধরনের বিপদ এড়িয়ে চলতে পারবেন। সম্প্রতি একটি ড্রাইভার খুনের ঘটনার কথা উল্লেখ করে এদিন বিশিষ্ট সমাজসেবী ব্যবসায়ী মহেন্দ্র সিং সালুজা অচেনা কাস্টমারদের ছবি তুলে পরিবারের কাছে পাঠিয়ে দেওয়া এবং তাদের পরিচয় পত্র খতিয়ে দেখার পরামর্শ দেন গাড়িচালকদের। এদিন সাংবাদিকদের পক্ষ থেকে সুপ্রকাশ চৌধুরী পুলিশের এই উদ্যোগকে স্বাগত জানান। এছাড়া গাড়ি চালক, টোটোচালক এবং ছাত্রদের পক্ষ থেকেও বক্তব্য রাখা হয়। ডিএসপি ট্রাফিক অতনু ব্যানার্জি বলেন, বর্ধমান মিউনিসিপাল বয়েজ স্কুলে এক ছাত্র ভালো কথা বলে গেল কিন্তু আমি একটা কথা বলতে চাই যখন তাদের অভিভাবকরা তাদের স্কুলের দিতে এবং নিতে আসেন তখন যেভাবে গাড়িগুলো রাখা থাকে তাদের যানজটের সৃষ্টি হয়। যদি গাড়িগুলো একটু ভালো করে রাখা যায় তাহলে হয়তো আর এইরকম সমস্যা হবে না। এক টোটো চালক বললেন যে হঠাৎ করে গাড়ি থামিয়ে দিলে অনেক সময় সমস্যার সম্মুখীন হতে হয় কিন্তু আমি টোটো চালকদের বলবো আপনারা যখন যাত্রী ওঠাবেন বা নামাবেন তখন একটু বাঁদিকে দাঁড়িয়ে করবেন এবং হুট করে এদিকে ওদিকে ঘুরে যাবেন না। ডিএসপি ট্রাফিক ২ রাকেশ চৌধুরী বলেন, একটা কথা প্রিভেনশন ইজ বেটার দেন কিওর। এটা মোটামুটি আমরা সবাই জানি। অনেকে মেনে চলার চেষ্টা করি হয়তো অনেক সময় করে উঠতে পারি না। সেটারই আরেকটা অংশ আজকের এই অনুষ্ঠান। আমাদের আজ বিনামূল্য চক্ষু পরীক্ষা শিবির এবং স্বাস্থ্য শিবির সেটারই একটি অংশ। আর আমাদের 'সেফ ড্রাইভ সেভ লাইফ' কর্মসূচি সাধারণ মানুষকে সচেতন করতে।

NIQ, Govt. of West Bengal.
Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works. 1. Name of Work: "Provision for Temporary high speed internet service during the programme to be attended by VVIP Near Vijay Smarak, East Gate, Fort William, under Maidan PS on 01-03-2023(Primary Internet Feed)" [Job No. KIT/RW/210 of 22-23] SHORT NOTICE INVITING QUOTATION (No-182/KIT/Q of 22-23) Bid Submission Closing: 28.02.2023 up to 03.00 PM 2. Name of Work: "Provision for Temporary high speed internet service during the programme to be attended by VVIP Near Vijay Smarak, East Gate, Fort William, under Maidan PS on 01-03-2023 (Secondary Internet Feed)" [Job No. KIT/RW/211 of 22-23] SHORT NOTICE INVITING QUOTATION (No-183/KIT/Q of 22-23) Bid Submission Closing: 28.02.2023 up to 03.00 PM. Corrigendum or Addendum if issued will be published only on website.
Sd/- Executive Engineer, PWD
Kolkata IT Division

বিএড কলেজে ব্রাউন সুগার পাচারকারী যুবককে হাতেনাতে গ্রেফতার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ি শহর সংলগ্ন মাটিগাড়া থানার অন্তর্গত শিবমন্দির বিএড কলেজের কাছে ব্রাউন সুগার সহ এক যুবককে গ্রেফতার করলো ডিডি এবং মাটিগাড়া থানার পুলিশ। ধৃতের নাম বাবলু বর্মন(২৮)। নকশালবাড়ির রায়পাড়ার বাসিন্দা সে। এদিন স্কুটি নিয়ে ব্রাউন সুগার পাচার করতে বিএড কলেজের কাছে পৌঁছায় যুবক। গোপন সূত্রে খবর পায় পুলিশ। এরপর ডিডি এবং মাটিগাড়া থানার পুলিশ অভিযান চালিয়ে যুবককে আটক করে। তল্লাশি চালিয়ে তাঁর কাছ থেকে উদ্ধার হয় ১৮০ গ্রাম ব্রাউন সুগার। এরপরই এনডিপিএস অ্যাক্টের আওতায় মামলা দায়ের করে গ্রেফতার করা হয় যুবককে। অভিযুক্ত যুবককে রবিবার শিলিগুড়ি আদালতে তোলা হবে।

ভোট যত এগিয়ে আসছে অভ্যন্তরীণ সংঘাতে জর্জরিত হচ্ছে শাসকদল

দুরন্ত বার্তা, মালদা, ২৫ ফেব্রুয়ারি ঃ জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের অন্তর্গত কুশিদা অঞ্চলের তৃণমূল সভাপতি মহম্মদ নুর আজমের বিরুদ্ধে এবার বিক্ষোভ এলাকার তৃণমূল কর্মীদের একাংশের। কুশিদা অঞ্চলের হুসেনপুরে হয় এই বিক্ষোভ কর্মসূচি। বিক্ষোভের নেতৃত্বে ছিলেন হুসেনপুর

বুথের তৃণমূলের পঞ্চায়েত সদস্যা আরাধনা সরকার। উপস্থিত ছিলেন তার স্বামী তৃণমূল নেতা অলোক পোদ্দার। হুসেনপুর এলাকায় প্রথমে তৃণমূল কর্মীদের নিয়ে একটি বিক্ষোভ মিছিল হয়। তারপরে প্ল্যাকার্ড হাতে মোহাম্মদ নুর আজমের বিরুদ্ধে বিক্ষোভ দেখাতে থাকেন তৃণমূল কর্মী সমর্থকরা। তাদের অভিযোগ কুশিদা অঞ্চল সভাপতি তথা কুশিদা গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান মোঃ নুর আজম বন্যা ত্রাণ এবং আবাস যোজনা দুর্নীতিতে যুক্ত। এছাড়াও পিএইচই, হাসপাতাল সহ বিভিন্ন জায়গায় চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা তুলেছে। রাতের অন্ধকারে এলাকায় এসে পঞ্চায়েত ভোটের প্রার্থী করার প্রতিশ্রুতি দিয়ে টাকা তুলছে বলেও অভিযোগ। বিক্ষোভকারীদের দাবি দ্রুত অঞ্চল সভাপতি পরিবর্তন করতে হবে। না তো দলের বড় ক্ষতি হয়ে যাবে। পঞ্চায়েত সদস্যা আরাধনা সরকার বলেন, মানুষ আমাদের সঙ্গে আছে সেটা আজ প্রমাণ হচ্ছে। যদিও সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন অঞ্চল সভাপতি মহম্মদ নুর আজম। পাল্টা তিনি অভিযোগ করেন অলোক পোদ্দার দুর্নীতিতে যুক্ত। ঘর দেওয়ার নাম করে বহু মানুষের কাছ থেকে টাকা নিয়েছে। ভয় দেখিয়ে বা মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে মানুষকে এনে বিক্ষোভ করাচ্ছে সে। মহম্মদ নুর আজম দাবি করেন আইপ্যাক এসে তদন্ত করুক। তাহলে কে দুর্নীতিগ্রস্ত সেটা প্রমাণ হযে.যাবে। প্রসঙ্গত হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক কে সাংগঠনিক ভাবে দুই ভাগে ভাগ করেছে তৃণমূল। চাঁচল বিধানসভার অন্তর্গত তিনটি অঞ্চলকে নিয়ে হয় একটি ভাগ। সেখানে নতুন অঞ্চল কমিটিতে বিভিন্ন অঞ্চলকেও দুই ভাগে ভাগ করা হয়েছে। কিন্তু তারপরেও কিছুতেই থামছে না গোষ্ঠীদ্বন্দ্ব। ভোট যত এগিয়ে আসছে অভ্যন্তরীণ সংঘাতে জর্জরিত হচ্ছে শাসকদল।

পর্যটকদের গাড়িতে গন্ডার হামলা, আহত অনেক জলদাপাড়া উদ্যানে



দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ ফেব্রুয়ারি ঃ ভয়াবহ দুর্ঘটনা জলদাপাড়া জাতীয় উদ্যানে। এলাকা দখলের লড়াইয়ে মত্ত দুই গন্ডার আচমকাই উঠে আসে জঙ্গল পথে। ঠিক তখনই ওই বনপথ ধরে যাচ্ছিল একটি পর্যটক বোঝাই সাফারি কার। জিপসটি দেখা মাত্রই দুই গন্ডারের সমস্ত রোষ গিয়ে পড়ে ওই জিপটির উপর। চোখের নিমেষে গাড়িটিকে বনপথের পাশের নর্দমায় উল্টে দেয় দুই গন্ডার। ওই দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন জিপটি চালকসহ মোট সাত জন। প্রত্যেককেই তড়িঘড়ি উদ্ধার করে মাদারিহাট স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে। জলদাপাড়ার ইতিহাসে গন্ডারদের ওই ধরনের বেপরোয়া আক্রমণের কোনো নজির নেই।

নাকা চেকিং, হেলমেটবিহীন বাইক আটক

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৫ ফেব্রুয়ারি ঃ পঞ্চায়েত নির্বাচনের আগে ভারত- বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ইসলামপুর পুলিশ জেলার নাকা চেকিংয়ের । ইসলামপুর থানার ভারত-বাংলাদেশ সীমান্তের কমলাগাঁও সুজালী গ্রাম পঞ্চায়েতের হাজি মোড় এলাকার রাজ্য সড়কে পুলিশের নাকা চেকিং চলে। এদিন ইসলামপুর পুলিশ জেলার পুলিশ সুপার বিশপ সরকার, অতিরিক্ত পুলিশ সুপার কার্তিক চন্দ্র মন্ডল, বাংলাদেশ সীমান্তের কমলাগাঁও সুজালী গ্রাম পঞ্চায়েতের হাজি মোড় এলাকায় নাকা চেকিংয়ে একাধিক হেলমেটবিহীন বাইক আটকে করেন হয়।

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে জনসংযোগ বাড়াচ্ছেন জামালপুরের ব্লক নেতৃত্ব

সুজিত দত্ত, বর্ধমান, ২৫ ফেব্রুয়ারি ঃ পঞ্চায়েত নির্বাচনের নির্ঘন্ট ঘোষনা হতে পারে সামনের মাসেই। তাই পঞ্চায়েত নির্বাচনকে পাখির চোখ করে অঞ্চলে অঞ্চলে জনসংযোগ বাড়াতে উদ্যোগ নিয়েছেন জামালপুরের তৃণমূল কংগ্রেসের নেতৃবৃন্দ। দিদির দূত হিসাবে গ্রামে গ্রামে পৌঁছে যাচ্ছেন জামালপুরের তৃণমূল কংগ্রেসের জনপ্রতিনিধিরা। দিদির সুরক্ষা কবচ কর্মসূচিতে অংশ নিয়ে দিদির দূত হিসাবে শনিবার জামালপুরের পারাতল ১ অঞ্চলে যান জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, ব্লক সভাপতি মেহেমুদ খান, পঞ্চায়েত সমিতির সভাপতি ভূতনাথ মালিক, পারাতল ১ পঞ্চায়েতের প্রধান উত্তম হাজারী, ছাত্র পরিষদের সভাপতি বিটুু মল্লিক, উপপ্রধান সৃজীব ঘোষ সহ অঞ্চলের অন্যান্য নেতৃত্ববৃন্দ। এদিন প্রথমে বসন্তপুর গ্রামে মা সিংহ বাহিনীর পুজো দিয়ে কর্মসূচি শুরু করেন তারা। এরপর তারা পৌঁছে যান পর্বতপুর হাই স্কুলে। সেখানে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প যেমন কন্যাশ্রী, শিক্ষাশ্রী, বিভিন্ন স্কলারশিপ ছাত্র-ছাত্রীরা পাচ্ছে কিনা সে বিষয়ে খোঁজ খবর নেন। স্কুল কর্তৃপক্ষের সাথে কথা বলেন। তারপর দুপুরের মধ্যাহ্ন ভোজন সেরে পারাতল ১ পঞ্চায়েতে গিয়ে পঞ্চায়েত প্রধান, উপপ্রধান সহ সকল সদস্য ও পঞ্চায়েত কর্মীদের সাথে কথা বলেন। মানুষ সমস্ত সরকারি প্রকল্পের সুবিধা পাচ্ছেন কিনা তার খোঁজ খবর নেওয়ার পাশাপাশি হিরণ্য গ্রামে গিয়ে খেলার মাঠে জনসংযোগ সারেন। সেখানে সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে আলোচনা করেন, সেই সঙ্গে সাধারণ মানুষের জন্য সরকার কি কি করেছেন সব সাধারণ মানুষের কাছে তুলে ধরেন। এরপর পার্টি অফিসে গিয়ে কর্মীদের নিয়ে কর্মী বৈঠক করেন। মেহেমুদ খান বলেন রাজ্য সরকার যে সব উন্নয়নমূলক প্রকল্প চালু করেছে তা গোটা ভারতে আর কোন রাজ্যে নেই। জাতি ধর্ম, বর্ণ এবং রাজনৈতিক মতভেদ নির্বিশেষে এই প্রকল্পগুলি সকলে প্রদান করা হয়েছে এবং সেই কাজ এখনও চালু আছে। তাই রাজ্যের মানুষের কল্যান সাধনের জন্য উন্নয়নমূলক প্রকল্পগুলি যাতে ভবিষ্যতেও চালু থাকে তার জন্য তৃণমূল কংগ্রেসকেই ফের নির্বাচিত করতে হবে। আসন্ন পঞ্চায়েত নির্বাচনে জোড়াফুলকেই ভোট দিয়ে রাজ্যে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। অপরদিকে জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি ভূতনাথ মালিক উপস্থিত জনগনের উদ্দেশ্যে বলেন, মা-মাটি- মানুষের সরকারের উন্নয়নমূলক প্রকল্পগুলির সহায়তা পেয়েছেন প্রচুর মানুষ। অনেকে আবার পান নি, বিভিন্ন প্রকল্পের টাকা হয়ত এখনও উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢোকে নি। যাদের টাকা আসে নি তাদের ডকুমেন্টশনের হয়ত কিছু ত্রুটি আছে। কারুন আধার কার্ডে নামের সাথে ভোটার কার্ডের নামের মিল নেই, কিংবা কারুর নামের কোন বানান ভুল আছে, কিংবা ঠিকানায় ভুল আছে। অথবা মোবাইল নাম্বারে লিঙ্ক নেই ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাথে। এই ধরনের ছোটখাটো ভুল থাকার জন্য অনেকের টাকা আসে নি। তারা খুব দ্রুত অ্যাপসের সাহায্যে কিংবা সরাসরি সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ভুলগুলি দ্রুত শুধরে নিলে তাদেরও টাকা ঢুকে যাবে। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাধারন মানুষের জন্য বিভিন্ন প্রকল্প করে গেছেন। মা- মাটি- মানুষের সরকার সর্বদা মানুষের পাশে থাকতে বদ্ধ পরিকর বলে এদিন জানান ভূতনাথবাবু।

ইংরেজি প্রশ্নপত্র ফাঁসে পরীক্ষার্থীদের মধ্যে প্রভাব পড়বে না, মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি

দেবাশিস কংসবণিক, নবদ্বীপ, ২৫ ফেব্রুয়ারি ঃ ইংরাজি প্রশ্নপত্র ফাঁস হওয়া নিয়ে যে অভিযোগ উঠেছে, সেই ব্যাপারে পরীক্ষার্থীদের কোন প্রভাব পড়বে না। নবদ্বীপ ধাম বিদ্যাপীঠ উচ্চ বিদ্যালয় পরিদর্শনে এসে স্পষ্ট জানিয়ে দিলেন মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। তিনি এও জানালেন,“ কারা এটা করল, কিভাবে পাঠাল, কার কাছে পাঠাল, তার সোর্স আমরা ইতিমধ্যেই আইডেন্টিফাই করে ফেলেছি। আমরা বিষয়টি জেলা প্রশাসনকে জানিয়েছি এবং সাইবার ক্রাইমকে জানিয়েছি। তারা তদন্ত করে রিপোর্ট দেওয়ার অপেক্ষায় আমরা রয়েছি। আমাদের আইডেন্টিফিকেশন কনফারমেশন না হওয়ার আগে পর্যন্ত এখনই কিছু বলা উচিত নয়। তবে শুক্রবার বেলা ১.৪০-৪২ নাগাদ যখন বিষয়টা আমরা শুনেছি, তখন সবাই ভেতরে ছিল। বাইরে তখন এসবের কি প্রয়োজন, তা আমাদের জানা নেই। তবে কোথাও একটা টুইট হয়েছে। সেই টুইটের প্রেক্ষিতে বলা যায়, পরীক্ষার্থীদের ওপর নয় এবং পরীক্ষার ওপরও কোন প্রভাব এর জন্য পড়েনি। সোর্স আইডেন্টিফাই করতে আমাদের ১২ ঘণ্টার মত সময় লেগেছে। আমাদের সহকর্মীরা যেভাবে কাজ করছেন, তার জন্যই এটা সম্ভব হয়েছে।' মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি শনিবার দুপুরে একে একে মীরাপলাশী হাইস্কুল, বেথুয়াডহরি জেসিএম হাইস্কুল, ধুবুলিয়া সুভাষিনী হাইস্কুল এবং পরে বেলা প্রায় দেড়টা নাগাদ স্টেশন রোডে মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র নবদ্বীপধাম বিদ্যাপীঠ পরিদর্শনে আসেন। পরিদর্শন শেষে নবদ্বীপে মাধ্যমিক পরীক্ষার সেন্টার ইনচার্জ বিজন কুমার সাহা কে পাশে নিয়ে সন্তোষ প্রকাশ করে বলেন, 'আমাদের খুব ভালো লাগছে। আমাদের নির্দেশিকা মেনে শিক্ষক সহকর্মীরা, প্রশাসন এবং কনভেনাররা সবকিছু নিয়ম মেনে ভালোভাবে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছেন। তবুও আমি নিজের চোখে সেটা দেখে গেলাম। নিজের চোখে দেখা আর শোনার সঙ্গে অনেক তফাৎ। সত্যি আমার খুব ভালো লাগছে।'

নবজাতক সন্তানকে নিয়ে হাসপাতালে পরীক্ষা দিল মা



দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ ফেব্রুয়ারি ঃ কালচিনি ব্লকের লতাবাড়ি হাসপাতালে শনিবার সদ্যোজাত সন্তানকে কোলে নিয়ে মাধ্যমিক পরীক্ষা দিল মা । কালচিনি ব্লকের হাসিমারা হিন্দি হাই স্কুলের ছাত্রী এবছরের মাধ্যমিক পরীক্ষার্থী স্নেহা কগুললা গতকাল রাতে তার প্রসব যন্ত্রণা ওঠে পরিবারের সদস্যরা গতকাল রাতে তাকে লতাবাড়ি হাসপাতালে ভর্তি করান এবং গতকাল রাতেই পুত্র সন্তান প্রসব করে। শনিবার লতাবাড়ি হাসপাতালের বেডে বসে মাধ্যমিক পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করে প্রশাসন এবং সদ্যোজাতকে কোলে নিয়ে মাধ্যমিক পরীক্ষা দেয় স্নেহা।

অন্ডালে আগ্নেয়াস্ত্র সহ ধৃত ২, নজরদারিতে নাকা চেকপোষ্টে বসল ক্যামেরা

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ২৫ ফেব্রুয়ারি ঃ দরজায় কড়া নাড়ছে রাজ্যে পঞ্চায়েত নির্বাচন। গত পঞ্চায়েত নির্বাচনে অশান্তি দগ দগে ঘা এখনও রাজ্যবাসীর চোখে মুখে আতঙ্কের প্রভাবে ফেলেছে। আর তাই শিল্পাঞ্চলে কড়া নজরদারি তৎপর হল আসানসোল-দুর্গাপুর কমিশনারেট পুলিশ। ইতিমধ্যে অন্ডালের বহুলায় পুলিশি অভিযানে আগ্নেয়াস্ত্র সহ ধরা পরল দুই দুস্কৃতি। আবার বীরভুম সিমানায় কড়া নজরদারিতে পান্ডবেশ্বর অজয় নদী ব্রিজ সংলগ্ন নাকা চেকিংয়ে বসানো হল সিসি ক্যামেরা। প্রসঙ্গত, গত পঞ্চায়েত নির্বাচনের রাজ্যজুড়ে হিংসা ও তুমুল অশান্তির অভিযোগ উঠেছিল। যার বেশীরভাগ অভিযোগ ছিল বীরভূম ও ঝা।খন্ড থেকে বহিরাগতদের দিয়ে অশান্তির বাতারবরন তৈরী করা হয়েছিল। আর কয়েকমাস পরই আবার রাজ্যে পঞ্চায়েত নির্বাচন। ইতিমধ্যে শিল্পাঞ্চলজুড়ে কড়া নজরদারিতে তৎপর কমিশনারেট পুলিশ। সীমান্তবর্তী এলাকায় যেমন নাকা চেকিংয়ে গুরুত্ব বেড়েছে। তেমনই সক্রিয় রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স। শুক্রবার রাত্রে গোপনসুত্রে খবর পেয়ে অন্ডালের বহুলার ভিখারি ধাওড়া এলাকায় অভিযান চালায় পুলিশ। তল্লাশীতে দেশী পাইপগানসহ দুই দুস্কৃতি পুলিশের জালে ধরা পড়ে। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের নাম জয় দাস (১৯) ও দেবু মেহরা (২০) । তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে একটি গুলি ভর্তি পাইপ গান ও দুটি থ্রি নট থ্রি কার্তুজ। এদিন গভীর রাতে বহুলার ভিখারি ধাওড়া এলাকায় টহলদারির সময় ধৃত দু'জন যুবকের গতিবিধি সন্দেহ হয় পুলিশের। তাদের আটক করে তল্লাশি চালানোর সময় উদ্ধার হয় একটি দেশী পাইপ গান ও দুটি কার্তুজ। তারপরই পরই তাদের গ্রেফতার করা হয়। শনিবার দু'জনকে দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাদের জামিন খারিজ করে দেন। কি উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র নিয়ে ঘুরছিল, ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। অন্যদিক, সিমান্তবর্তী নাকা চেকপোষ্টে নজরদারিতে বসানো হল সিসি ক্যামেরা। পাণ্ডবেশ্বরের অজয় নদীর ব্রিজে বসানে হয় স্বয়ংক্রিয় ক্যামেরা। অজয় নদীর প্রান্তে পশ্চিম বর্ধমান, অন্যপান্তে বীরভূম। দুই সীমান্তবর্তী জেলার মাঝে অজয় সেতুর সামনে রয়েছে নাকা চেকিং পোষ্ট । সীমান্তে নজরদারি রাখার জন্য এই নাকা চেকিং পোস্ট টি খুবই গুরুত্বপূর্ণ। কারণ পাচার ও দুস্কৃতীমূলক কার্যকলাপ করে সহজেই এক জেলা থেকে অন্য জেলায় গিয়ে অপরাধীদের পক্ষে গা ঢাকা দেওয়া সহজ। ফলে সর্বদা এই নাকা চেকিং এ তপর থাকতে হয় পুলিশ আধিকারিকদের। শনিবার সেখানে একটি এএনপিআর ক্যামেরা লাগানো হয়।

Tender ID
1)2023_ZPHD_482623_1
2)2023_ZPHD_482589_1
3)2023_ZPHD_482679_1
4)2023ZPHD_482699_1
Bid start Date:-25.02.2023at 17pm. Bid close Date: 06.03.2023at 17pm. Bid Opening Date(Technical):-09.03.2023.
Sd/- Prodhan
Simulpur Gram Panchayat

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHBAN, BIDHANNAGAR
NIT No. 1891/PWD(BMC)(3 rd Call), Date-24/02/2023 e-Tender has been invited for Construction of Cover Drain and road at Different location in Ward no. 2, 5,6,7,9,10,11,12, 18 under BMC (Paray Samadhan scheme) For details, please follow (i) (Tender ID 2023_MAD_481402_1 and 22) in www.wbtenders.gov.in, office Notice Board. Last date of Bid submission- (i) 07/03/2023 up to 3.00 p.m.
Sd/- Executive Engineer
Bidhannagar Municipal Corporation

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHBAN, BIDHANNAGAR
(i) NIT No. 1892/PWD(BMC)(3 rd Call), Date-24/02/2023 (ii) NIT No. 1902/PWD(BMC)(3 rd Call), Date-25/02/2023 e-Tender has been invited for (i) different type of Electrical Job in ward no. 34,38,40 under BMC, (ii) Construction of concrete road, Box Drain and kerb stone at Different location in Ward no. 20, 21, 22, 23,24,26,32,33,35,36,37,38,39 under BMC (Paray Samadhan scheme). For details please follow (i) Tender ID 2023_MAD_482458_1 and 4 (ii) Tender ID 2023_MAD_482498_1 to 23) in www.wbtenders.gov.in, office Notice Board. Last date of Bid submission- (i) 07/03/2023 up to 3.00 p.m. (ii) 08/03/2023 up to 3.00 p.m.
Sd/- Executive Engineer
Bidhannagar Municipal Corporation

Office of the Ramsagar Gram Panchayat
Ramsagar, Onda, Bankura
NOTICE INVITING e-TENDER No-04/2022-23, Memo No. 125/RGP/2023 Date: 22/02/2023
Pradhan, Ramsagar Gram Panchayat invites percentage rate e-Tender for 5 (five) nos. works. Last date of documents download and bid submission is 8 th March, 2023 at 18:30 hrs. For details please visit website https://wbtenders.gov.in.
Sd/- Pradhan
Ramsagar Gram Panchayat

Office of the Executive Officer
Purulia-I Panchayat Samity
Chakda, Purulia, West Bengal
E-mail –bdopurulia1@gmail.com
NOTICE INVITING E– TENDER No: WBPUR/EO/Niet-13/22-23
Date :- 25.02.2023
For and on behalf of Panchayats and Rural Development Department, Govt. of West Bengal, Executive Officer, Purulia-I Panchayat Samity,Purulia invites E-Tender in percentage rates for the work of Construction of PCC road from Chepu Mahato Pond to Kalimandir under Garafushra GP under Purulia-I Dev. Block. Documents Download / Sale Start Date from 25/02/2023 at 6:55 PM up to 13/03/2023 at 6:00 PM. Bid Submission Start Date from 25/02/2023 at 6:55 PM up to 13/03/2023 at 6:00 PM. Bid Opening Date (Technical) 16/03/2023 11:00 AM. For details please visit website: www.wbtenders.gov.in
Sd/- Executive Officer
Puncha Panchyat Samity

Office of The Balarampur Panchayat Samiti
PO-Rangadih, Dist-Purulia(W.B.), Pin-723143
Memo No. 120/EO/BLR/PS, Date-24.02.2023
NOTICE INVITING TENDER NO-WB/EO/BLR/PS/NIeT-21/2022-2023, Date:- 24.02.2023
E-Tender are invited by the undersigned from the bonafied contractors for 09 nos. Construction work under Balarampur Panchayat Samity. Period for downloading of bid documents 25.02.2023 from 9.00 A.M up to 13.03.2023 to 6:00pm. End date of submission of bid document up to 13.03.2023 to 6.00 pm. And the time & date of opening of Technical bid on 16.03.2023 at 10 A.M. The Financial bid to be notified. For details intending participants may contact to the office of the undersigned or visit website www.wbtenders.gov.in in any working day before the last date for submission of bid documents.
Sd/- Executive Officer
Balarampur Panchayat Samiti

পিএসজি ছেড়ে কোথায় যাবেন মেসি? মুখ ফসকে বলে ফেললেন প্রিয় বন্ধু

প্যারিস, ২৫ ফেব্রুয়ারিঃ লিওনেল মেসির সঙ্গে পিএসজির চুক্তি শেষের পথে। প্যারিসের ক্লাবটির সঙ্গে নতুন চুক্তি করবেন কি না জানা নেই। নয়তো মরসুম শেষেই প্যারিস ছেড়ে অন্য ক্লাবে ঠাঁই নিতে পারেন আর্জেন্টাইন তারকা। গেলে পিএসজি ছেড়ে কোথায় যাবেন তিনি? পুরনো ক্লাব বার্সেলোনায় ফিরবেন নাকি মেজর সকার লিগে খেলবেন। ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর মতো সৌদি আরবে পাড়ি দেবেন নাকি ইউরোপের অন্য কোনও ক্লাবে যাবেন মেসি, তা নিয়ে জল্পনার শেষ নেই। ফুটবলপ্রেমীদের উৎসুক প্রশ্নের উত্তরটা প্রায় দিয়েই ফেললেন মেসির পরম বন্ধু সর্গিও অ্যাগুয়েরো। কথায় কথায় মুখ ফসকে মেসির পরবর্তী গন্তব্যের খোলাসা করে দিয়েছেন অ্যাগুয়েরো। কী বলেছেন তিনি? উপরোক্ত মেসির সবকটি ক্লাবগুলিতে যাওয়ার সম্ভাবনার কথা

উড়িয়ে দিয়েছেন অ্যাগুয়েরো। প্রাক্তন ম্যাঞ্চেস্টার সিটি তারকা বলেছেন, ''নিউ ওয়েলসের হয়ে খেলার বিষয়ে ও সিরিয়াসলি ভাবনাচিন্তা করছে।'' শৈশবের ক্লাব নিউওয়েলস ওল্ড বয়েসে ফুটবলে হাতেখড়ি মেসির। রোসারিওর ক্লাব নিউওয়েলস ওল্ড বয়েসের হাত ধরেই ফুটবলে অভিষেক হয় এলএম টেনের। ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত পাঁচটা বছর সেখানেই কাটিয়েছেন তিনি। তারপর যোগ দেন বার্সেলোনায়। শৈশবের ক্লাব ছেড়ে এলেও মায়া কাটাতে পারেননি কোনওদিন। শৈশবের ক্লাবে খেলে কেরিয়ারে ইতি টানা ইচ্ছে প্রকাশ করেছিলেন বহুদিন আগে। নিজেকে ক্লাবটির সবচেয়ে বড় সমর্থক বলে দাবি করেন। অ্যাগুয়েরোর মতে, ক্লাব কেরিয়ারের বিষয়ে সেদিকেই নাকি এগোচ্ছেন মেসি। অ্যাগুয়েরোর 'স্লিপ অব দ্য টাং' নিয়ে মেসির তরফে কিছু প্রতিক্রিয়া পাওয়া না গেলেও প্রাক্তন লিভারপুল তারকা ম্যাক্সি রড্রিগেজ মুখ খুলেছেন। তিনি বলেন, ''কুন একইরকম রয়ে গেল। ওর পেটে কোনও কথা থাকে না। দেখা যাক কী হয়। আসলে এই বিষয়ে এখনই কোনও কথা বলা সম্ভব নয়। তাহলে বড় জল্পনার সৃষ্টি হবে। তাতে আসল সত্যিটা চাপা পড়ে যাবে।''

'এত করেও আমি ব্যর্থ অধিনায়ক'

আক্ষেপ ঝরে পড়ল বিরাটের গলায়

বেঙ্গালুরু, ২৫ ফেব্রুয়ারিঃ তিনি নাকি 'ব্যর্থ অধিনায়ক'। কারণ অধিনায়ক হিসেবে তাঁর নামে পাশে নেই কোনও আইসিসি ট্রফি জয়ের নজির। মহেন্দ্র সিং ধোনির যোগ্য উত্তরসূরী যাঁকে ভেবেছিল ক্রিকেট বিশ্ব, সেই বিরাট কোহলি দেশকে আইসিসি ট্রফি জয়ের দোরগোড়া পর্যন্ত নিয়ে যেতে পেরেছেন। কিন্তু দেশবাসীকে কাপ তুলে নিতে পারেননি। ২০১৩ সালের পর থেকে ভারতের আইসিসি ট্রফি জয়ের অনন্ত অপেক্ষা চলছে। এরই মধ্যে সব ফরম্যাটের নেতৃত্ব থেকে সরে দাঁড়িয়েছেন বিরাট কোহলি। তাই কোহলির নামের পাশে অনায়াসে 'ব্যর্থ ক্যাপ্টেন' তকমা বসিয়ে দিয়েছেন আম সমর্থক থেকে বিশেষজ্ঞরা। এখানেই আক্ষেপ প্রাক্তন অধিনায়কের। 'এত করলাম, তবুও ব্যর্থ'... আক্ষেপ ঝরে পড়েছে বিরাটের গলায়। অধিনায়ক হিসেবে আইসিসি ট্রফির ঝুলি শূন্য। বিষয়টি নিয়ে কী বলবেন? আরসিবির পডকাস্টে বিরাট বলেছেন, ''দেখুন, আমরা সবসময়ই জেতার জন্য মাঠে নামি। ২০১৭ সালে আমার নেতৃত্বে চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনাল খেলেছে ভারত। ২০১৯

সালের সেমিফাইনাল। আমি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে দেশকে নেতৃত্ব দিয়েছি। ২০২১ সালের টি-২০ বিশ্বকাপে নেতৃত্ব দিয়েছি (নকআউটে পা রাখতে পারেনি)। তিনটি আইসিসি টুর্নামেন্টে (আসলে চারটে) নেতৃত্ব দিয়েও আমি ব্যর্থ অধিনায়ক। নিজেকে কখনও এভাবে বিচার করিনি। যা সাফল্য পেয়েছি সবটাই দল হিসেবে।'' ক্যাপ্টেন হিসেবে না হলেও খেলোয়াড় হিসেবে আইসিসি ট্রফি জয়ের স্বাদ পেয়েছেন বিরাট। ২০১১ সালের ওডিআই বিশ্বকাপ টিমে ছিলেন তিনি। বিশ্বকাপজয়ী দলের অংশ হতে পেরে নিজেকে ভাগ্যবান মনে করেন। পডকাস্টে বিরাট বলেন, ''ক্রিকেটার হিসেবে আমি বিশ্বকাপ জিতেছি। চ্যাম্পিয়ন্স ট্রফিও জিতেছি। সেদিক থেকে দেখতে গেলে এমন অনেকেই রয়েছেন যাঁরা কখনও বিশ্বকাপ জিততে পারেননি। সত্যি বলতে কি, আমি ২০১১ সালের বিশ্বকাপ দলের অংশ হতে পেরে নিজেকে ভাগ্যবান মনে করি। সচিন তেন্ডুলকরের সেটি ষষ্ঠ বিশ্বকাপ ছিল এবং তাঁর হাতে কাপ উঠেছিল।''

রাহুল নয়, জাডেজাকে সহ অধিনায়ক চান হরভজন

নয়াদিল্লি, ২৫ ফেব্রুয়ারিঃ লোকেশ রাহুলকে নিয়ে অসন্তোষ বাড়ছেই। একাধিক প্রাক্তন ক্রিকেটার তাঁকে একাদশে দেখতে নারাজ। লাগাতার ব্যর্থতার পরও তাঁকে খেলিয়ে যাওয়া হচ্ছে। এমনকী সহ অধিনায়কও রাখা হয়েছে রাহুলকে। ব্যাটে রান না থাকলেও টিম ম্যানেজমেন্ট ভরসা রাখছে রাহুলের উপরই। অথচ অনবদ্য ছন্দে থাকা শুভমন গিলকে রিজার্ভ বেঞ্চেই কাটাতে হচ্ছে। যা নিয়ে প্রবল ক্ষুব্ধ দেশের অনেক প্রাক্তন ক্রিকেটারই। বর্ডার-গাভাসকর ট্রফির প্রথম দুটি টেস্টই জিতেছে ভারত। নাগপুরে ইনিংস ও ১৩২ রানের বিশাল ব্যবধানে জেতে ভারত। দিল্লি টেস্টে ভারতের জয় ৬ উইকেটে। রাহুলের অবশ্য ফর্মে ফেরার কোনও ইঙ্গিত নেই। ৩০-এর ব্যাটিং গড় নিয়েও দলে জায়গা ধরে রেখেছেন। ১ মার্চ ইন্দোরে শুরু বর্ডার-গাভাসকর ট্রফির তৃতীয় টেস্ট। তার আগে রাহুলকে সরিয়ে অলরাউন্ডারকে সহ অধিনায়ক করার বার্তা দিলেন ভারতের প্রাক্তন ক্রিকেটার হরভজন সিং। বর্ডার-গাভাসকর ট্রফিতে ২-০ এগিয়ে ভারত। ইন্দোরে তৃতীয় ম্যাচ জিতলে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল নিশ্চিত হয়ে যাবে ভারতের। ইন্দোর টেস্ট সে কারণেই ভারতের কাছে অনেক বেশি গুরুত্বপূর্ণ। ভারতের কিংবদন্তি অফস্পিনার হরভজন সিং মনে করছেন, এই ম্যাচে লোকেশ রাহুলকে বাদ দিয়ে শুভমন গিলকে খেলানো উচিত। লোকেশ রাহুল ভারতীয় দলের সহ অধিনায়কও। তাঁর পরিবর্তে রবীন্দ্র জাডেজাকে সহ অধিনায়ক করার কথা বলছেন ভাজ্জি। ইউটিউব চ্যানেলে হরভজন বলেন, ''ভারত সিরিজে ২-০ এগিয়ে। ঘরের মাঠের সুবিধা কাজে লাগিয়েছে ভারত। দলের ক্ষেত্রে বলতে চাই, লোকেশ রাহুলের পরিবর্তে শুভমন গিলকে খেলানো উচিত। গত দু-তিন মাস শুভমন যে ভাবে পারফর্ম করেছে, তাতে ওর সুযোগ পাওয়া উচিত। এ ছাড়া একাদশে আর কোনও পরিবর্তন দেখছি না।'' তেমনই সহ অধিনায়ক প্রসঙ্গে হরভজন বলেন, ''এমন কাউকেই সহ অধিনায়ক করা উচিত যাঁর একাদশে জায়গা নিশ্চিত। দেশে খেলা হোক কিংবা বিদেশে। আমার মতে যে কোনও পরিস্থিতি, পরিবেশেই রবীন্দ্র জাডেজা একাদশে থাকার যোগ্য। তাকেই সহ অধিনায়ক করা উচিত। ওকে বাড়তি দায়িত্ব দিলে আখেরে দলেরই লাভ হবে।''

২ বছরের চুক্তিতে মার্সেলো ফিরলেন ব্রাজিলের ক্লাবে

রিও ডি জেনেইরো, ২৫ ফেব্রুয়ারিঃ যে ক্লাব থেকে উত্থান হয়েছিল এক সময়, সেই ক্লাবেই আবার ফিরলেন মার্সেলো ভিয়েইরা। ফ্লুমিনেন্সের যুব দল থেকেই উত্থান হয়েছিল তাঁর। ২০০৫ থেকে ২০০৭ সাল পর্যন্ত ব্রাজিলের ক্লাবে থেকেই শুরু করেছিলেন পেশাদারি ফুটবল। দুটো মরসুমে মোট ৩০টা ম্যাচ খেলেছিলেন লেফটব্যাক।

সেখান থেকেই চলে গিয়েছিলেন রিয়াল মাদ্রিদে। স্পেনের ওই ক্লাবের হয়ে কিংবদন্তি হয়ে যাওয়া, সাফল্যের মধ্যাকাশে উঠে পড়া, রিয়ালের ইতিহাসে চিরকালীন ছাপ রাখা। সেই মার্সেলো ফিরলেন নিজের পুরনো ক্লাবেই। ২ বছরের চুক্তিতে সই করলেন তিনি। এর মাঝে অলিম্পিয়াকোসে খেলেছেন কিছুটা সময়। তবে গ্রিসের ক্লাবে সে ভাবে মানিয়ে নিতে পারেননি। ৩৪ বছরের ফুটবলার তাই ফিরলেন ব্রাজিলের ক্লাবেই।

ডায়ানার রোষের মুখে হরমনরা

'টাকার বেলায় ছেলেদের সমান, খেলার বেলায় বিগ জিরো'!

মুম্বই, ২৫ ফেব্রুয়ারিঃ ২০১৭ থেকে ২০২৩ পর্যন্ত সেই এক কাহিনী। কখনও সেমিফাইনাল, কখনও বিশ্বকাপের ফাইনাল থেকে ছিটকে গিয়েছে ভারতের মহিলা ক্রিকেট দল। সম্প্রতি টি-২০ বিশ্বকাপের সেমিফাইনালে অস্ট্রেলিয়ার কাছে মাত্র ৫ রানে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে ভারত। ক্যাপ্টেন হরমনপ্রীত কৌরের অর্ধশতরানও ভারতকে ফাইনালে তুলতে পারেনি। শেফালি ভার্মা, রিচা শর্মাদের ক্যাচ মিসের ছড়াছড়ি ম্যাচ হারের অন্যতম কারণ। সব মিলিয়ে ভারতের মহিলা সিনিয়র দলের বিশ্বকাপ জয়ের অপেক্ষা আরও বাড়ল। বছরের প্রথমেই অনূর্ধ্ব ১৯ মেয়েদের ক্রিকেট দল বিশ্বকাপ জিতেছে। ভারতের মেয়েদের ক্রিকেটে সর্বপ্রথম আইসিসি ট্রফি সেটি। আশা ছিল, বোনেদের পর দিদিরাও কাপ হাতে দেশে ফিরবেন। কিন্তু সেমিফাইনালে অজিদের কাছে মাথা নোয়াতে হয়েছে ভারতকে। সেমিফাইনালে আশাভঙ্গ হওয়ায় শাস্তিস্বরূপ হরমনপ্রীত কৌর অ্যান্ড কোম্পানিকে ডান্ডা দিয়ে পেটানোর নিদান দিলেন প্রাক্তন ক্রিকেটার ডায়না এডুলজি। রীতিমতো বকে দেওয়ার ভঙ্গিতে তিনি বলেছেন, ''ওদের এ বার ডান্ডার প্রয়োজন। তোমরা বিসিসিআইয়ের কাছে সব

সুযোগ সুবিধা পাচ্ছ। পুরুষ টিমে সমান আয় করছ। অথচ প্রতিবার জেতা ম্যাচ হেরে ফিরে চলে আসছ। হেরে চলে আসাটা অভ্যাসে পরিণত হয়েছে। বিসিসিআইকে কড়া পদক্ষেপ নিতে হবে। ভবিষ্যতের জন্য সঠিক স্ট্র্যাটেজি নেওয়া প্রয়োজন। দলের মধ্যে তারকা সংস্কৃতি বন্ধ করা প্রয়োজন রয়েছে।'' হরমনপ্রীতকেও ধুয়ে দিয়েছেন ডায়না। ক্যাপ্টেনের রান আউট নিয়ে বলেছেন, ''ও ভেবেছে ব্যাট আটকে গিয়েছে। কিন্তু ভালোভাবে দেখলে বোঝা যাবে দ্বিতীয়বার দৌড়ে আসার সময় ওকে দেখে মনে হচ্ছিল জগিং করছে। তুমি জানো তোমার উইকেট খুব গুরুত্বপূর্ণ অথচ রিল্যাক্স হয়ে দৌড়াচ্ছ। জিততে হলে পেশাদার ক্রিকেট খেলতে হবে। পেরি ডাইভ দিয়ে দুই রান বাঁচিয়ে দিল। একেই বলে পেশাদারিত্ব।'' মেয়েদের দলের জন্যও ইয়ো ইয়ো টেস্ট চালু করার দাবি করেছেন তিনি। ডায়ানার কথায়, ''অনূর্ধ্ব ১৯ দলের ক্রিকেটাররা সিনিয়রদের থেকে বেশি ফিট। ওরা ফাইনালের চাপ সামলে নিয়েছে। বিসিসিআইকে ক্রিকেটারদের ফিটনেসের দিকটা দেখা উচিত। মেয়েদের জন্য ইয়ো ইয়ো টেস্ট বেশ কঠিন। ১৫ জনের মধ্যে ১২ জনই টেস্ট উতরোতে পারবে না।''

ভারতকে জব্দ করতে এবার দুর্ধর্ষ অলরাউন্ডার এল অস্ট্রেলিয়া দলে! বিন্দাস মেজাজে ভারত

ইন্দোর, ২৫ ফেব্রুয়ারিঃ নাগপুর এবং দিল্লিতে তিন দিনের মধ্যে অস্ট্রেলিয়াকে উড়িয়ে দিয়েছিল ভারত। লজ্জাজনক পরাজয়ের পর এই মুহূর্তে তিন নম্বর টেস্টে কিভাবে সম্মান পুনরুদ্ধার করা যায় সেই চেষ্টায় ক্যাঙ্গারু ব্রিগেড। প্যাট কামিন্স, হ্যাজেলউড নেই। অজি শিবিরের জন্য এল কিছুটা স্বস্তির খবর। তৃতীয় টেস্টে দলে ফিরছেন তাদের তারকা অলরাউন্ডার ক্যামেরন গ্রিন। আপাতত ১০০ শতাংশ ফিট তিনি। গ্রিনের সুস্থতার পাশাপাশি আরও ভাল খবর রয়েছে অজিদের জন্য। তাদের পেস বোলিংয়ের সেরা অস্ত্র মিচেল স্টার্কও সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছেন। ফলে তৃতীয় টেস্টে তাঁকেও খেলতে দেখা যেতে পারে। হাতের আঙুল ভেঙে যাওয়ার কারণে এতদিন দলের বাইরে রয়েছেন গ্রিন। বক্সিং ডে টেস্টের খেলা চলাকালীন গত বছর মেলবোর্নে হাতে চোট পান

তিনি। এনরিখ নরকিয়ার একটি বলে আঙুলে চোট পেয়েছিলেন ২৩ বছর বয়সি অলরাউন্ডার। গ্রিন জানিয়েছেন, আমি গত টেস্টে খেলার খুব কাছাকাছি ছিলাম। তবে আমি মনে করি হাতে অতিরিক্ত একটা সপ্তাহ পেয়ে যাওয়াতে বিষয়টা আমাকে বেশি সাহায্য করেছে। আরও বেশি ফিট হয়েই আমি তৃতীয় টেস্টে নামব। আমি একশো শতাংশ উজাড় করে দেওয়ার জন্য তৈরি রয়েছি। গ্রিন টি-টোয়েন্টি ক্রিকেটে এর আগে ভারতের বিরুদ্ধে খেলেছেন। সেখানে ওপেন করতে নেমে দারুণ আক্রমণাত্মক ব্যাটিং করতে দেখা গিয়েছিল তাকে। হাতে প্রচন্ড মার আছে। উচ্চতা ভাল হওয়ার কারণে দারুণ বাউন্স আদায় করে নিতে পারেন উইকেট থেকে। তবে ভারতের পক্ষ থেকে অশ্বিন এবং রবীন্দ্র জাদেজা যে ফর্মে রয়েছেন তাতে তাদের স্পিন বোলিংয়ের সামনে কতটা টিকতে পারবে অস্ট্রেলিয়ান এই তরুণ অলরাউন্ডার সেই প্রশ্ন থাকবেই। কারণ টি-টোয়েন্টিতে সাফল্য পাওয়া আর টেস্ট ক্রিকেটে রান করা এক জিনিস নয়। তাই গ্রিন অস্ট্রেলিয়া দলে এলেও তার সম্পর্কে খুব একটা চিন্তিত নয় ভারতীয় শিবির।

সানরাইজার্সের নতুন 'হোপ' হ্যারি ব্রুক

হায়দরাবাদ, ২৫ ফেব্রুয়ারিঃ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের নতুন মরসুম শুরু হতে এখনও বেশ কিছু দিন বাকি। এখন থেকেই যেন নতুন স্বপ্ন দেখতে শুরু করেছে সানরাইজার্স হায়দরাবাদ সমর্থকরা। সৌজন্যে হ্যারি ব্রুক। ইংল্যান্ডের এই তরুণ ক্রিকেটার স্বপ্নের ফর্মে রয়েছেন। যদিও সেটা টেস্ট ক্রিকেটে। লাল বলের ক্রিকেটে ৯ ইনিংসে ৪টি শতরান! বিশাল ইনিংস খেলছেন। টেস্ট ক্রিকেটেও যেন টি-টোয়েন্টির মেজাজে। স্ট্রাইকরেট প্রায় একশোর কাছাকাছি। ব্যাটিং গড় একশোর উপর। কেরিয়ারের প্রথম ৯ টেস্ট ইনিংসে ছাপিয়ে গিয়েছেন ৮০০ রানের মাইলফলক। টেস্ট ক্রিকেটের ইতিহাসে যা প্রথম। একটা সময় টেস্ট ক্রিকেট মানেই মনে করা হত, ক্রিজে পড়ে থাকা। বর্তমান ইংল্যান্ড দল সেই ধারনার বিপরীতে চলছে। টেস্ট ক্রিকেটের আকর্ষণ বাড়ছে তাদের খেলার ধরনে। আর এর জন্য অনেকটা কৃতিত্ব প্রাপ্য তরুণ হ্যারি ব্রুকের। সানরাইজার্স হায়দরাবাদের ক্ষেত্রে একটা সমস্যা দেখা যেত, তাদের মিডল অর্ডার। পাওয়ার হিটারের অভাব। কখনও শুরুটা ভালো হলে, শেষটাও ভালো হত। শুরু ভালো না হলে হাল ধরার লোকের অভাব। এ বার মিনি অকশনে হ্যারি ব্রুককে ১৩.২৫ কোটি টাকায় নিয়েছে সানরাইজার্স হায়দরাবাদ। সে সময় অবশ্য এতটা আশাবাদী হওয়া যাচ্ছিল না। অনেকের কাছেই মনে হয়েছিল, এত দাম দিয়ে হ্যারি ব্রুকের জন্য কেন ঝাঁপানো! টি-টোয়েন্টি বিশ্বকাপেও তাঁর পারফরম্যান্স আশানুরূপ নয়। যত দিন যাচ্ছে, খেলার মান বাড়ছে ব্রুকের। পাকিস্তানের পর নিউজিল্যান্ড সফরেও তাঁর একের পর এক দুর্দান্ত ইনিংস। সানরাইজার্স সমর্থকরা সোশ্যাল মিডিয়ায় আনন্দে আত্মহারা হ্যারিকে নিয়ে। অনেকেই মনে করছেন, ভারতে নিজস্ব ফ্যান বেসও তৈরি করে ফেলবেন ইংল্যান্ডের এই ক্রিকেটার। বিদেশি ক্রিকেটারদের মধ্যে এবি ডিভিলিয়ার্স, গ্লেন ম্যাক্সওয়েল, ডেভিড ওয়ার্নারদের ব্যাপক জনপ্রিয়তা রয়েছে। সেই দলে নাম লেখাতে পারেন হ্যারি ব্রুকও। আর তাতে লাভ হবে সানরাইজার্সেরই। শুরুতে অধিনায়ক এডেন মার্করাম, অভিষেক শর্মা, রাহুল ত্রিপাঠীরা ভালো পারফর্ম করতে পারলে, মিডল অর্ডারে থাকছেন হ্যারি ব্রুক।

পরিবারকে খুনের হুমকি! ঘুম উড়েছে ইপিএলের কোচের

লন্ডন, ২৫ ফেব্রুয়ারিঃ দলের পারফরম্যান্স ভালো নয়। দীর্ঘ সময় থেকেই তাঁকে ছাটাইয়ের সম্ভাবনা। এরই মাঝে অজ্ঞাত পরিচয় ব্যক্তিরা লাগাতার তাঁর পরিবারকে খুনের হুমকি দিয়ে যাচ্ছে। ঘরে বাইরে প্রবল চাপে ঘুম উড়েছে চেলসি কোচ গ্রাহাম পটারের। ইংলিশ প্রিমিয়ার লিগে এ বারের মরসুমে পারফরম্যান্স একে বারেই ভালো নয় চেলসির। এই ক্লাবের ফ্যান বেস অনেক বেশি। ম্যাঞ্চেস্টারের দুই ক্লাব, আর্সেনাল, লিভারপুলের সঙ্গে ইংলিশ প্রিমিয়ার লিগের অন্যতম জনপ্রিয় ক্লাব চেলসি। শেষ ১৪ ম্যাচে মাত্র ২ ম্যাচে জিতেছে তারা। সে কারণেই কি এমন হুমকি আসছে? কারণ যাই হোক। চেলসির কোচের পরিবারকে যে ভাবে খুনের হুমকি দেওয়া হচ্ছে তাতে ইংলিশ ফুটবলে অস্বস্তির হাওয়া। প্রিমিয়ার লিগে এ বার পয়েন্ট টেবলে দশম স্থানে রয়েছে চেলসি। গত বছরের শেষ থেকেই কোচ গ্রাহাম পটারকে বরখাস্ত করার ভাবনা ছিল টিম ম্যানেজমেন্ট। চেলসি ফের জয়ে ফেরায় তখনকার মতো বিষয়টি থিঁতিয়ে যায়। তবে ধারাবাহিকতা বজায় রাখতে পারেনি চেলসি। এর ফলেই সাম্প্রতিক ঘটনা বলে মনে করা হচ্ছে। চেলসি কোচ গ্রাহাম পটার সাংবাদিকদের বলেন, ''আমাকে যতটা সমর্থন করা হয়, তেমনই কিছু ই-মেইল একেবারেই প্রত্যাশিত নয়। কিছু মানুষ চায় আমার সন্তানদের মৃত্যু হোক। এরকম ধরনের ই-মেল নিঃসন্দেহে আনন্দদায়ক নয়।''

চেলসির আগে ব্রাইটনের কোচিং করিয়েছেন গ্রাহাম পটার। এমন পরিস্থিতিতে পড়তে হয়নি। তবে চেলসি তুলনামূলক বড় ক্লাব। এখানে চাপ বেশি থাকবে এটাই প্রত্যাশিত। গত সেপ্টেম্বরে থমাস তুচেলকে সরিয়ে গ্রাহাম পটারকে চেলসির দায়িত্ব দেওয়া হয়। সেই থেকে ২৫ ম্যাচের মধ্যে ৯টি ম্যাচ জিতেছে চেলসি। গ্রাহাম পটার আরও বলছেন, ''চ্যালেঞ্জ নিতে পিছপা হই না। তবে এমন পরিস্থিতিতে নিজেকে কী ভাবে সামলাবো? এটাই হয়তো জীবন। যত উঁচুতে উঠব, এ ভাবেই চাপ বাড়তে থাকবে।'' উপস্থিত সকলকে পাল্টা প্রশ্ন করেন, ''আপনি নিজের কাজে গেলেন, লাগাতার যদি কটুক্তি করা হয়, নিজের কাজটা ঠিকঠাক করা সম্ভব?''

মেসির সম্মানে বিদায়ী ম্যাচ বার্সেলোনার!

বার্সেলোনা, ২৫ ফেব্রুয়ারিঃ ৯ বছর বয়সে পা দিয়েছিলেন ক্লাবে। বাকিটা ইতিহাস। ওই ফুটবলারকে তৈরি করা এবং সাফল্যের আকাশে নিয়ে যাওয়া, সব কিছুর সঙ্গেই নিবিড় যোগ বার্সেলোনার। ২০২১ সালে চোখের জলে বিদায় নিয়েছিলেন ক্লাব থেকে। সেই লিওনেল মেসিকে এ বার সংবর্ধনা দিতে চলেছে বার্সা। মেসির জন্য এক বিশেষ অনুষ্ঠানের অয়োজন করতে চলেছে স্প্যানিশ ক্লাব। যাতে তাঁর অগণিত ভক্ত, স্প্যানিশ ফুটবল, বিশ্ব ফুটবলের সামনে সম্মান জানানো যায়। কিন্তু, এই মুহূর্তে আরও একটা প্রশ্ন ঘুরে বেড়াচ্ছে। মেসি কি ফিরবেন তাঁর পুরনো ক্লাবে? কেরিয়ারের শেষ সময়টুকু বার্সার জার্সিতেই কাটিয়ে যেতে চান? কিন্তু ক্লাবের ডিরেক্টর্স বোর্ড মেসিকে ফেরানোর ব্যাপারে একেবারেই সম্মত নয়। ক্লাব যেমন জন্ম দিয়েছিল ফুটবলার মেসি, তেমনই মেসিও ফিরিয়ে দিয়েছেন ক্লাবকে। তাও বার্সার জার্সিতে হয়তো আর দেখা যাবে না মেসিকে। তারই মধ্যে এক অন্য উদ্যোগ নিতে চাইছেন ক্লাব কর্তারা। দীর্ঘ ২০ বছর মেসি ক্লাবকে যা দিয়েছে, তা ভোলেনি স্প্যানিশ ক্লাব। তাই এই প্রজন্মের অন্যতম সেরা ফুটবলারকে বিশেষ সম্মান দেবে বার্সেলোনা। একটি স্প্যানিশ সংবাদপত্রের খবর অনুযায়ী, ২০২৪ সালে বার্সেলোনা মেসির সম্মানে একটি ম্যাচ খেলা

হবে। যে ম্যাচের মধ্যে দিয়ে বিদায়ী সংবর্ধনা দেওয়ার হবে মেসিকে। ২০২১ সালে পিএসজিতে চলে যান মেসি। তা নিয়ে কম বিতর্ক ছিল না। তাই এই অনুষ্ঠান মুলতুবি আছে। তার মধ্যে আবার বার্সার হোম গ্রাউন্ড কাম্প ন্যু-তে ফিরতে চলেছে টিম। ওই স্টেডিয়ামের সংস্কার চলছিল। ২০২৪-২৫ মরসুমে আবার কাম্প ন্যু-তে ফেরার পর এই সংবর্ধনা ম্যাচটির আয়োজন করতে পারে বার্সেলোনা। এই মরসুমেই ১২৫ বছর পূর্তি হতে চলেছে বার্সেলোনার। মেসির বাবার সঙ্গে কথা বলার পর বার্সেলোনা ক্লাব প্রেসিডেন্ট জোয়ান লাপোর্তা এই সংবর্ধনার ব্যাপারে সম্মতি জানিয়েছেন। এ দিকে, নিজের নামে আরও একটি রেকর্ড গড়ার পথে মেসি। ইউরোপীয় ক্লাব ফুটবলে বর্তমানে তাঁর গোলের সংখ্যা ৬৯৯। ২৭শে ফেব্রুয়ারি মার্শেইয়ের বিপক্ষে যদি গোল করতে পারেন, ৭০০ গোলের ক্লাবে প্রবেশ করবেন এই আর্জেন্টাইন মহাতারকা। এ বছরই জুন মাসে পিএসজির সঙ্গে মেসির চুক্তির মেয়াদ শেষ হবে। পরের মরসুমে কোন ক্লাবে খেলবেন, ঠিক করবেন তিনি।যদিও মেসিকে আরও এক বছর ধরে রাখতে চায় প্যারিসের ক্লাব। এখন দেখার এটাই শেষ সিদ্ধান্ত হিসেবে মেসি কোন ক্লাবে যান। আবার কি তিনি আগের ক্লাবে ফিরে আসবেন সে বিষয়েও তৈরি হয়েছে জল্পনা।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501